

বঙ্গের সুখাবসান

নাটক।

শ্রীহরলাল রায় প্রণীত।



কলিকাতা।


নং ১১, কলেজ কোয়ার, রায় যন্ত্রেতা শ্রীবাব্রাম সরকার ধারা মুক্তিত।
সন ১২৮১ সাল।



বঙ্গের সুখাবসান

নাটক।

শ্রীহরলাল রায় প্রণীত।



নং ১১, কলেজ কোয়ার, রায় যন্ত্রে**র্চা** শ্রীবাব্রাম সরকার দারা মুদ্রিত। সন ১২৮১ সাল।

নাট্যোল্লিখিত ব্যক্তিগণের নাম।

পুরুষগণ।

বঙ্গাধিপতি। লাক্সণাসেন বিবাটসেন লাক্ষণ্যদেনের ভ্রাতম্পুত্র। वाक्रवास्मत्वत्र मञ्जी। মতেক হরি**প্র**সাদ মহেদ্রের জামাতাও বিরাটদেনের বন্ধ। বিরাটদেনের বন্ধ। ञानसभा গোবিন্দ ভট্টাচার্য্য ... लाक्षणारमञ्जूष शक्र ... মহেন্দ্রের অন্নগৃহীত ব্যক্তি। গোপাল মুসলমান সেনাপতি। বক্রিয়ার থিলিজি ... বক্তিয়ার খিলিজির দ্রাত্মপুত্র। যোৱাদ খিলিজি क्रथक । গ্রারাম •• •• গ্রারামের পুল। নিধিরাম সভাসদ্গণ, ভৃত্য, দৈনিক, দৃত ইত্যাদি।

ু স্ত্রীগণ।

রক্ষময়ী .. লাক্ষণ্যসেনের স্ত্রী।
সৌদামিনী .. মহেক্রের স্ত্রী।
মহীকুমারী .. হরিপ্রসাদের স্ত্রী।
অভয়া .. হরিপ্রসাদের মাতা।
পরিচারিকা।



প্রথম গর্ভাঙ্ক।

নবদ্বীপ রাজসভা। লাক্ষণ্য সেন, মহেন্দ্র, গোবিন্দ ভটাচার্য্য ও সভাসদ্গণ হায় স্থানে আসীন।

লাক্ষ। সভাসদ্গণ, অদ্য আমরা সকলেই সমান ছংথিত, কারণ শুদ্ধ একটা দীপের আলো নির্কাণ হয় নাই, স্থাংশু নিজেই চিরকালের নিমিত্ব অন্তমিত হয়েছেন। এমন মন্ত্রী, এমন বন্ধু, এমন মন্ত্র্যা পৃথিবীতে অতি হ্লভ। আমাকে রাজ্যভার বহনে দাহায্য করতে হিরণায় আর আস্বেন না।

মহে। কেনা আজ অগীয় মন্ত্রীবরের জন্য ছঃখিত ? অতি বড় লোকেও উাকে শ্রদ্ধা করত, অতি কুদ্র লোকেও তাঁকে ভাল বাসত।

গোবি। মহারাজ, সংসার সকলেরই পরিত্যাগ করতে হবে, অত্যে আর পশ্চাতে। মানব জাতি একটা স্রোতের ন্যায়, জ্ঞানেই প্রবাহিত হচ্ছে, বিরাম নাই। গুরুদেব, তুমি সতা। মন্থ্যের মনে জ্ঞানের অভাব শোক ছংগে পূর্ণ-করে।

লাক্ষ। অতি ছর্দিনেও যেমন স্থাদেব উদয় গিরি ছতে অস্তাচলে গমন করেন, তেমনই অত্যন্ত শোকাচ্ছন্ন হলেও নৃপতির অকার্য্য সমাধা করতে হয়। বাস্থকী ব্যতীত পৃথিবী থাকতে পারে না, মন্ত্রী ব্যতীত রাজ্য রক্ষা হর না, স্থতরাং অন্যাই হিরণ্যায়ের স্থলে অন্য কাহাকে নিযুক্ত করা উচিত। গোবি। অবশ্য।

লাহ্ম। আমি সেই শূন্যপদে মহেক্রকে নিযুক্ত করব মনন করেছি।
সভাসদ। মহারাজ, পদের যোগ্য পাত্র, পাত্রের যোগ্য পদ বটে।

লাক্স। মহেক্স, তুমি অন্ম পনের বংসর রাজকার্য্যে নিযুক্ত আছে, আর তোমার কার্য্য দক্ষতার আমার রাজ্য তোমার নিকট উপকৃত আছে, এখন আরও উপকৃত হতে চার। তোমাকে যে পদে নিযুক্ত করেছি সেই পদেই তুমি ঘশোভাজন হয়েছ। মহেক্স, তুমি বড় হতে জন্ম গ্রহণ করেছ। তুমি সকল পদের যোগ্য কিন্তু কোন পদই তোমার যোগ্য নয়। অদ্য তোমাকে রাজ্যের সর্কোচ্চ পদ প্রদান করলেম, স্থাসনে বঙ্গবাসীদিগকে স্থী

মহে। এ অধীনের প্রতি মহারাজের অসীম অমুগ্রহ। আন্য আমার মস্থকে যে সম্মান-ভার অর্পণ করলেন তার গুরুত্বে আমার সর্কা শরীর কম্পিত হচ্ছে। অধীনের মনের প্রধান ইচ্ছা এই, প্রজাগণের মুথ বৃদ্ধি করে মহা-রাজকে স্বাধী করি।

(नशर्थाः मृत्रः मृशीरल इत्र ।

গোবি। রাম! বাম! কি অমঙ্গল ধ্বনি! কলির চরমাবস্থা, দিবসে শিবা, রাত্রে বারস ডাকতে আরস্ক করেছে। বিনা মেঘে বক্সাঘাত, উকাপাত, রক্ত-বৃষ্টি, এ সকল কুলক্ষণ সর্বাদা দেখা যাছে।

লান্দ। আমজা হাঁ। হয় তো রাজ্যের কোন অমঙ্গল নিকট হয়েছে। ভগ-বান, আমার নীরিহ রাজভক্ত প্রজাবর্গকে বিপদগ্রস্ত করও না।

মছে। দেখানে রাজা প্রজার প্রতি সম্ভষ্ট, প্রজা রাজার প্রতি সম্ভষ্ট সে স্থান হতে জমকল দূরে থাকে।

গোবি। গুরুদেব, তোমার ইচ্ছা। মহারাজ, রাজ্যের ভাবি অমঙ্গল নিবারণার্থে শাল্লোক্ত অনুষ্ঠানাদির প্রতি যত্ত্ববান হওয়া অত্যন্ত কর্ত্তবা।

লাক্ষ। দেব, যেরপ আজা করেন এ দাস সেই রূপ করতেই প্রস্তুত।

গোবি। অন্য সোমাচার্য্য, বাচস্পতি প্রভৃতিকে অপরাহে আহ্বান করে আনাবেন, সকলে একত্র হয়ে ব্যবস্থা স্থির করা যাবে এখন। বিশ্ব উচিত নর। লাক্ষ। যে আজা, আপনাদের প্রসাদে আমরা দেবগণকে ভূট করতে পারি। দেবপ্রসাদে, মহেক্স, আর তোমার সাহাব্যে রাজ্য রক্ষা ও তাহার হিতসাধন করতে সক্ষম হব। মন্ত্রি, ভূমি সর্বাদা দেশবে প্রজার ইছে। কি, কারণ প্রজার ইছে। না জানলে প্রজারণকে ক্ষ্মী করা যায় না, আর প্রজারণ ক্ষমী না থাকলে রাজ্যের বল ক্ষম হয়।

১ম সভা। আহা, মহারাজ কি প্রজাবৎসল !

লান্ধ। ছটের শাসন যেরপ আবশ্যক, রাজকর্মচারীদিগকে শাসনাধীন রাথা তত্ত্বপ প্রয়োজনীয়; কারণ ছটের অন্যারাচরণ অপেকা ছটদমনকারীর অন্যায়াচরণ অধিক অসহনীয়। স্কৃতরাং বে রাজ্যে রাজকর্মচারিগণ স্বেছা-চারী সেথানে প্রজাগণ সর্বাদা অস্থা এবং সে রাজ্যের বলও ক্রমেই হ্রাস হতে থাকে। মন্ত্রি, রাজকর্মচারীগণের আচরণের প্রতি বিশেষ দৃষ্টি রাধবে।

মহে। মহারাজের আদেশ দাসের শিরোধার্য্য।

লান্ধ। মন্ত্রি, নিজ কর্মসাধনে রাজার মুধাপেকা করও না। তা হলে যদি রাজার অসজ্যেষভাজন হও, ভীত হবে না। প্রভুর মনস্তৃষ্টির জন্য অনেক রাজকর্মচারী প্রজাদিগকে অস্থী করে, স্বভরাং রাজ্যের বলও কর করে। রাজাকে ভয় করবে, ততোধিক অধর্মকে। রাজাকে মান্য করবে, ততোধিক ধর্মকে,। রাজার মনস্তৃষ্টি করবে, ততোধিক প্রজার স্থাবের প্রতি দৃষ্টি রাধবে।

মহে। মহারাজের উপদেশ হৃদয়ে চিরমুদ্রিত থাকবে।

লান্ধ। তুমি এ সমুদার জান, বলা পূর্ণ কলসীতে জল ঢালা মাত্র। যে আজন্ম কথনও পথ ভূলে নি, তাকে নৃতন পথে চলবের সময় সাবধান না করে দিলেও ক্ষতি নাই। মন্ত্রি, আমি বৃদ্ধ হয়েছি, আমি বংসর গত হয়েছে, শরীর আত্মার বাসের অযোগ্য হয়ে পড়েছে, ইচ্ছামত দেখতে পাইনে, ইচ্ছামত চলতে পারিনে।

মহে। আশি বংসরে মহারাজের বৃদ্ধি যেরপ তেজবিনী, অনোর বাট বংসরেও সেরপ থাকে না।

লান্ধ। না মন্ত্রি, আমার স্মরণশক্তি অত:ন্ত ভূর্মবা হয়ে পড়েছে। আমার অন্ন দিন এ পৃথিবীতে বাস করতে হবে, কিন্তু যে করেক দিন বাঁচি ভোষার চকু দারা আমার দেখতে হবে, তোমার হস্ত দারা আমার কার্য্য করতে হবে, তোমার সাহায্য আমার বল হবে। আমার অবর্ত্তমানে শিশু বিরাট রাজ। হবে। মন্ত্রি, বিরাটকে রক্ষা করও; অনেক মিত্রবেশী,শক্র আছে, তাদের মুরভিসদ্ধি হতে বিরাটকে রক্ষা করও।

. মহে। যুবরাজ একজন প্রবল প্রতাপারিত নরপতি হবেন, সন্দেহ নাই। লাল। দিপ্ত বিরাটকে যত্নের সহিত রক্ষা করও। যৌবনের স্বাভাবিক সারল্য শঠজনের হুরভিসন্ধি সাধনের সোপান হয়ে পড়ে।

মহে। যুবরাজ স্থবৃদ্ধি, স্থবিদ্ধান, সচ্চরিত্র, স্থবীর, তাঁর কেছ শত্রু হবে না; যদি হয়, থাকবে না। মহারাজ, যুবরাজ সম্বন্ধে এত আশদ্ধা কেন ?

লাক্ষ। তুমি মন্ত্ৰী হলে, এখন আশহা করা অন্যায় বটে। এখন সভা ভঙ্গ হক। মহেক্স, হিরগ্রয়ের পরলোক গমনে যেরূপ হৃঃথিত হয়েছি, ভোমাকে মন্ত্রী করে সেই রূপ স্থানী হলেম।

সকলে। আমরা সকলেই যৎপরোনান্তি স্থুখী হরেছি।

লান্দ্র। মহেক্স, নিয়োগ পত্র গ্রহণ কর। [নিয়োগ পত্র প্রদান। পরে সিংহাসন হইতে অবতরণ করিয়া গোবিন্দ ভট্টাচার্য্যকে প্রণাম করা।]

গোবি। মহারাজের মঙ্গল হক, রাজ্যের মঙ্গল হক।

[সকলে নিক্ৰাস্ত ।

দ্বিতীয় গৰ্ভাক্ষ।

নবদ্বীপ, মন্ত্রী-ভবন। মহেন্দ্রের প্রবেশ।

মছে। (স্বগত) আমি উচ্চতম পদে আরোহণ করেছি। ইছা পাবার পূর্বেম মনে যে তাব ছিল এখন আর সে তাব নাই। অশার বাড়ায়, ভোগে কমায়। আরও বড় হতে ইচ্ছা হচ্ছে। মহারাজ বললেন আমি বড় হতে জন্ম গ্রহণ করেছি—ঠিকই বলেছেন।এক অত্যুচ্চ শৃক্ষে উঠেছি, আর একটী উচ্চতর শুক্ষ সন্ধার্থ।কিন্তু সে শৃক্ষে আরোহণ করতে গেলে একটী স্রোত পার হতে হয়— স্রোতের অধিক, ভীবণ জল প্রপাত। সিংহাসন— তাতে লাল্বণ্যসন উপবিষ্ট, ব্যবহু ধর্ম উপবিষ্ট, কে আর তাতে অধিরোহণ করে? নিকটে বেতেই ভয়ে পা ভেঙ্গে পড়ে। বিশেষতঃ তিনিই আমাকে বড় করেছেন—কিন্তু আমার গুণ না থাকলে কে আমাকে বড় করতে পারত ? ছাইকে কে সোণা করতে পারে? বালাগ্যসন অপেন্ধা আপন গুণের কাছে আমার অধিক কুতক্ত হওরা উচিত। কেণকাল নিস্তের থাকিরা) ওটী হবে না—পারব না—করব না। অপেন্ধা করি—অমাদিন মাত্র—সম্পূর্ণ নির্বাণ হক। তথন বিরাট্যেন—বিরাট্যেন আমার নিকট কি? তার সঙ্গে আমার ত্লনা করতে ঘণা করে। সে রাজা হবে। মহেক্রের হাতে কি রাজদণ্ড অধিক শোভা পায় না? তবে রাজ্যহিষী—আমাদের প্রতি তাঁর মাতৃত্বেহ—তিনি মনে বেদনা পান এইটী না হলেই হল—তারও উপায় আছে—উপায় আপনিই হতে পারে—সহমরণ। কিন্তু বিরাটকে—সেটা হবে না—রক্তপাত প্রাণনাশ, এ সব পৃথিবীর সাম্রাজ্য লোভেও করতে পারব না। অন্য উপায় আছে—মূর্বে যেখানে কিছুই দেখে না, স্থবোধ ব্যক্তি সেখানে সহস্র পছা আবিছার করে।

র্সোদামিনীর প্রবেশ।

সৌদা। বলি, নৃতন বাড়ীতে প্রবেশ করে অবাক হরে রাতদিন কি তারই শোভা দেখতে হয়?

মহে। (চমকিত হইরা) কি বলছ?

সৌদা। ভনতে পাও নি না বুঝিরে দিতে হবে ?

মহে। তোমার কথা ওনেছি।

সৌদা। তবে বৃথিয়ে দিতে হবে? এদিন আমার স্বামীকে কিছুই বৃঞ্জে দিতে হর নি।

মহে। (হত্ত ধারণ করিরা) ন্ত্রী কি পুরুষ বার বৃদ্ধি নাই সেকি মাহর? তুমি কি সুবোধ, কি চতুর! আজ কাল আমার অন্যমনত্ব দেখছ ? ঠিক বটে। কিন্তু আমাকে তুমি এত হীন মনে কর কি যে আমি রাত্রিদিন নৃতন পদের বিষয় ভাবি? মন্ত্রীত পেরেছি, পেরেছি— মহেল্ল তাতে দিশেহারা হয় নি।

সৌদা। তুমি মন্ত্ৰী হবার পর বতবার তোমার নিকট এসেছি ভক্ত বারই এই ভাব। এর কারণ কি? বিনা বাতাদে চেউ উঠে না। কার্য্যের ভার বাড়ে পড়েছে বলে এমন হয়েছে ? কিন্তু হাজার কাজ পড়ুক তোমায় কৰন প্ৰকার চিন্তিত হতে দেখি নি।

মহে। (ঈবং হাল্য করিয়া) ত। হলে তোমার প্রণয়ের যোগ্য পারতেম না। তুমি যথন কথা কও তোমার দৌক্ষ্য্য যে কত বৃদ্ধি হর বায় না।

সৌদা। ছভাবনার কারণ তো কিছু হর নি?

মছে। না, না, না। গোপালের স্ত্রী তোমার সঙ্গে কথা কর নি ?

সৌদা। দেখ কি আন্যায় বলিছি, গোপালের শশুর মেদ্রের বে জি
আড়াই হাজার টাকা নেয় নি ? আমি বথার্থ কথা বলেছি তাইতে তার ব
অভিমান। কথা নাই কইলে নেই নেই, কিন্তু অভিমানমন্ত্রীর মনে করা উর্বিছল আমি কার স্ত্রী, ওর মত দশু গঙা দাসী রাখতে পারি।

মটে। তোমার অপমান করতে তার সাহস হল ?

সোদা। সে মনে করে যে সে ৰড় মানবের স্ত্রী, তাইতে এত ঠেকাং মহে। তোমার কথা তার বড় লেগেছিল, তাইতে এমন করেছে।

সৌলা। লাগে কেন? তার বাপ ধখন টাকা নিলে তখন লাগে নি? ৬ আর মুখ দর্শন করব না। তুমি ওর স্বোয়ামীকে আকাশে তুলেছ, তাইত গুলোর ফেটে মরে।

মহে। কিন্তু গোপাল অতি ষাটীর মান্থব। সে এ কথা শুনে স্ত্রীনে যৎপরোনান্তি তিরস্কার করেছে।

সৌদা। সে কি সামান্যি মেয়ে মানুষ যে স্বোয়ামীর কথায় তার মন নরম হবে?

মহে। বেলা তিন প্রহর অতীত হয়েছে, এখন রাজবাড়ী যেতে হবে।
মহারাজ একটু সকাল করে বেতে বলে দিরেছেন।

त्नोमा। তবে गाउ।

[यरहरस्कद्र श्रम्भान ।

পরিচারিকা সঙ্গে হরিনামের মালা হত্তে এক্ষমন্ত্রীর প্রবেশ। সৌদা। (সসম্ভ্রমে) আস্থন, রাণী দিনি, আস্থন। ব্রক্ষা তোদের দেখবার জন্য একবার এনেম। গৌদা। আপনি এন্ত কট্ট নিয়ে এলেন কেন? ডেকে পাঠালেই আমরা বেতেম।

বন্ধ। তোরা দশদিন বাস আমি এক দিন এলেম।

भोगा। आभारमत धाकि आभनारमत धारेक्रभ अमूबाइई बरहे।

বন্ধ। অনুগ্ৰহ আর কি হল ? আমার যদি একটা মেরে থাকত ন্ধাৰি কি তার বাড়ী থেতেম না? এও তেমনই। মছেল্ল মন্ত্রী হরেছে বড় আফলানের বিষয়। তোর শান্তড়ী ভবতারিনী যদি বেঁচে থাকত তার আফ্লাদের সীমা থাকত না। সন্তান থাকদে কি স্থা, আবার সেই সন্তান কৃতী হলেই বা আরও কত স্থা, নিঃসন্তান ব্যক্তি তা কি বুঝবে? (দীর্থ নিশাস)

महीकूमात्रीत श्राटम ।

আর মা মহীকুমারী, তোকে দেধলেই মনে আহলাদ হয়।

সৌনা। (স্বগত) দেখলেই মনে আহলাদ হয়! মেয়ের তো **ওংশের** সীমানাই, তাইতেই রাণীর এত ভালবাসা!

ত্রন্ধ। (মহীকুমারীর প্রতি) ভোষার শাশুড়ী আক্রিত হতে এদেছেন আমি ভাত থেয়ে আঁচাবার সময় রাধিকার পিসির মুধে শুনলেম।

মহী। আজ সকালে পৌছেছেন।

ব্ৰহ্ম। ঐতিক্ষতো গোলে জন্ম সাথিক হয়। প্ৰভূকে যত দেখি তত আমারও দেশতে ইচ্ছা হয়। দেখে আশা মেটে না। ইচ্ছা হয় পাথার হয়ে চিরিদিন প্ৰভূকে একদৃষ্টিতে দশন করি।

মহী। রাণী মা, মাঝপানে স্কেলা সমুদের ভয়ে জড় সড় হয়ে রয়েছেন?
বন্ধা হাঁ। প্রভুর এমনই মহিমা যে সমুদের ভাক শ্রীমন্দিরে প্রবেশ
করতে পারে না। প্রভুর যে শরণ নের তার কোনও ভর থাকে না। হরি,
ভূমি ভরসা। মা, তোমার হাতে কি?

মহী। বহাপ্রসাদ, আপনকার জন্য ঠাকুরাণ পাঠিরে দিয়েছেন। (পরি- চারিকার হস্তে অর্পণ) ধর।

বন্ধ। (নিজ হতে পইয়া) এর এক একটা দানার কত মাহাত্য কে বলতে প্লারে? এ অর চণ্ডালের হাত হতে পেরে বান্ধণে উদ্ধার হয়ে যায়। প্রাভুর নিকট সকল জ্বাতিই সমান। প্রাভু, ভোমার স্বপার দয়া। মহীকুমারী তোদের

0

দেশতে এলেম, গুধু হাতে আসব, তাই তোর জন্য এই চেলীথানী ও এই হার ছড়া এনেছি, নে। (হত্তে বন্ধ ও প্রদেশে হার প্রদান) বেশ দেখাছে, তোর জপের কাছে হীরে মতি হার মানে।

ে সৌলা। (অংগত) রাণী সতীনঝির সবই ভাল দেখেন। আমাদের প্রতি তাঁর মুখের মায়া।

বন্ধ। (সৌদামিনীর প্রতি) বাবা হরিপ্রসাদ এখানে এসে থাকেন?
সৌদা। তিনি যুবরাজের সঙ্গে মৃগরা করতে গিয়েছেন—উদ্দেশ্য এই,
মহীকুমারীর জন্য একটা হরিণ-ছানা ধরে আনবেন।

ব্ৰহ্ম। বটে ! বাবা মাকে বড় ভাল বাসেন—এমন মাকে যদি তিনি আন না বাসেন, তবে তাঁকে আমি শাণ্ডড়ে বলি। (ঈবং হাস্য) মা, হরিণছানার চাইতে একটা স্থসন্তান পেলে বড় খুসী হসনে ? শীঘ্র একটা স্থসন্তান
হক।

ে সৌদা। তা হলে — সকলে — স্থাী হর। (স্বগত) তা হলে রাণীর মন-কামনা সিদ্ধ হর। ছেলে হলে তাকে সিংহাসন দেবে নাকি? (প্রকাশে) আপনকার একটা সম্ভান হল না তাইতে সকলে হঃথিত।

ব্রহ্ম। বিধাতা না দিলে তোহয় না। (দীর্ঘ নিখাস) আমার বিরাট বেঁচে বত্তে থাক। মহীকুমারী, কাল তোর নিমন্ত্রণ রইল। স্কালে স্কালে যাস। আমি চলনেম।

মহী। (প্রণাম করিয়া) আস্তন।

ব্রহ্ম। স্বোরামীকে স্থবী কর, স্বোরামীর স্বথে স্থবী হও। (সালামিনীর / প্রতি) আসি গে।

भोता। आञ्चन।

্রিক্ষময়ী ও পরিচারিকার প্রস্থান।

মহী। মা, হার ছড়াটা আর কাপড়থানা রেখে দাও।

সৌদা। (বিরক্ত ভাবে) তুমিই রেখে দেও গে, ও আমার রাখবারও দরকার নাই, ছোঁবারও দরকার নাই।

मरी। तानी मा आभारक मिरत्रह्म ठाउँ कृमि चूनी इउ नि ?

সৌদা। (স্থগত) মেছেটার টেস টেসে কথা দেখ। (প্রকাশে) ভূমি
খুসী হরেছ তো--বেশ।

[यहीकूमातीत अञ्चान ।

নৌদা! প্রশংসা, ভালবাসা, দান, নিমন্ত্রণ, আশীর্কাদ—এত ?

[প্রস্থান।

তৃতীয় গর্ভাঙ্ক।

বঙ্গের পশ্চিম প্রান্তস্থ বন। ধনুর্ব্বাণ হন্তে বিরাট সেনের প্রবেশ।

বিরা। কি নির্কোধ জন্ধ। এর নির্কাদিতা দেখে দ্যা হয়। শুদ্ধ মাথাটী ঝোপের মধ্যে লুকিয়ে যেন সম্পূর্ণ নিরাপদ হয়েছে। এমন স্ক্রেয়াগ আর হবে না। (বাণ হন্তে করিয়া) এই আমার শেব, তৃণ শূন্য হয়েছে। আর বাণটী লক্ষ্য হারালে আমি আশাশূন্য হলেম। কিন্তু পুরুষ কথনও নিরাশ হবে না। [ধন্তুকে শর সন্ধান ও নেপধ্যের দিকে লক্ষ্য করা। ধন্তুকে শর সন্ধান ও হরিণ শিশুর প্রতি লক্ষ্য করিয়া অন্তর্বাল হইতে বিরাট সেনের সন্ধৃত্বে আনন্দমরের প্রেবেশ] কি আপদ। প্রতি বারেই প্রতিব্দ্ধক।

আন। (বিরাট সেনের দিকে মুখ ফিরাইয়া) বিরাট ? করলে কি? কথা করেই গোল করেছ। ঐ বাকসবনের মধ্যে লাফিরে পড়েছে।

वित्र। आनम वर्षे।

আন। হাঁ, বড় গেছে, গ্রাস মুথে তুলতেই পড়ে গেছে। ঐ বায়, ঐ ঝোপ নড়ছে—ঐ দেথ—শিং উঠেনি—বেড়ে হরিণটী—উ। বোর বনে পালাল।

বিরা। আনন্দ, আজ তোমার বড় ফাঁড়া গেছে।

थान। ঐ अत्रत्वत्र मत्था याव ?

বিরা। না। আনন্দ, ভাগ্যে বাণ ছাড়িনি। ছাড়লে কি সর্কনাশই হত ? ছাড়ি ছাড়ি এমন সময় ভূমি এসে সামনে পড়লে। আন। আমি তোমাকে দেখতে পাইনি।

বিরা। ছরিণ পালাল বটে কিন্তু সে তুর্ভাগ্য আজ্ব সৌভাগ্য হরেছে। আজি লামার একটা জ্ঞান জন্মাল, অন্যের কেশে আমোদ করা ভাল নয়। এই ভাষার শেষ মুগলা।

আনে। তুমি আজ এমন কথা বলছ । তোমার যত মৃগরাপ্রির লোক তো হুটী দেখি নি, কোলের ছেলে যেমন তন্য হুগ্ন ভাল বাদে, তেমনই তুমি মৃগরাপ্রির। একটী সামান্য ঘটনায় তোমার মন একেবারে ফিরে গেল ?

বিরা। এ সামান্য ঘটনা নয়, আকারে ক্ষুদ্র বটে কিন্তু ইহার গুরুত্ব অধিক। আমি হুই নগুকাল শরীরকে প্রান্ত করেছি, তৃণ বাণশূন্য করেছি, কিন্তু এখনও পর্যান্ত হরিণশিশুটী জাবিত অক্লান্ত রয়েছে, ছায়ার ন্যান্ত ইহা আমার আগে আগে দৌড়েছে, মধ্যে মধ্যে থমকে দুনড়িছে আমার দিকে কাতর ভাবে জাকিয়েছে। তবুও যত বার নিষ্ঠুর হয়ে বাণ নিকেপ করেছি, তত বার যেন আমাকে উপহাস করে লাফ দিয়ে প্রস্থান করেছে—নির্দোষীকে পরমেশ্বর রক্ষা করেন। আনন্দ, আজ কি ছুর্ঘটনা ঘটতে ঘটতে রয়ে গেছে। নির্দোষীকে মারতে গিয়ে আপন প্রাণবন্ধকে হারাছিলেম। আর আমার মৃগয়ায় প্রয়োজন নাই।

আন। তবে চল ফিরে যাই।

বিরা। আমমি বড় ক্লান্ত হয়েছি, চল ঐ গাছ তলাম গিছে বিশ্রাম করি। তলাটী বেশ পরিকার।

ছুই জন হিচ্ছুস্থানী বেশী ব্যক্তির প্রবেশ।

প্রথম। আলা, পরের কাম করা না প্রাণে মরা। এই বনের মধ্যে কদি মোদের বাবে ধায়, বক্তিয়ার খিলিজি কি রক্ষা করতে আসবে ? মোরা বৃদ্ধি রাত্তা ভূলে কালা অকলের মধ্যে এসে পড়েছি। পথের নিশানা তো দেখতে পাইনে, আদমি যে কখনও এ রাতা দিয়ে চলেছে মালুম হয় না।

ছিতীয়। পথ ভূকৰ কেন? এই জায়গায় রাতার উপর জকক হরে। পড়েছে।

প্র। মরি মার বাঁচি একটু জিরিয়ে নি।

ি বি । বড় ভূল হয়েছে, শোলা কিনতে মনে হয় নি, তা হলে আগুণ করে।
একটু তামুক থাওয়া বেত। তা হল না।

প্র। বলি, বাকলা মূলুক তো সহজে জিতে নেওয়া যায়, বালালীয়া তো অতি ভাল মানুষ।

ছি। বাঙ্গালীরা তো আদমীর মধ্যেই নর, তাদের মূলুক জিতে নিতে আমাদের আওরাতেও পারে। মোদের কাছে ধবর পেরে বক্তিয়ার বিলিজি বাঙ্গলা মূলুক হামলা করতে এক রোজও দেরি করবেন না।

প্র। বাবের কাছে গৌ, আর মোদের কাছে বাঙ্গালী।

নিকোষ তরবারি হত্তে হরিপ্রসাদের হঠাৎ প্রবেশ।

হরি। বটেরে নরাধম, বাঙ্গালীর। কাপুরুষ? [প্রথম জনের গলদেশে, ছন্ত প্রদান। দিতীয় জনের প্রান্ধান।] তুই বেটা যবন, চররূপে বাঙ্গার প্রবেশ করেছিদ।

প্র। না, না, আমি মুদলমান নই, আমি মাড়োরারী বেশে, ছেড়ে দেও। হরি। তুই মাড়োরারী বেশে না হদ তো শুরোর খাদ।

প্র। দেখবি তবে ? [লক্ষ দিরা দণ্ডারমান হইয়া তরবারি নিকোবিত করিয়া হরিপ্রসাদকে আক্রমণ করিতে চেষ্টা] বাধর আলি, শীল্প এস, এ কাফের এখানে একা। [হরিপ্রসাদের প্রতি] হারে কাফের, তোর এত বড় আশর্ম্বা। কাফের মোরা ছনিয়ার আর রাখব না। উভরে মুদ্ধ।]

এক দিক হইতে দ্বিতীয় মুসলমান ও অন্য দিক হইতে নিকোধিত ভরবারি হত্তে বিরাট সেন ও আনন্দময়ের প্রবেশ ৷

বিরা। মার, ছই বেটাকেই মার।

[विजीय पूर्णमात्मत्र अश्वान ।

হরি। (বিরাট সেনের ও আনন্দমরের প্রতি) তোমরা একটু সরে দাঁঢ়াও, আজ আমি ক্লেচ্ছ রক্তে এ স্থানকে উর্করা করি। বাদালীরা নাকি কাপুরুব, আমি তাই একবার বেটাকে দেখাই। ধবরদার, পালাতে চৈট। করিসনে। [প্রথম মুসলমানের পলায়ন চেটা, পরিশেবে হরিপ্রসাদ কর্ভ্র ধুত হওয়া]

প্র। আমার কম্বর হয়েছে, ছেড়ে দেও। মুসলমান বললে মেরে ফেল্বে সেই ভারে জাত ভাঁড়িয়েছি। আমরা জঙ্গলে পাথী শিকার করতে এসেছিলাম।

হরি। ছরাচার মিথ্যাবাদী যবন, তোর আজ জীবনের শেষ দিন। তোকে আজ টুকর টুকর কঁরে কাটব তবে আমার রাগ নিবৃত্ত হবে, মিথ্যাবাদী ভীক _ যবন!

প্র। তোমার পায়ে ধরি, তোমার শু থাই, মোকে ছেড়ে দেও।

্ হরি। রস, তোর শরীর হতে তোর আত্মাকে ছাড়াচিছ। [মারিতে উদ্যত]

বিরা। (হরিপ্রসাদের দক্ষিণ হস্ত ধরিয়া) কর কি হরিপ্রসাদ ? যে কাতরে জীবন প্রর্থনা করে তাকে মারতে নেই।

হরি। ছেড়ে দেও বিরাট। শত্রু আর সাপ পেলেই মারুবে।

প্র। (বিরাটের প্রতি) তুমি মোর বাবা, মোকে বাঁচাও।

হরি। বিরাট, হাত ছাড়।

বিরাও আন। কান্ত হও হরিপ্রসাদ।

यान । कमा श्रुक्रसद अधान ७०, यामारनद कथा ताथ।

হরি। তোমাদের কথা রাধলেম। দেখ, বেটা এই মুখে বলে, "বাঘের কাছে গৌ আর মোদের কাছে বাঙ্গালী।"

প্র। তোমার পায়ে ধরি, মোকে মেরও না।

ছরি। বেটা, এখন বাঙ্গালীর পায়ে ধরিদ কেন? বাঙ্গালীরা মহ্য্য নর, কেমন?

প্র। হাঁ বাঙ্গালীর মধ্যে মাত্রুব আছে।

হরি। বান্ধালীতে মুসলমানের দস্ত চূর্ণ করতে পারে তো?

ला शा

বিরা। এখন কতকগুলি কথা তোমায় জিজাসা করি ঠিক উত্তর দিও।

र्वति । नरेता रविश्वनात्मत्र या मत्न आह्य जारे कत्रत् ।

প্র। আলার কছম, ঠিক জবাব দেব।

বিরা। কে. তুমি ?

थ्। पूरे पूननमान।

इति। मार्फात्रात्री (तर्ण ना ?

প্রানা।

বিরা। কি জন্য বাঙ্গলায় হিন্দুস্থানীর বেশে এসেছ ?

প্র। জঙ্গলে এসেছি পাথী শিকার করতে।

হরি। আবার! এখনও হরিপ্রসাদের হাত ছাড়াও নি। পাবী মারতে এসেছ বটে ?

আন। ধমুর্বাণ কৈ ?

প্র। স্থাঁ, মুই এসেছি বাঙ্গালা মূলুক দেখতে।

বিরা। কার চর হয়ে এসেছ?

প্র। কারও না। আলার কছম, কারও চর হরে আদি নি।

হরি। বিরাট, আমি একে খুন করি। বেটা পদে পদে মিধ্যা ৰুণা বলছে। মারিতে উদ্যত ী

বিরা। হরিপ্রসাদ, ক্ষান্ত হও। (মুসলমানের প্রতি) সত্য কথা বল, এখনও বাবের হাত এড়াতে পার নি।

প্র। মুই বক্তিরার খিলিজির কামে এসেছি।

বিরা। কি জন্য বক্তিয়ার থিলিজি তোমায় এখানে পাঠিয়েছে 🕈

थ। वाकानात मञ्जागतित हान सानवात सना।

হরি। ফের মিথ্যা কথা।

প্র। (সাহস পূর্ব্বক) সাচ বাত বললে মারতে চাও তো মার। বক্তি-রার খিলিজির ইচ্ছে যে বাঙ্গালার রাজার সঙ্গে দোন্তি করে বাঙ্গালা মূলুকে সওদাগরি করেন।

আন। সৃদ্ধি সংস্থাপনের ইচ্ছা হলে প্রকাশ্য দৃত আসত, ছ্মাবেশে চর আসত না।

হরি। বল, বক্তিয়ার থিলিজি কবে বাঙ্গালা আক্রমণ করবে, নচেৎ এখনই তোর মুখ্য ছেদন করব।

প্র। মুই তা বলতে পারি নে।

विता। चाक्रमन कदाव महत्र करत्रह ?

প্র। আমি তা জানি নে।

হরি। পৃথিবীর সমুদার ধৃতিতা এতে এদে মিশেছে। [মুসলমানকে ভূতলে ক্ষেপণ ও তাহার বৃকে জাফু দিয়া উপবেশন]

थ। जान (शन, जान (शन, जान (शन।

ছরি। (গলাচাপিয়া ধরিয়া) এখন সত্য কথা বল, নইলে জন্মের মত গেলি।

প্র। হাঁ, বক্তিয়ার খিলিজি বাঙ্গালা হামুলা করবেন। বিরা। তুমি বাঙ্গালার কোথায় গিয়েছিলে?

थ। नवदीरभ।

ছরি। একে মেরে ফেলতে হরেছে, নৈলে, গিয়ে বক্তিয়ার খিলিক্সিকে অনেক বিষয় বলে দেবে।

জান। মেরে কাজ নাই, কয়েদ করে রাখলে ভাল হয়।
বিরা। না, একে ছেড়ে দেও।
ছরি। যা, গ্রাচার মুসলমান। [মুসলমানকে ছাড়িয়া লেওয়া]
প্রা। বাঁচলেম। সেলাম।

[यूमनभारमञ् अञ्चान ।

আন। জনরব সত্য হল। কি ভয়ানক সংবাদ!

বিরা। ভরানক কেন ? আমরা কি আপনাদের দেশ রক্ষা করতে পারব না ? বাঙ্গালা আক্রমণ করে, করুক। আমরা যুদ্ধ করব। বিপক্ষগণকে পরাস্ত করব অথবা যুদ্ধ ক্ষেত্র মৃত্যু শ্যা। হবে। যে বঙ্গভূমি চিরদিন স্বাধীন, ভাঁকে প্রাণ থাকতে পরাধীন হতে দেব না। চল আমরা এখনই অশ্বারো-হণে এই কুসংবাদ নিয়ে নবনীপে যাত্রা করি।

আন। হরিপ্রসাদের জীর জন্য মৃগ শাবক নিরে যাওরা হল না।
বিরা। তাই তো। যাক, আসন্ধ বিপদ হতে উদ্ধার হলে মহীকুদারীকে
দশ গুণা হরিণ শাবক ধরে দেব।

হরি। অত্যে খদেশের স্বাধীনতা রক্ষা করা তার পর স্বামীর স্বজনকে স্বা করা।

[नकत्न निक्षांता



নবদ্বীপ। মহেন্দ্রের শরনগৃহ। মহেন্দ্র শারিত।

মহে। (নিজিত অবহার হন্তোতোলন করিয়া) নি, নি, দিন। (ধরিবার উপক্রম) দেবি, আমার প্রতি আপনকার অপার ক্রপা। (চৈতন্য প্রাপ্তি) নাই, দেবীও নাই, রাজদণ্ডও নাই। আমি এখন ঘূমিরে, না এর পূর্ব্বে ঘূমিয়ে ছিলাম ? ধরতে গেলেম, স্পর্শ করলেম, আর নাই। আমার প্রতিক্রা চলে গেল, স্পর্শ মাক্রেই চলে গেল। মৃত ইচ্ছা, মৃত ছরাশা প্রজীবিত হল। সতাই কি রাজদণ্ড আমার কপালে আছে? পুনর্কার মন অহির হল। সমন্ত রাত্রি মনের মধ্যে প্রেরুত্তির সমর গিয়েছে, বীর প্রতিক্রা এমে তা নিবৃত্তি করলে। ক্ষণকাল স্বস্থৃত্তির সমর গিয়েছে, বীর প্রতিক্রা এমে তা নিবৃত্তি করলে। ক্ষণকাল স্বস্থৃত্তির সমর গিয়েছে, বীর প্রতিক্রা এমে তা নিবৃত্তি করলে। ক্ষণকাল স্বস্থৃত্তির হয় নাই, আবার আকাশ মেঘাচ্ছয়, আবার প্রবিল ঝড় উপস্থিত হল, আরার প্রতিক্রা চলে গেল, আবার বিরাটের প্রতি বিহেষ জন্মাল। কুকক্ষেত্রের যুদ্ধ অপেক্ষা মনের যুদ্ধ অধিকত্র ভঙ্গরুর। কিন্তু ছারার ছারাতে এক্রপ হয় কেন? আবার প্রতিক্রা করে হয়া কাঙ্কাকে দমন করি। মন্ত্রীদ্ধ আমার পক্ষে বংগত্তি, আর রাত্রি দিন মানসিক বন্ধণা সহ্য করতে পারি না। কয়নার প্রভূত্বে বিবেচনা এককালীন নীরব। কি হব কি হব এই ভাবনার অন্য চিস্থা সব তিরোহিত হয়েছে।ছায়ার ছারার এক্রপ হয় কেন? ছায়া কয়না দূর হক—বিরাট আমার পক্ষ নয়—ব

আমি কেন তার অধীন হয়ে থাকতে পারব না? না বিরাটের পথের কণ্টক হব না। কেণকালের নিমিন্ত নিস্তব্ধ) কি শ্রী, কি স্বর্গীর আভা, দেবীর আবি-র্ভাব বলে বোধ হয়। কমলা আমার হতে রাজনত দিলেন, স্পর্শ করলেম— দ্বীর রোমাঞ্চিত হল—আর এককালীন কিছুই নাই—যে আমি সেই আমি— এ সামান্য স্থপ্ন নয়, স্বপ্লের অধিক। কুবৃদ্ধি পুনর্কার দেখা দিছে।

[নেপথ্য] মন্ত্রী মহাশন্ত্র, এখনও পর্যান্ত নিদ্রিত, বেলা হয়েছে, রৌদ্র আপনকার ঘরের হারে নেমে এসেছে। মন্ত্রী মহাশন্ত্র, আরু কত নিদ্রা হাবেন।
মহে। এ সংহাধন ছদিন পূর্ব্বে বাঞ্চনীয় ছিল, আজু আর ভাল লাগে
না। গোপাল, আমি উঠেছি। এস। [হার উদ্বাটন ও গোপালের
প্রবেশ। পরে উভরের উপবেশন]

গোপা। (মহেক্রের অনামনত্ত তাব দেখিয়া) আপনি ভাবছেন কি ।
মহে। আমি এক অপুকর্ব স্থপ্ন দেখছিলাম—স্থপ্নাত্ত।

গোপা। প্রাত:কালের স্বপ্ন থাটে।

মহে। থাটে! (স্বগত) রাজা কি হব ? (প্রকাশে) লোকে বলে থাটে— কিন্তু লোকে মনোরম মিধ্যাই ভালবাদে।

গোপা। স্বপ্নের কথা আমাকে বলতে কি কিছু আপত্তি আছে?

মহে। আপত্তি কিছুই নাই। কিন্তু থেলনা বালকের কাজের জিনিব, তোমার আমার নয়, কিছুই নয়। জলবিম্ব বা শ্নো ছায়া দেখা মাতা। স্বপ্নে দেখছিলেম আমার কিছু লাভ হবে।

গোপা। আর অমনি আপনকার নিদ্রা ভঙ্ক হল ?

মছে। হা।

গোপ!। তবে আপনার লাভ হবে।

মহে। তুমি কি বালক, না আমাকে বালক জ্ঞান কর বে একথা বলছ?
(স্থগত) প্রতিজ্ঞা আর থাকে না। (প্রকাশে) আমি দেখলেম যেন স্থরং
কমলা আমার হত্তে একটা অমূল্য রত্ব দিলেন।

গোপা। আপনি তা পেরেছেন।

মহে। (স্বগত) প্রতিজ্ঞা গেল। মন বে দিকে ধার বত্বও সেই দিকে চৰুক। (প্রকাবে) গোপাল, ভূমি মহারাজকে প্রকৃত ভালবাস ? গোপা। আজা হাঁ, পিড়তুলা ভাৰবাৰি '

मट्ट। উচিত वर्ष्ट। युवदाबरक ?

গোপা। আজা হাঁ।

মহে। (বিমর্থ ভাবে) আহলাদের বিবর। বল দেখি ঘ্বরাজ বিরাট-সেনের জন্য আমার অনিষ্ট করতে পার কি না ?

গোপা। না।

মছে। কেন?

সোপা। কারণ য্বরাজ অপেকা আপনাকে অধিক ভালবাসি। আমার প্রতি আপনকার অম্প্রহ মৃল, মহারাজ ও যুবরাজের অম্প্রহ শাখা পরব মাত্র। আপনার জন্য তাঁদের—অনিষ্ট—

মহে। আমি জানি তুমি আমাকে ভাল বাস, বৃক্ষের বৃদ্ধি উর্দ্ধ দিকে, তোমার মেহের বৃদ্ধি আমার দিকে। (স্বগত) বলব ? বলি। (প্রকাশে) একটী কথা বলব—গোপন রাধতে পারবে তো?

গোপা। কথনও কি আমি আপনকার নিকট অবিশাসী হরেছে?

गरह। ना। जूमि श्रकान कत्रत्व ना, विने विनान स्टाइ इस्ट ना।

গোপা। যাতে বিশ্বাস হয় তাই করছি—সপথ করব ?

মহে। ক্টিকের কন্ত, অত্যন্ত কঠিন হলেও সহকে ভালে।

গোপা। কি করব বলুন।

মহে। এই সাদা কাগজে নাম স্বাক্ষর কর।

গোপা। যে আজা। (কাগৰে স্বাক্তর করা)

মছে। ষথাৰ্থ অন্থগত ব্যক্তির এই রূপই কাজ। যার অন্থগত ছবে তার হাতে আপনার সম্পান সমর্পণ করতে কুঠিত হবে না। ইচ্ছা করলে এই কাগজ বারা আমি তোমার সর্ব্বনাশ করতে পারি।

গোণা। (স্বগত) কাজটা কি ভাল করলেম? (প্রকাশে) আপ-নার নিকট বিশাসী হলেম এ আমার পরম সৌভাগ্য। আপনার সঙ্গে আদি ভাসব কি ভ্বব।

মহে। সাবধান এ কথা জিবের আগার এন না—বেন স্বরণ পহরের লুকান থাকে। গোপা। (স্থগত) এ না জানি কি ভন্নানক কথা? (প্রকাশে) আজ্ঞা করুন।

মহে। আমি স্বপ্নে দেখেছি যেন লক্ষ্মী আবিভূতি হয়ে আমার হস্তে রাজদণ্ড দিলেন। সাবধান এ কথা পুরুষ—কি স্ত্রী—কাউকে যেন বলও না। গোপা। মন্ত্রি মহাশয়, এ স্থপ্ন দেখেই যথন জাগ্রত হয়ে আর ঘুমান নি তথন ইহা থাটবেই থাটবে। আপনি রাজা হবেন।

মহে। সে বিশ্বাস মনে আসে না।

গোপা। লাম্মণা সেন তো গিয়ে রয়েছে, তাকে সরাতে কতক্ষণ?

মতে। অমন কথা বলও না, অমন চিস্তাও করও না।

গোপা। (স্থগত) মাছটী ধরব, জ্বলে নামব না। (প্রকাশে) আপন-কার যে রূপ ইচ্ছা।

মহে । যদি কমলা এত প্রদন্ন হয়ে থাকেন তবে মন্তকে রাজ-মুকুটের সঙ্গে সঙ্গে হদত্বে পাপ-পাষাণ চাপান উচিত নয়—চেষ্টা করব—কিন্ত সৌভাগ্য যেন রক্তশ্রোতে প্রবাহিত না হয়ে আসে।

গোপা। (স্বগত) অর্দ্ধেক পুরুষ, অর্দ্ধেক স্ত্রী। (প্রকাশে) আপনকার স্কারে কোমলন্থের ভাগ অধিক।

মহে। আমি অনেক করতে পারি, সব পারি নে।

গোপা। কৌশলে কার্য্যসিদ্ধি এই আপনার বাসনা। স্বভাব আপনাকে রাজা করেছে, মানবে করলেই হয়।

মহে। ঐ ইচ্ছে কথা। লাক্ষণাদেনের পরলোক গমনের পর রাজ্যের মঙ্গলাকাজ্জী ব্যক্তিরা আমাকে রাজত্ব দেবে—এইটা করা চাই—ইহাতে তোমার সাহায্যের প্রয়োজন। ক্রমে ক্রমে বুঝে বুঝে কার্য্য উদ্ধার করবে। পাটিপে টিপে চলবে যেন পিছলে না পড়।

েগোপা। আর বলতে হবে না।

মহে। সাবধান গোপাল, এর বিন্দু বিসর্গত যেন প্রকাশ না হয়। চুপ— ভূডেরে প্রবেশ।

কে আগছে ?

স্থৃত্য। মশর, পত্রথান নিন, এক জন খোড়সোরার দিয়ে গেল।

মছে। তুই এখন বা। (ভৃত্যের প্রস্থান) হঁ। [পত্র পাঠ করিবা ক্পকালের জন্য নীরব।]

গোপা। কোথার পত্র?

মহে। আঁগ।

গোপা। পত্ৰ পেরে অমন হলেন কেন ?

মহে। (নীর্ঘ নিখান) গোপাল, প্রাতের স্বপ্ন থাটল, রাজা ছলেম।

গোপা। পত্তে এমন কি সংবাদ পেলেন বাতে আপনকার আশা এক-কানীন নির্বাণ হল?

মহে। তুরকীরা মগধ জর করেছে, বাঙ্গালার আসবের সম্পূর্ণ সম্ভাবনা। গোপা। মগধ জর করেছে ! তারা কি সম্পার পৃথিবী জর করবে ?

মহে। বাঙ্গলা আক্রমণ করবেই—কি করি ? (চিন্তার মগ্ন) রাজ্য-লালসা ত্যাগ করে রাজ্য রক্ষার উপার দেখি।

গোপা। উপায় কি করতে পারবেন ? বে তুরকীরা ভারতবর্বের অধিকাংশ অধিকার করেছে তারা কি শান্তিপ্রির বঙ্গবাসীদের হারা পরাজিত হবে ?

মহে। বঙ্গের পতন, লাহ্মণ্য সেনের পতন, সেই দক্ষে সঙ্গে মহেক্রের পতন—বিধাতা বুঝি এক পটে চিত্রিত করে রেখেছেন।

গোপা। (চিন্তা করিয়া) বাঙ্গলা পরাজিত হতে পারে, লাঙ্গগাসেন সিংহা-সনত্রই হতে পারে, কিন্তু আপনি স্থাধে সচ্চলে রাজত্ব করতে পারেন—বায়ুর গতি অনুসারে পাল তুলে দিলেই হয়।

মহে। (চিন্তা করিরা) হঁ, মন্দ নর। বুঝেছি। আমি বিনা বুছে—বিনা রক্তপাতে তুরকীদিগকে রাজ্য দিলেম—সে জন্য কি তাঁরা আমাকে রাজত্ব দেবে না?

মতে। মুগলমানাধিপকে বংসর বংসর কর দিলে তারা সম্মতহতে পারে, হবেই বা না কেন ? তাঁদের স্ত্রীপুত্র পরিবার হাহাকার করলে না, অথচ রাজ্য লাভ হল। বিলয় করবেন না, আমাকে গোপনে দুভরূপে পাঠান।

মহে। কালই বেরিয়ে পড়। এ দিকে বাতে যুদ্ধ না হয় আমি তার চেঠা দেখছি। (চিস্তা করিয়া) আজ রাত্রেই গোবিন্দ ভট্টাচার্য্যের ভবিষ্য পুরাণ খান এনে দিতে হবে। গোপা। ভবিষ্য পুরাণে কি হবে ?

महि। भारत सामाज भारत। आसहे अस्म मिर्ड इरत।

গোপা। যে আজা।

মছে। গোপাল, সাবধান, সাবধান, সমুদ্রে নৌকা দেওয়া যাচ্ছে— কোমরে বল চাই। (স্বগত) প্রোতের স্বপ্ন কি থাটবে?।

[উভয়ের নিক্মণ।

দ্বিতীয় গৰ্ভাঙ্ক।

মহেন্দ্রের বহির্বাটী।

মহেন্দ্র উপবিষ্ট। গোপালের প্রবেশ।

মহে। (স্বগত) বিশ্রাম ও নিজা আমার নিকটে অতি হর্লত সামগ্রী হয়ে পড়েছে, চিস্তার সঙ্গে তাহাদের স্বভাবতঃই বিবাদ। যা হবার তাই হবে, ড্ব দিয়েছি, হয় অমূল্য নিধি লাভ হবে, নচেৎ জ্বসাত হব।

গোপালের প্রবেশ।

গোপা। যেথানকার ভবিষ্য পুরাণ সেই থানে রেখে এসেছি।

মহে। মসুব্য বাহা পারে তাহা গোপালও পারে। তুমি পাতটী আশ্চর্য্য বদলেছ, বেন বিশ বৎসর পূর্ব্বে লেখা হয়েছিল। এখন শুরুদেবই কার্য্য নির্কাহ করবেন।

গোপা। ক্রমক বলদ বারা কঠিন ভূমি কর্বণ করে নেয়। আমি আজ জাহারের পর যাত্রা করি।

মহে। বিলবে কার্য্যের ক্ষতি ও উদ্যম ভঙ্গ হয়। ধাতু দ্রব থাকতে থাকতেই ছাঁচে ফেলা উচিত। বাও, পত্রে যা অব্যক্ত তা মুখে বলবে। আমার সাহাদ্য ব্যতীত বঙ্গ জন্ম করা কঠিন এ বিশাস যেন্ধ বর্জিনার খিলিজীর মনে জন্মিয়ে দিতে পার। বুঝেচ?

পোপা। আজ্ঞাহঁয়। আগৰার আশীর্নাদে কার্যোদ্ধার করে আসতে পারব।

मरह। जा हरन मिडिक राजमात्रहे हरत।

গোপা। গোপাল চিরদিন আপনার দাস। সেনাগতি মহাশব এখনই আসবেন। আমি তাঁকে বেশ করে গড়ে পিটে রেখে এসেছি।

[নেপথ্যে সভরে] মহেন্দ্র, মহেন্দ্র।

गरह। (क? (क? कि इरव्रट्ह?

भाविक ज्लाहार्यात श्रांतक ।

গোবি। মহেন্দ্র, মহেন্দ্র, মহেন্দ্র, বাবা-

মছে। আসতে আজ্ঞা হক-এমন করছেন কেন? ব্যাপার বানা কি?

গোবি। আর কি।

মহে। কি হয়েছে, হয়েছে কি?

গোবি। দাঁড়াও, দাঁড়াও, নিশাস ফেলে নি।

মহে। কোন বিপদ হয়েছে নাকি, না ঘটবার সম্ভাবনা?

গোবি। দাঁড়াও। (নেপথ্যের দিকে দৃষ্টি) এ দিকে আসছে না ভো । না, বাঁচলেম। বিপদের কথা বলব কি । আমি আব্দয় কখনও এমন বিপদে পড়ি নাই। শাস্ত্রকারের। বলেন:—

> হন্তী হন্ত সহলেগ শত হন্তেন বাজিনঃ শঙ্গিনো দশ হন্তেন স্থান ত্যাগেন হৰ্জনঃ।

তাঁরা হটো করে শূন্য যোগ করতে ভূলে গিরেছেন।

শুন্ধিনো সহস্র হস্তেন স্থান ত্যাগেন হুর্জ্জনঃ।

আমি আসছিলাম অন্যমনত্ব ভাবে, হঠাৎ বামদিকে নেত্রপাত করে দেখি যে, এক বৃহৎকাম দ্বিতীয় ক্বতাস্ত বিশেষ, একটা বৃষ শৃক দারা মৃত্তিকা খনন করছে। (নেপথ্যের দিকে দৃষ্টি) এদিকে আসছে না তো?

बार । त्मवला, हित इन, ध्यन । दांतर्कान कत्राहन (व ?

গোবি! পূর্ব্ব জন্মের পূণ্যকলে অন্য প্রাণ রক্ষা হল। কি ভীবণ সৃর্দ্তি! দেখবা মাত্রেই আমার অস্থমান হল আবাকে আক্রমণ করবার উপক্রম করছে।

গোপা। তাও কি হতে পারে ? আপনি মহারাজের ইউনেবতা, আপ-নাকে পণ্ড পক্ষীরা পর্যাক্ষণ্ড মানা করে।

গোৰি। ব্ৰবের যদি সে জ্ঞান থাকৰে তবে তাকে পশু বলবে কেন ? গোপা। আজ্ঞা, তাতো বটে। গোৰি মহেন্দ্ৰ, ভূমি হচ্ছ রাজমন্ত্রী, একটা ব্যশালা করে দেও, তা হলে প্রিক্গণ নির্ভাবে যাতারাত করতে পারে।

মহে। আপনার আক্তা শিরোধার্য্য।

গোবি। বেশ বেশ। চিরজীবী হও, তোমার মনস্বামনা স্থাসিদ্ধ হক।

মহে। (স্বগত) মল জাশীর্কাদ নয়, খাটলে হয়। (প্রকাশে) গুরু-দেব, আসনে উপবেশন করুন।

গোবি। (উপবেশন করিরা) মত্রি, একেটা জনরব উঠেছে যে যুবনেরা মর্গধ জব করেছে। একি সত্য ?

মহে। অমূলক হবারই সম্ভাবনা।

গোবি। যদি মগধ জন্ম করে থাকে আমরা কোথান যাব? মন্ত্রি, মৃত্তিকার
নিম্নদেশে যদিশ্মাৎ একটা অট্টালিকা নির্দাণ করে রাখতে আমরা তন্মধ্যে লুক্জাইত থাকতে পারতেম। মনে বড় আশকা হচ্ছে। ববনেরা রক্তবীজের বংশীর
তাহারাই তো দেবীর সঙ্গে ভূমূল সংগ্রাম করে পৃথিবীকে বিকম্পিত করেছিল।
তাহারা রাক্ষস সদৃশ, জীবিত মহুষ্য ধরে আহার করে।

মহে। (স্থগত) তোমার ভীক্তা, নির্ক্স্ছিতা, লাক্ষণ্যদেনের গুরুভক্তি এই তিনের সাহায্যে মহেক্স অসাধ্য সাধন করবে। (প্রকাশে) দেব, যবনের আধুনিক দিগবিস্বয়ের বিষয় ভবিষ্যপুরাণে উন্নিথিত থাকতে পারে।

গোবি। যথার্থ বলেছ—শাস্ত্রে যা নাই বিধাতা তাহা কলনা করেন নি—
মহে। দেব, একবার ভবিষ্যপুরাণধানী খুলে দেখবেন, যবনদিগের বিষয়
কি লেখা আছে।

গোৰি। আমি গৃহে গিয়েই ভবিষাপুরাণ দেখছি।

মহে। (স্বগত) আজি এই পর্যন্ত, আর ছই একটা মিষ্ট কথা তোমার কাণে, তা হলেই লাম্মণ্যনেনকে নিরীধ্য করেছি।

পোৰি। কৃষির চরমাবস্থা, এখন মেচ্ছদিগেরই প্রাক্তাব। দেবতারাও ভাহাদিগকে দমন করতে অকম। গুরুদেব, তোমার ইচ্ছা। আমি এখন আসি।

মহে। বে আজ্ঞা। আপনকার চরণধ্লিতে এ বাড়ী পবিত্র হল।

গোবি। গোপাল, দেখ তো হে ব্যভটা এখনও পর্যান্ত ঐ স্থানে অবস্থিতি করছে কি না ?

মহে। কোন ভয় নাই, আমি সঙ্গে লোক্ দিছি। কে আছিস রে ? ছুইজন ভূত্যের প্রবেশ।

দেবতার সঙ্গে সঙ্গে যা।

গোবি। হুগাছা লাঠী নেও।

ज, प। कान **जब नार्ड, जामदा नार्की** निक्रि ।

গোবি। তোমরা আগে আগে চল। (কিঞ্ছিৎ অগ্রসর ছইয়া) দেখ তো হে ব্যটা ওথানে আছে কি না?

মহে। কোন আশঙ্কা নাই, এরা আগে আগে যাছে।

গোবি। এরা সঙ্গে গেলে কি হয় ? শৃঙ্গীকে বিশাস নাই।
শৃঙ্গীনো সহস্র হন্তেন স্থান ত্যাগেন হুর্জ্জনঃ।

ভূতা। না এখানে নাই।

গোবি। বাঁচলেম, চল।

[ভৃত্যদ্বয় ও গোবিন্দ ভটাচার্য্যের প্রস্থান।

গোপা। এঁরাই আমাদের পারত্রিক তর নিবারণের ভার নিরেছেন। আমিও যাই।

মহে ৷ মহারাজের ইউদেব ও সেনাপতি উভয়েই হস্তগত—

গোপা। স্থতরাং রাজ্য হত্তগত হওয়ার অধিক বিলম্ব নাই। আমি আসি।

প্রিকান।

মহে। প্রাক্তংকালের স্বপ্ন থাটে। তুরকীরা এল, একি আমার পক্ষে অমহল ? না, মহল। আমারই পথ পরিকার করে দিলে। ভাগ্য সদর হলে বিপদ হতেও মহল হয়। তবে কি বিশাসবাতক হলেম। শব্দটা উচ্চারণ করলেই শরীর সিহরে উঠে—কিন্ত ভাগ্যে আমার বিশাসবাতক করালে। আমার দোষ কি? রাজ্য তো যবনেরা নেবেই। তথন শত সহত্র লোকের জীবন রক্ষা করে যবন-হত্তে রাজ্য সমর্পন করা কি হৃদ্ধ? তব্ও মনের মধ্যে বেন কিনে বলছে "ও ভাল নর"। শুনতে পাচ্ছি, কিন্তু বধির হতে হয়েছে— আর উপার নাই। উপার আছে, গোপাবকে কিরালে হয়—রাজ্য-লাভ—না। হুরাকাক্ষা, আমি আত্মাকে তোমার কাছে উৎসর্গ করলেম। শান্তি, তোমার

ৰিদায় দিলেম। গৌরব, তোষার আশা ছাড়লেম। তথাপি বলতে পারিনে সৌভাগ্য সদয় হন কি না। লোকে বলৈ প্রাতের স্বপ্ন থাটে, থাটলেও পারে।

র্সোদামিনীর প্রবেশ।

সৌদা। তোমার হয়েছে কি? দেখতে পাচ্ছ না বৈদা কত হয়েছে ? এখন মানাহার করলে না। বলি ভূমি কি ভেবে ভেবে সারা হলে ?

মছে। তোমার তা জেনে কাজ নাই।

সৌদা। (ক্রোধের সহিত) আমাকে এত পর ভাব বটে ? আমি গরি-বের মেরে, রাজমন্ত্রী আমায় কেন স্ত্রী জ্ঞান করবেন ?

মতে। বাগ কর কেন?

সৌদা আমি বধন তোমার দ্বী না হলেম. আমায় বিদায় দেও। আমি পরিবের মেয়ে, গরিব বাপের বাড়ী গিয়ে বাস করি।

মহে। আমি সব বলছি।

সৌনা। (সজোধে) আর বলায় কাজ নাই, ইচ্ছাপূর্বক যে কাজ করতে না পার তা করতে নাই। আমার তো তুমি বিয়ে কর নি, দাসী রেপেছ।

মহে। (হস্ত ধারণ করিয়া) আমাকে মার্জ্জনা কর।

সৌদা। (সক্রেন্ধে) আমি গরিবের মেয়ে, রাজমন্ত্রী আমার নিকট यांक ना हान (कन ?

মহে। তোমার মত বল দেখি কে স্বামীকে ভালবাদে ?

সৌদা। তবুও তুমি আমাকে বিখাস কর না।

মছে। বিশ্বাস করি নে । তবে কি যে অন্তঃকরণে অধিক ল্লেহ সে অন্তঃ-করণ অত্যন্ত সরল। তুমি আমার মাজুলা কর।

সৌদা। (শান্ত হইয়া) তোমার চিন্তার কারণ কি বল, আমার দারায় তা প্ৰকাশ হবে না।

মতে। (হত্ত ধারণ করিয়া) আচ্চা বল দেখি তোমার কি হতে ইচ্ছা হয়?

नोमा। कथांत्र कथांत्र अना कथा धान एकन नांकि ?

मरह। ना। वन तिथि छामात कि इस्छ टेक्स इत ?

সৌলা। যা আহি, ভোমাঞ্চত্রী, ভোমার মত অসাধারণ লোকের স্ত্রী।

मरह। त्रांकमधी ना ?

(मोना। जुनि ब्रोक्सबी अरन।

मरका जानी ना १

(नीमा। जिम यमि बाका इछ।

মহে। আমি তোমাকে রাজসিংহাসনে বসাবার জন্য এত চিন্তিত আছি।

सोना। एम co हो कत्र अ ना. एम co हो कत्र अ ना।

মহে। কেন?

त्नोमा। शास्त्र भारत सम्बद्धाः

মহে। আর ফিরবার বো নাই।

त्मीमा। कत्त्रक्ष कि !

মছে। তুমি রাজমহিধী হবে, সমলে রাজমাতা হবে। তাগ্যে সমুদার ঘটাচ্ছে। অন্তঃপুরে চল সমুদার খুলে বলব এখন। 🗼

সৌদা। চল। কেন আমায় আগে বলনি ? তা হলে এ কাজে হাত দিতে দিতেম না। না জানি শেষে কি ঘটে।

িউডরে নিকাস্ত।

তৃতীয় গৰ্ভাঙ্ক।

मरहरस्त वाती, अखःशृत। यरहरू उ मीमायिनीत श्रादन।

সৌনা। (সজোধে) মেয়েটার চোক যেন ছটা লবণ সমুদ্র, কেঁদে ভাসিরে मिल । मात इन ठाकतानीत, यानबाड़ा आमात डेलत । क्टन "मा मर्दर शिरहरून আর বাবা কালসাপ পুষেছেন।"

মহে। চাকরাণীর কি ত্রুটী হয়েছে?

সৌদা। (সজোধে) চাকরাণীর ক্রতীর কথা বিজ্ঞাসা করছ, মেরেটীর আচরণের কথা বুঝি কানে গুনতে পেলে না ? সে জীর ভালবাসা এখনও ভুলতে পার নি, তাই আমাদ্ব অপমানের কথায় কর্ণগাঁত করলে না। কেন গরিবের মেরেকে বিবে করেছিলে ? আমি তোমার খরে কালদাপ হরে এসেছি ? দাও স্বামাকে বাড়ীর বার করে দেও। [যাইতে উদ্যত]

মহে। (হস্ত ধরিয়া) কোপার যাও, বা করতে বল তাই করছি। সৌলা। (সক্রোধে) হাত ছেড়ে লাও, বনের পাধীরও আহার জোটে।

মছে। কর কি ? আমি তোমার অপমানের প্রতীকার করছি।

সৌদা। এথনই কর। ওই মান-কুমারী আসছেন, দেখ যদি ওর কানার ভিজে নতু, আমি এ প্রাণ রাখব না—বদি রাখি আমি বাপের বেটা নই।

यहीकूमात्रीत প্রবেশ।

মহী। বাবা, প্রণাম, আমি চললেম।

मटह। इटाइट कि?

মহী। আমি এ বাটীর পর।

মহে। কেন?

মহী। (কাব্দিতে কাব্দিতে) মা যথন অভাগিনীকে ছেড়ে গেছেন—মা, ভূমি কোধায় গেলে ? তোমা বিনে যে এ বাড়ী আমার নিকট অরণ্য হয়ে পড়েছে।

মছে। তুমি মা হারিষেছ কিন্তু মাতৃহীন হও নি।

মহী। এ আমার মা নয়। বাবা তুমি ঘরে কালসাপ পুষেছ।

সৌদা। স্বকর্ণে শোন। আমি কালসাপিনী না তুই কালসাপিনীর বাছা?

মহী। আমি গেলেই হল, আমি বাচ্ছি। আমার এথানে আসাই অন্যায় হয়েছে।

সোলা। চাকরাণী বেটার কি লোব হয়েছিল যে তুই ভাত ফেলে দিয়ে কেঁদে কেটে অরখ করে দিয়েছিস?

মহী। চাকরাণীর এত বড় সাধ্য যে আমার বলে "উড়ে এসে ভুড়ে বসেছেন"।

भोग। आबि त्कन त्मरे बना कानगाभिनी श्रूष शालम ?

মহী। সে ভোষার শিক্ষিত।

मोश। मिशा कथा बलिम त्नद्रत्, मिशा कथा बलिम त्न।

মধী। মা মরে গিরেছেন, আমি আপদ হয়েছি, মিধ্যাবাদী হরেছি, কাল-সাপিনীর বাছা হরেছি। বাবা, আমি চললেম। সৌলা। তৃষি নিবারণ করও না, কোথার বাবে বাক, লোকে বৈরের আচরণ দেশুক।

মহে। কোথার বাবে ?

মহী। এ বাড়ী ছাড়া বেখানে হয়।

यात्राज्ञत्वत्र श्रोद्यम् ।

नाता। मिनी ठाकुतान, जुनि ভाত क्लल উঠেছ-आहा।

मोनां। जुहे थानि कि कत्रा ?

नाता। आপनाता मिनी ठाकूतानीत्क ठात्रति त्याउ । मितन ना।

(मोमा। कि वननि?

নারা। বললেম সতিয় কথা।

মছে। নারাণ ও দিকে যা।

নারা। যাচিছ। বড় মা ঠাকুরাণ নাই বলে দিদী ঠাকুরাণীর মুখ পানে কেউ একবার তাকায়ও না।

সৌদা। ছর হ নেমকহারাম।

নারা। আমি নেমকহারাম নই বলে এমন কথা বলছি, নেমকহারাম নই বলে দিলী ঠাকুরাণীর চথের জল দেখতে পারি নে।

মহী। আর দেখতে হবে না। নারাণ, তুই আমার সঙ্গে চল।

মহে। মহীকুমারী, কোথার যাও ?

সৌদা। আমার অপমান করবার ইচ্ছে থাকে তো নিষেধ কর—জার যদি এমন করে আমার অপমান কর আমি এ বাড়ী হতে একেবারে চললেম।

মহী। নারাণ, চল।

নারা। দিদী ঠাকুরাণী বড় মনের বাধার এ বাড়ী ছাড়লেন—এঁর সঙ্গে সঙ্গে এ বাড়ীর লন্ধী ছাড়ল।

[यहीकूयाती ७ नातात्ररणत श्रन्थान, श्रम्कार्ड यरस्टक्रत गयन।]

সৌলা। আমার আপনার অমন মেয়ে হলে ছাই পেড়ে কাটতেম।

[अना निक निज्ञा श्रन्थान ।

দ্বিতীয় অরু।

চতুর্থ গর্ভাঙ্ক।

পাটনা, বক্তিয়ার খিলিজির শিবির। মোরাদ খিলিজি ও একজন দূতের প্রবেশ।

মোরা। তুমি বাঙ্গলার কোন দিক দেখেছ ?

मृछ। य निक मकलात (मदा।

भारता। दिन, त्रिशानकात्र त्रात्रा क्विनिय कि ?

দৃত। সবই ভাল, তার মধ্যে সেরা কোনটা বলতে পারি নে।

মোরা। তোমার চক্ষু আছে, বিবেচনা করবার ক্ষমতা নাই। আছে। ফলের মধ্যে দেরা কি ?

দৃত। কছটো বড় মেলে।

মোরা । উন্নুক কাঁহাকা ? গরুর ঘাস ভাল লাগে, পাপিয়া মেওয়া খায়।

দৃত। হাঁ, একটা ফলের কথা মনে পড়েছে। আদ হাত গাছে দেড় সের ছ সের ফল।

মোরা। তাজ্জব কথা। হাঁড়িতে হাতি।

দৃত। দেখতে যেন পোষাকপরা বাদসার ছেলে, নাম তার আনরো—দ। আমি একটা ছাল ছাড়িয়ে খেয়ে মুখ চুলকে মরি।

মোরা। বান্দালী লোক এই জিনিষ খোষ করে থায়! কি ফুল বড় খোপস্থরং.?

দৃত। আমি তা ভাল করে দেখিনি।

মোরা। সেরেফ কছ দেখেছ আর কছ থেরেছ (হাস্য)। সেধানকার মেরেমাম্ব কেমন ?

দৃত। হাঁ, সেথানে মেরেমাতুর আছে।

ংমারা। আছে ঠিক ? (হাস্য) তোমা অপেকা বাঁদর অধিক চতুর।

পৃত। সেধানকার মেয়েমাহ্য বড় ঝকড়ো।

মোরা। ধোপত্তরৎ কেমন ?

দৃত। ভালও আছে, মন্দও আছে। তাদের মুখ ভাল করে দেখতে পাই
নি। তাদের মুখের দিকে তাকালেই শুখ কিরোয়।

মোরা। তাদের গান ওনেছ?

ছুত। তাদের ঝকড়া গুনেছি। ঝকড়ার সময় ধেন তারা লড়াইরের ফৌজ হয়।

মোরা। তারা কি ভাল বাসে?

দৃত। ফুল ভাল বাদে। ফুল নিয়ে সকাল বেলা দরিয়ার গোছল করতে মায়, গোছল করবার সময় ফুল নিয়ে খেলা করে।

মোরা। আচ্ছা তারা পুরুষের কি গুণ ভাল বাদে ?

বক্তিয়ার খিলিজির প্রবেশ।

রোমজান আলি আর দৌলত উল্লা ফিরে এসেছে।

[अश्वाम ।

দুত। দেলাম জনাব।

দ্বিতীয় দূতের প্রবেশ।

हि, ए। সেলাম জনাব।

বক্তি। দৌলত উল্লা. ফিরে এসেছ?

वि, मृ। शैं कनाव।

বক্তি। বাঙ্গালা কেমন রাজ্য, এর জন্য স্থাদেশীয় স্বধর্মীর লোককে পতি-পুত্রহীন করা যায় কি না প

দি, দৃ। আমরা যত রাজ্য জয় করেছি, বাঙ্গালার সমান কোনটাই নর। বাঙ্গালীদের উপর খোদার বড় দোরা, সোনার ধান নাই, রূপার ধান নাই, তবুও জমির গুণে বাঙ্গালীরা ধনী।

বক্তি। (স্বগত) বাঙ্গালীদের ধন ধনিতে নয়, জমিতে।

দ্বি, দু। জমি এত সরেদ যে থোড়া মেহরতে সোনা পরদা হর।

বক্তি। (অগত) তবে বাঙ্গুলা সহজে জন্ম করা বেতে পারে, কারণ বেধানে স্বভাব অমুকূল, দেধানে মন্থ্য অলস।

দি, দৃ। ফল, মৃল, শন্যি যে কত প্রদা হর তার লেখা জোখা নাই। খোদা বালালীদের জন্য গাছের উপর কটা সর্বৎ তৈরার করে রেখে দিয়েছেন। বক্তি। আমি কবির বর্ণনা চাই না।

দ্বিতীয় অস্ত।

্ৰি, দৃ। জ্বনাব, তালের মত এক গাছ আনছে তার নাম নেরেল, তার ফলের মধ্যে বৃদ্ধ মিটে জল ও শাঁদ পাওরা যার, একটা থেলে পেট ভরে যায়।

বক্তি। বড় আশ্চর্যা কল।

बि, मृ। গাছে পশম জন্ম।

बक्ति। हिन्दू উপন্যাদের কথা তো नग्र?

वि, मृ। कनांव, नरुत्र चहत्क (मर्(व्ह)

বক্তি। বাঙ্গালীরা কেমন?

ছি, দৃ। বাঙ্গালীরা বড় ছুর্বল। গায়ে অনেকের মাংস আছে, কিন্তু পেটেই মাংসের ভাগটা অধিক।

বক্তি। (হাস্য করিরা স্থগত) বাঙ্গালীরা হর্মল, খোদা তাদের স্থী করেই অকর্মণ্য করে ফেলেছেন। খোদা তাদের সব দিয়েছেন কিন্তু আত্ম-রক্ষার উপার করে দেন নাই।

ছি, দৃ। বালালীরা বড় নিজেজ, তাদের কথার তেজ নাই, চলনে তেজ নাই, কাজে তেজ নাই। সহজে রাগে না, রাগলে এক লহমার মধ্যে রাগ পড়ে যার। বালালীরা মিটে কথার বড় ভোলে।

বক্তি। (স্বগত) বাঙ্গালীদের জয় করা সহজ, জয় করে শাসনাধীনে রাধাও সহজ, এমন জেতের উপর শুক্তর স্বত্যাচার করেও তাদের ত্রুথায় নরম করা যায়।

बि, मृ। তাদের এত দরা বে একটা কুকুর কি বিরাল মারলে আ—হা—হা করে উঠে।

বক্তি। (স্বগত) যারা মারতে ভয় করে, ভাদের মারতে কডকণ ?

ৰি, দ্। বাদালী মরদ অপেকা তাদের মেরেমানবেরা ক্লেরদা তেজীয়ান, সহক্ষে রাগে, আর রাগ কল্পলে বাবের মত গর্জন করে।

ৰজি। তারা কি রূপ বৃদ্ধিমান ?

दि, मু। তারা ভারি চতুর।

বিক্তি। (শ্বর্গত) বৃদ্ধি আছে বল নাই, এরপ অবস্থার নার্থ ভীক ও শঠ হর। (প্রকাশে) ভারা কি বড় শঠ ?

षि, मृ। वर्ष भे ठ दांश इव ना-वर्ष जवन।

বক্তি। (বগত) নিত্তেজ, ভীহ্ন, সরগ—এদের বিনা আত্রে জর কর। যায়। (প্রকাশে) তারা কি রাজার শ্রতি সম্ভষ্ট ?

षि, मृ। ভाরী সভট, রাজাকে একটা পেগছরের মত দেখে।

বক্তি। (স্বগত) এরপ রাজাকে জর করা কঠিন—কিন্ত প্রজারা না-মরদ। (প্রকাশে) রাজাকে দেখেছ?

দি, দৃ। দেখেছি, অতি প্রাচীন কিন্তু রাজা বটে, দেখনেই মনে ভর ও ভক্তি হয়।

विक । (व्यव) व्यक्ति । (व्यकारन) रैननामन (मर्र)

वि मृ। আজে, तिर थि ।

বক্তি। সংখ্যা কত ?

वि म । मण राकादात्र मरशा।

বক্তি। তাদের অন্ত্র-চালনা দেখেছ?

वि, मृ। তাদের কাজের মধ্যে ছই, খাওয়া আর শোওয়া।

বক্তি। (স্থগত) তিন কুকুরে এদের সকলকে শিকার করে স্থানতে পারে। এক দল যৌমাছিকেও এদের অপেকা অধিক ভর হয়।

তৃতীয় দুতের প্রবেশ।

छ, मृ।
। रमनाम (श्रामावन ।

विक । मश्वाम कि ?

ভ্, দৃ। (ব্যক্তভার সহিত) বালালীরা অতি ভয়ানক জাতি, রাগলে জললা মহিবের মত হয়। আমি আর বাধর আলি জললের ভিতর দিরে আস্ছিলাম, তিন বেটা বালালী আমার বিনা কল্পরে পাক্ডালে, বেইজ্বতও করলে। তাদের পোষাকে বোধ হল তারা রাজার ছেলে।

বক্তি। বাঙ্গালী জাতি অতি পাজি।—দৌগত উল্লা জানার মনোরঞ্জনের নিমিত্ত মিখ্যা গর বলছিলি—কোই ছান্ন, লে বাও এদকো শের লেও।

দি, দৃ। আমি মুসলমান নই বদি মিছে কথা বলে থাকি। দোহাই জনাবের, আমার মারবেন না, আরার কসম, আমি বুট বান্ত বলি নি। রোম-জানকে জিজ্ঞাসা ককন আমি সত্য কথা বলেছি কি না। রোমজান বল না—

थ, मृ। रुक्त-

ৰক্তি। চুপ রও হারামজাদ্। লে বাও দৌলত উলাকে করেদ করকে
রাব্ধ। (দ্বিতীয় দূতকে লইরা প্রথম দূতের প্রস্থান) কোই হার? আফসর
লোককো বোলাও। [নেপধ্যে ভেরী-নিনাদ] বাঙ্গালীর এত বড় আম্পর্কা
আমার দূতকে আক্রমণ করে, অপমান করে—বাঙ্গালীরা আপন ঘরে আপনারাই আগুণ লাগিরে দিলে। (পরিক্রমণ)

शाशामक नरेग्रा दूरे जन रेमनिकंत श्रीतम ।

গোপা। (বগত) আমার অভিপ্রায় কি ব্রুতে পেরেছে? (প্রকাশে) ছজুর, জনাব, জাহাপনা, বাঙ্গালা তো আপনার হয়েছে।

ৰক্তি। (নাদেখিয়াও নাওনিয়া) ত্রস্ত বোলাও। [নেপথ্যে ভেরী-নিনাদ]

ছুই তিন জন সৈন্যাধ্যকের প্রবেশ।

প্রস্তুত হও কাল প্রাতে বাঙ্গালা আক্রমণ করবার জন্য যাত্রা করতে হবে।

বৈন্যা। যো ছকুম।

প্রস্থান।

বক্তি। (পরিক্রমণ করিতে করিতে) বাঙ্গালীর সাধ্য হল আমার লোককে আক্রমণ করে ?

গোপা। ভীহ্ন বাঙ্গালীর এত বড় সাধ্য যে আপনার লোককে আক্র-মণ করে?

বক্তি। (গোপালের প্রতি দৃষ্টি করিয়া) তুমি কে?

গোপা। ছজুর দাস এসেছে বাঙ্গালা জয়ের সহজ উপায় বলে 📆 ।

বক্তি। (হুস্থির হইয়া) তুমি কে ?

গোপা। (আতে আতে) মুসলমান সম্রাটের প্রতিনিধির লোকের অপ-মান জীক বালানীর ধারা! হজুর, আপনি যে বালানীর উপর রাগাধিত হরেছেন এ উচিত, অত্যন্ত উচিত, সম্পূর্ণ উচিত। আপনকার নিকট কোন কথা বলি বালার এরপ সাহস হর না, তবে বদি অভয় দেন তো সমুদার পুলে বলি। বৈজি। (স্বৰ্গত) এ ত বন্ধরাক্ষের চর নর? না, ত হলে এত সাইস করে আমার কাছে আসত না।

গোপা। তুজুর আমি বালালী—বালালীর নাম ওনে আমার উপর জুক্ত তবেন না।

বক্তি। (সবিশ্বয়ে) তুমি বাঙ্গালী ?

গোপা। কিন্তু আপনকার হিতাকাজ্জী। আমাকে বছরাজ-মন্ত্রী মহেক্ত পাঠিরেছেন।

বক্তি। বঙ্গুরাজের দৃত ? সন্ধির মানসে যদি এসে থাক সে আশা র্থা, আমি নীচাশর বাঙ্গালীর সঙ্গে সন্ধি করব না।

গোপা। আমি বঙ্গরাজের দৃত নই, মন্ত্রীর দৃত। আমার সকল কথা তনলে ব্বতে পারবেন আমি আপনারই মঙ্গলোদেশে কট পেরে এত দৃর এদেছি। মন্ত্রী মহাশর অতি বিচক্ষণ, পরিণামদর্শী। আপনকার সজে শক্ততা করলে যদিও আপাততঃ বাঙ্গালা রক্ষা হতে পারে—

বক্তি। (সাবেগে) কেহই আর বাঙ্গালা রক্ষা করতে পারে না।

গোপা। মন্ত্ৰী মহাশয়ও তাই বলেন।

বক্তি। লোকটীর বন্ধি আছে। তার পর?

গোপা। মন্ত্রী মহাশরের ইচ্ছা বে নির্বিরোধে আপনকার হতে রাজ্য সমর্পণ করেন।

বক্তি। এ বেশ কথা।

গোপা। কিন্তু মহারাজের ইচ্ছা যে আপনকার সঙ্গে বৃদ্ধ করেন।

বক্তি। (সক্রোধে) তবে তোমার এখানে আসবের কি প্রয়োজন ?

গোপা। হজুর শুহুন, মহারাজের পঞ্চাল হাজার সৈন্য আছে সেই সমুদর সৈন্য একতা করে যুদ্ধ করবেন তাঁর এইক্লপ বাসনা।

বক্তি। পঞ্চাশ হাজার দৈনা! দৌলত উলা বলছিল দশ হাজারের মধ্যে—মিথাবাদী নেমকহারামকে ফাঁদি দিতে হবে।

(शाशा । नवहीत्श चांठे हम शंकाद रेमना चांटि वटि ।

বক্তি। (স্বগত) সে নবদীপে গিয়েছিল বটে।

গোপা। মন্ত্রী মহাশরের কথার মহারাজ নরম হরেছেন কিছু তাঁর

জাতশুত্র বিরাটদেন কিছুই বুকে না—কিছুই শুনে না—বুদ্ধ করবে সংকর করেছে—পঞ্চাশ হাজার দৈন্য সঙ্গে করে আপনকার সঙ্গে যুদ্ধ করবে। মন্ত্রী মহাশয় যুদ্ধ করতে চাচ্ছেন না, আর হুদ্ধুর যদি তাঁর প্রস্তাবে সন্মত হন তা হলে তিনি যুদ্ধ নিবারণ করতেও পারেন। এই পত্র পাঠ করুন, পত্র পড়লেই সব জানতে পারবেন।

ৰক্তি। (পত্ৰ পাঠ কৰিয়া) বক্ষরাজ্য আমার হতে সমর্পণ করা তাঁর ইচ্ছা—ভাল। কি হলে এটা করতে পারেন, "গোপালের নিকট জানিবেন।" ভূমি গোপাল?

গোপা। হাঁ হজুর।

বক্তি। তিনি কি চান?

গোপা। আপনি বৃদ্ধ রাজা লাক্ষণ্যসেনকে মারবেন না বা কারাক্ষদ্ধ করবেন না।

বক্তি। আছাকরবনা। আর কি?

গোপা। স্বার—বাজালা শাসনের জন্য আ্পনকার প্রতিনিধির অবশ্য প্রয়োজন হবে—

ৰক্তি। হাঁ প্ৰয়োজন হৰে। বুঝেছি মন্ত্ৰী প্ৰতিনিধি হতে চান?

গোপা। আজা।

ৰক্তি। আমি তাতেও সম্বত। বংসর বংসর আমার নির্দারিত কর পেলেই হল।

গোপা। হজুর একটা কাজ করবেন, মন্ত্রী মহাশয় কৌশলে জাপনাকে রাজা হিচ্ছেন একথা যেন প্রকাশ না হয়।

ৰজি। ভাল তুমি এখন বাও। [বজিবার খিলিজি ব্যতীত সকলে নিকু ান্ত]
গঞ্চাশ হাজার নৈন্য—বৃদ্ধ না করাই ভাল—বিনা রক্তপাতে রাজ্যলাভ।
মন্ত্রী, লোকটা বৃদ্ধিমান কিন্তু বিধানবাতক। যাক আমার অভীট নিদ্ধ হলেই
হল। অতি জখনা লোক—বার্থের জন্য স্থাধীনতা অবলীলাক্রমে দিতে পারে।
বে জাতির মধ্যে এমন কুলালার আছে ভারের কোন কালেই মদল নাই। খোদা
কাকেরদের এইরপই করেছেন—ধিক স্বার্থপর, কুলালার, কাপ্তুম কাকের।

্যবনিকা পত্ৰ ।

তৃতীয় অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

नवदीभं, त्राञ्च-जङा।

গোবিন্দ ভটাচার্য্য ও মহেন্দ্রের প্রবেশ।

মহে। পরমেশবের মনে এই ছিল? মৃধিষ্টিরজুলা লাহ্মণাদেন সেক্ষণণ দারা রাজাচ্যুত হবেন ? গুরুদেব, মহারাজের পক্ষে যুদ্ধ মবিধের?

গোবি। তার আর দন্দেহ।

মহে। আজা, তাই বটে। কারণ তা হলে মহারাকের সহত্র লোকের জীবন-নাশ-পাতকে মগ্র হতে হবে। কিন্তু মহারাজ যুদ্ধ করবেনই।

গোবি। মন্ত্রি, তুমি নিষেধ করও।

মহে। মহারাজ স্বরাজ্য রক্ষার জন্য যুদ্ধ করবেন, আমি কি নিবেধ করতে পারি? জাপনি নিবেধ করলে ভাল হয়।

(शांवि। जान, शांबिई नित्यध कदव।

মহে। আপনি জানছেন যুদ্ধ করা পাপ, তথন মহারাজকে নিরস্ত না করলে তাঁর পারত্রিক মঙ্গলের হানি হবে, আপনকারও বটে।

গোবি। তা কি আমি বুঝি নে?

মহে। (বগত) আপনি এইরপ চতুরই বটে। (প্রকাশে) আপনি রাজগুরু, মুদ্ধ হলে পরে মেচ্ছেরা আপনাকে সকলের আগে ধরে আপনকার অপনান ও ধর্ম নই করবে।

পোবি। অন্যায় কথা নয়।

মহে। আপনি যদি মহারাজকে নিবেধ না করেন, এইরপ হওরা সন্তাবদা।

পোবি। আমি নিষেধ করব। তা হলে মহারাজ কথনই মুদ্ধ করবেন না

লাক্ষণ্যসেন, বিরাইসেন, ছরিপ্রসাদ ও সভাসদগণের প্রবেশ ও স্বাস্থান্তান উপবেশন।

বিরা। মহারাজ, যবনেরা ছারে উপস্থিত, এখন কর্ত্তব্য কি ?

লাক্ষ। (চিস্তিত ভাবে) শ্লেচ্ছেরা জরলাভে উন্মন্ত হয়ে বঙ্গাভিমুখে আসছে—বিপদ সামান্য নয়।

গোবি। মহারাজ, অনেক দিন অবধি অমঙ্গলস্চক ঘটনা হচ্ছে, এখন স্ঠিনান অমঙ্গল উপস্থিত। এরূপ বিপদ কেহ কথন দেখেও নাই,শোনেও নাই।

লাক্ষ্ম। আমি এত দিন রাজত্ব করে এখন প্রাচীন হয়েছি আর ভীবণ অমঙ্গল উপস্থিত। মন্ত্রীবর কি কর্ত্তব্য ?

মহে। এ বিষয় আমি রাত্রিদিন ভাবছি কিন্তু কি কর্ত্তব্য কিছুই স্থির করিতে পারি নাই। যাহাকে জানা নাই তাহার সম্বন্ধে কর্ত্তব্যাকর্ত্তব্য নির্ণয় করা কঠিন। তুরকিদিগের বিষয় এইমাত্র জেনেছি যে তাহারা মহাবল পরাক্রান্ত ও যুদ্ধবিশারদ, কারণ ভারতবর্ষের অনেকগুলি প্রদেশ তাহারা জানায়াদে জায় করেছে।

হরি। (জনাস্তিকে বিরাটের প্রতি) বল না যুদ্ধ করব।

বিরা। (জনাস্তিকে) বিলম্ব কর।

লাক্ষ। আমি নিজ প্রজাবর্গকে বড় স্নেহ করি। ধর্ম বলছেন, আমি তাহাদিগকে রক্ষা করব—রক্ষা করতে হবে। এই জ্বরাজীর্ণ শরীর দিয়েও রক্ষা করতে হবে। (উৎসাহের সহিত) যুদ্ধ করা উচিত—যুদ্ধ করব।

বিরা। (সোৎসাহে) যুদ্ধ করব, খদেশের স্বাধীনতার জন্য যুদ্ধ করব, তাতে যায় প্রাণ যাবে।

হরি। বঙ্গভূমি কথনও পরাধীন নন—আমরা জীবিত থাকতে পরাধীন হতে দেব না। বঙ্গীয় তরবারিতে শ্লেচ্ছ রক্তের স্লোত প্রবাহিত করব।

লাম। বদবাদী মাত্রেই এইরূপ দুচ্সংকর হওয়া উচিত।

গোবি। মহারাজ ভবিষ্যপুরাণে মেচ্ছগণ কর্তৃক বঙ্গ আক্রমণের বিষয়
শাষ্ট্রমণে উলিধিত আছে।

লান্দ্র। শুরাণে এ বিষয় উল্লিখিত আছে। ইহার প্রতিবিধানের বিষয়ও অবশ্য উল্লিখিত আছে। গুরুদেব, কি লেখা আছে ? গোবি। আমি প্রাণ সঙ্গে করে এনেছি, পাঠ করছি, প্রবণ করুন। শাস্ত্রকারেরা বা লিখেছেন তদস্থসারে কার্য্য করুন, কারণ রাজনীতি শাস্ত্রাস্থ-সারিণী হওয়া উচিত।

লাক্স। অবশ্য, শাস্ত্রই অন্ধ মানবের চকু। শাস্ত্র আমাদিগকে সকল বিষয়ে পথ প্রদর্শন করেন। পাঠ করুন।

বিরাও হরি। পড়ুন, পড়ুন। শাস্ত্রে যে উপারের কথা লেখা আছে, ঠিক সেইটীই অবলম্বন করা যাবে।

গোবি। মহারাজ শুরুন:-

যবনা: প্রবলা বঙ্গং গ্রহীষান্তি নতে কল্যেন নাপি দৈবং নটেবান্তং ক্ষমেত তস্য রক্ষণে ॥ খেতবর্ণ মহাকায়নীর্ঘবাহক্ষমুপতিম্। ব্যাঢ়োরস্কং বিজেতুক্ষ: সহেত বীরমঙ্গনে ॥

অর্থাৎ কলিশেরে যবনেরা প্রবল হয়ে বৃদ্ধ কয় কয়বে। দৈবকার্ব্য বারা বা অন্তবলে ইহাকে রক্ষা করা যাবে না। যবন-সেনাপতি শেতবর্ণ মহাকার, দীর্ঘবাহ, প্রসন্থবক্ষ, তাহাকে পরাস্ত করে কাহারও সাধ্য নাই।

नामा। व्या! (नीत्रव।)

विता। वलन कि अकलाव ?

মহে। আশ্চর্যা ! শাস্ত্রে এ স্বই আছে— যবন সেনাপতির বর্ণ, শরীরের গঠন—সম্দর ! মহারাজ, আজি যে দৃত ফিরে এসেছে সে যবন-সেনাপতিকে এই রূপই বর্ণনা করলে। হা হতভাগ্য বঙ্গদেশ !

লান্দ্র। বঙ্গভূমির কপালে শেবে এই ছিল! বা হবার তাই হবে বৃদ্ধ করব—বঙ্গের পতন হবার পূর্বের লান্দ্রগসেনের পতন হক।

মহে। শারের কথা মিথা হর না। ইহা না জানাই ভাল ছিল, কুসত্য অপেকা ক্রমজানতা বাহুনীয়।

গোবি। যুদ্ধ করা দেবতাদিগের অভিগ্রার নর, তা হলে শাস্ত্রে এরপ লেখা থাকবৈ কেন?

লান্ন। বিধাতার ইচ্ছা বঙ্গভূমি ববনাধিকৃত হয় কিন্তু বঙ্গের জন্য লান্মণ্য-দেনের আণ দেওয়া দেবতাদিগের জনভিত্রেত নছে। গোবি। বাহা করা বৃথা তাহা জনাবশ্যক। মহারাজ, যুদ্ধ করবেন না।
লালা। (সচিত্ত তাবে) যুদ্ধ করব না। এই অল্পর রাজ্য ববনেদা
জর করবে, জনারাসে জয় করবে। (সাবেগে) বলভূমির কি রক্ষক নাই, রাজা
নাই, সৈন্য নাই? যবনেরা জয়-পতাকা তৃলে, জয়-বাদ্যে গগণ প্রতিজ্বনিত
করবে আর বলভূমি বিনা বাতাসে ভঙ্ক পত্রের ন্যার নিঃশব্দে পতিত হবে—
এবং কাপুরুব লাল্পগ্রসন জীবিত থাকবে! রাজ্য, স্থদেশ, জয়ভূমির জন্য
রদ্ধ করব না? নরদেহবিশিষ্ট লাল্পগ্রসন কি পাষাণ সৃষ্টি মাত্র? শুকুদেব,
লাল্পগ্রসন বৃদ্ধ বটে, ভীক নয়। যুদ্ধ করব।

গোবি। নিক্ষণ যুদ্ধের ফল মহাপাতক। শত শত লোক যুদ্ধে প্রাণত্যাগ করবে সে পাপ হবে কার ? আপনারই। এ পাপে লিপ্ত হবেন না, যুদ্ধে প্রয়োজন নাই।

লান্দ্র। (চিন্তিত ভাবে) পাপ হবে-নরহত্যা মহাপাতক।

গোবি। মহারাজ, রাজ্য রক্ষা হবে না, অথচ শত শত লোক প্রাণ ত্যাগ করবে, আপনি বিজ্ঞ হরে এ মহাপাতকে মগ্ন হবেন না। জালি শাস্ত্রের মর্শ্ম অবগত হরেও যদি আপনাকে নিষেধ না করি আমার কি পাপের সীমা আছে?

লাদ্ধ। আপনি নিবেধ করনে আমার সাধ্য নাই যুদ্ধ করি।
ব চিন্তিত ভাবে) যুদ্ধ করব না। (সাক্ষেপে) বিরাট, মহেন্দ্র, আমাকে
জীবিত অবস্থায় চিতার তুলে দগ্ধ কর। আমার নিরীহ প্রজ্ঞাগণ শক্ত-হত্তপত
হবে—উ—হ—বিধাতা! কেন রাজ-মুকুট শিরে ধারণ করেছিলাম, কাপুরু-বের মন্তকে রাজমুকুট শোভা পায় না। (মুকুট ভূতলে ক্লেপণ) শুরুদেব,
নিবেধ করবেন না, যুদ্ধ করি।

গোৰি । মহারাজ, মোহে মুগ্ধ হরে অধর্ম করবেন না। বঙ্গভূমির কপালে যা আছে তাই হবে। বিধাতার নির্বন্ধ কে ধণ্ডন করতে পারে ?

ं नाम । युक्त कत्रत ना ! ७- ए !

বিরা। আমরা যুদ্ধ করব।

পোৰি। বিরাট, মহারাজ বধন নিরস্ত হলেন ভবন তৃষি অখন কথা বলও না। বিরা। আপনি কান্ত হন, আপনকার কথা আমি ওনলেম না।
গোবি। বালক বিরাট, আমার কথা অগ্রাহ্য করে মনে করেছে কি
জয়লাভ হবে ?

হরি। উনি না করেন আমি মনে করি।

পোবি। কান্ত হ হরিপ্রসাদ, তুই তো একটা উল্লাদ মাত্র। বিরাট,
যুদ্ধ কর কিন্তু জয় লাভ হবে না।

বিরা। আপনি শাপ দেবেন, দিন। স্বদেশের স্বাধীনতা রক্ষার জন্য আমি এক্ষশাপকেও ভয় করি না।

লাক্ষ। বিরাট, মুখে এন না অমন কথা-ব্রহ্মশাপ।

বিরা। আবি যুদ্ধ করবই। এখনও সমর আছে আমি বুদ্ধের সক্ষা করি গিরে, চল হরিপ্রসাদ।

হরি। যত কাপুরুষ একতা হয়ে বঙ্গভূমির সর্ব্ধনাশ করতে বসেছে।

মছে। মূবরাজ, আপনি এত ব্যস্ত হলেন কেন ? মহারাজ নিজে বিবে-চনা করে একটা সাব্যস্ত করুন।

शांवि। गांवाळ श्राह, मश्तांक युक्त कत्रत्वन ना।

মছে। ৰাত্তবিক কি যুদ্ধ হবে না?

সভাসদাণ। যুদ্ধ হওয়া উচিত নয়।

বিরা। কাপুক্ষর ভীকণণ, ভোমাদের পরামর্শ চাই না। দেখি আহার কথার দৈন্যগণ যুদ্ধ করে কি না ? বঙ্গরাজ্যে পুরুষ আছে, বাপের বেটাও আছে, তারা যুদ্ধ করেব।

হরি। চল বিরাট, সৈন্যগণ সঙ্গে মেছ-রক্তে পৃথিবীকে প্লাবিত করি।

[विद्राष्टितरमद्र मरक व्यक्ताम ।

বানা। তারা গেছে-লান্দণ্যসেনের শেষে এই দশা হল!

[বিরক্তির সহিত প্রস্থান। পঞ্চাৎ পঞ্চাৎ অন্য সকলে নিক্ষাস্ত্র।

দ্বিতীয় গৰ্ভাঙ্ক।

রাজ-ভবন, অন্তঃপুর।

शक्ते-वक्त-शतिशान माध्यभारमत्तत्र श्रादम्।

লাকা। (উর্দ্ধে দৃষ্টি করিয়া আন্তে আন্তে পরিক্রমণ) হস্তপদ বদ্ধ হয়ে অতল বিষ-সাগরে নিমগ্ন হতে হল। এ শত জ্বের ছফ্ তির ফল। যার শরীর হতে অস্থি মাংস পর্যান্ত ক্রমে ক্রমে বিগলিত হয়ে পড়ে সেও কি এত বন্ত্রণা ভোগ করে ! কোটা লোক আমার প্রজা, আমি কি না বিনা যুদ্ধে ছুরাচার মেচ্ছদিগকে রাজ্য ছেড়ে দিচ্ছি? বঙ্গে কি বীর নাই? কাপুরুষ লাক্ষণ্য-**रिगरने मामनकारन वक्र कि वीत्रम्ना इन? आ**भि भृर्खिमान कनक इराप्र পড়েছি। যুদ্ধ করলেম না-করতে পেলেম না-বিধাতা দিলেন না। হা ইষ্টদেব, কেন নিষেধ করলেন ? ইষ্টদেবের প্রতি কেন দোষারোপ করি ? গুরুনিন্দা মহাপাপ। বিধাতা, বঙ্গভূমি কি দোবে দোষী বে তাহার পায়ে অধীনতা শুঝল পরাচ্ছ ? বাঙ্গালীরা ধর্মভীত, মহৎ, শাস্তস্বভাব, তাই কি তাহাদিগকে প্রাধীন করছ ? কেন চির-অনাবৃষ্টি, খাদশ-বর্ধ-ব্যাপী ছভি ক্ল, ভীষণ মহা-মারীছারা বঙ্গভূমিকে জনশূন্য করলে না ? আর্যাজাতিশ্রেষ্ঠ হিংসা-বিদ্বেষ্ণুন্য ধর্মপরায়ণ বাঙ্গালী জাতিকে পরাধীন, মেচ্ছাধীন, মেচ্ছপ্রপীড়িত মেচ্ছ-পদ-দলিত হবার জন্য কি স্ক্রন করেছিলে বাঙ্গালীরা কার স্থথের হস্তা হন্দেছিল. कात इ: त्थत कात्रण इटप्रहिल त्य जात्मत्र এই পরিণাম इल ? (निस्क इटेग्रा **डेटर्क मृष्टि**)

জলপূর্ণ পাত্র হত্তে ত্রন্ধায়ীর প্রবেশ।

ব্রন্ধ। তুমি প্রভ্র নৃসিংহ মৃর্ত্তির প্রতি এক দৃষ্টিতে তাকিয়ে রয়েছ—
প্রভ্র মহিমার কথা ভাবছ? প্রফ্রাদ সন্মুখে করবোড়ে দাঁড়িয়ে রয়েছেন।
আহা। প্রভ্ প্রফ্রাদকে কত বার বিপদে ফেলে তাহতে উদ্ধার করেছিলেন।
প্রভ্, তুমি বিপদে ফেলে ভক্তকে পরীক্ষা কর।

লান্ধ। সুধামাথা কথা গুলি আবার বল।

ব্ৰহ্ম। প্ৰভূ বিপদে ফেলে ভক্তকে পরীকা করেন—বিপদের সময় যে তাঁর চরণ ধরে পড়ে থাকে তার আর ভয় নাই। নান্ত্র। তোমার মত আমার ভক্তি হত। কি স্থমধুর বাকাই বললে। প্রভুর চরণ ধরে পড়ে থাকলে কোন ভরই নাই। কিছু আমি তা পারিনে। ব্রহ্ম। হরিপদ ভরসা। এই জ্বলটা পালোদক করে দেও।

লাক্ষণ্যসেনের পাত্তে চরপাঙ্গুলী স্পর্শ করা ও এক্ষমরীর সেই জল নিজ মন্তকে হিটাইয়া দেওরা। জনৈক জ্রীলোকের অন্ন লইয়া প্রবেশ, ও ভাহা রাধিয়া প্রস্থান।

ভাত এনে দিয়েছে, আহার করতে বসও। লাক্ষ। থেয়ে কি হবে ? আর থেতে চাই না।

ব্রহ্ম। (অত্যস্ত ব্যস্ততার সহিত) এ কি কথা? তোমার মন বিচলিত করে এমন কি হুঃখ হরেছে?

লাহ্ম। এ ছঃখে পাষাণ বিচলিত হয়, বৃক্ষ রোদন করে।

বন্ধ। হয়েছে কি ? হয়েছে কি ?

লাকা। মুসলমান দৈন্য আমার রাজ্যে প্রবেশ করেছে।

ব্রহ্ম। আমাদের কি সৈন্য নাই ? তারা যুদ্ধ করুক, মুসলমানদিগকে দূর করুক। তুমি স্বয়ং ধর্ম, তোমার রাজ্য স্বয়ং ধর্ম রক্ষা করবেন।

লান্দ্র। রাজ-মহিধীর যোগ্য কথা বলেছ। কিন্তু সৈন্যগণ যুদ্ধ করবে না, যুদ্ধ করতে পারলে না।

বন্ধ। তারা তোমার সুণ খেয়েছে, এখন তোমার কার্ফ করবে না ! তারা কি সব মেয়েমাসুষ হরেছে ?

विद्रार्धरमध्य (वर्ग श्रांतम ।

বিরা। আক্ষেপ রাখি কোথা? সেনাপতি কাপুরুষ, সেনাগণ কাপুরুষ, কেউ যুদ্ধ করতে প্রস্তুত নর! যত কাপুরুষ একত্র হলে বঙ্গরাজ্য নই করলে।

শাল্প। আমি সেই কাপুক্ষদের মধ্যে প্রধান।

বিরা। মহারাজ আজা দিন, তা হলে সৈনাগণ যুদ্ধ করে।

लाक । वांचा विवाह, जामात त्मही क्ववाव माधा माहे।

বিরা। তবে বঙ্গ ছারধার হল। মহারাজ, আপনি বিজ্ঞানপতি হবে কি তীক ব্রাহ্মণের বাক্ষ্যে এককালীন বীর্যাপুন্য হলেন?

লাক্ষ। এক্ষেণের বাক্য, ইউদেবের বাক্য অগ্রাহ্য করতে পারি না। বিরা। ওহ! বন্ধ, তোমার আর ভরসা নাই।

[প্রস্থান।

বন্ধ। যুদ্ধ করবে না কেন? যুদ্ধ করতে আঞ্চা দেও। মুসলমানের। আমাদের রাজ্য নেবে? সংসারে পদে পদে বিভূমনা। এখন চারিটে আহার কর—মুনলমানেরা তো এখনও আদে নি।

লাক্ষ। ঈশবের ইচ্ছা এই। ছিলেম রাজা, হতে হবে পথের ভিথারী।
ব্রহ্ম। ভগবানের এমনই ইচ্ছা? প্রভ্, তুমি মারলে কে রাথে? যা
দিয়েছ সবই নেও; নেও, কিন্ধু যেন তোমার শ্রীচরণ হতে বঞ্চিত করও না।
বৃক্ষমূল মট্টালিকা হবে, ভিক্ষার রাজ-ভোগ হবে, ভাকবা মাত্র যদি তোমাকে
পাই। [লাক্ষণ্যসেনের আহার করিতে উপবেশন ও ব্রহ্মময়ীর পাথা দিয়া
বাতাস দেওয়া] স্থির হরে বদে রইলে কেন? আহার কর।

লাক্ষ। এ যদি অন্ন না হয়ে ছাই হত তা হলে উদরস্থ করতেম ?

বন্ধ। অমন কথা বলও না। বিধাতার মনে যা আছে তাই হবে।
আহার কর, তোমার অফুচি হয়েছে বলে এক দিনের পথ হতে পানফল
আনিয়ে আমি স্বহস্তে রেন্ধেছি—ভূমি ত তা ভাল বাদ।

লক্ষ। জ্বীবন বিস্থাদ হলে সবই বিস্থাদ। রাজ্য যায়, আমি জ্বীবিত ! ব্রহ্ম। পাও, চারিটে পাও।

লান্দ্র। থাই, ছাই থাই। (অন্নগ্রাস লইন্না মূখে দিতে উদ্যত)

[নেপথ্যে] মহারাজ, পালান, পালান, পালান।

লান্ত্র। কি, কি, কি ? (গাত্রোখান)

भावित्म उक्राहादवात्र (वर्ग श्रदम् ।

গোবি। (সাবেগে) সর্বনাশ উপস্থিত—প্রস্থান করুন, করুন। এসেছে, মুস্লমানেরা এদে পড়েছে, রাজ-বাটীতে প্রবেশ করেছে। প্রস্থান করুন, প্রস্থান করুন।

ा माचा। कि, ब्राक्ष-छवरन अरवन करतरह ? लान्त्रशासन अथन अपन मार्ट ।

(বেগের সহিত অন্ত গ্রহণ) প্রহরীরা বার রক্ষা করতে পারলে না, আনি নিজে বাই, দেখি হিন্দু-তরবারিতে ক্লেক্সের রক্তপাত করা বাস কি না ?

গোবি। মহারাজ, লক্ষ লক্ষ মুসলমান রাজ-ভবনে প্রবেশ করেছে— যাবেন না, যাবেন না । আপনি গিরে যবনদিগের দিগদিগন্তনাশক ক্রোধা-নল বুদ্ধি করবেন না ।

লাক্ষ। (সাতুনরে) গুরুদের নিবেধ করবেন না।

গোবি। আপনি গেলে তারা কাউকে রাধবে মা। আন্ধণের কথা রাধ্ন, আপনি ক্রোধণরবল হরে অন্যের প্রাণহস্তারক হবেন না। আপন প্রাণ নষ্ট করা পাপ, অন্যের প্রাণনালের কারণ হওয়া ততোধিক পাতক। রুদ্ধ বয়দে মহাপাতকে লিপ্ত হবেন না, হবেন না।

লাক্স। স্নেচ্ছেরা রাজ্য নিচ্চে, রাজ-ভবনে প্রবেশ করলে— গোবি। মহারাজ, যাবেন না, যাবেন না।

লান্দ্র। (সাক্ষেপে) আমি রাজাবম, পুরুষাধম, নরাধম, নররক্ত এ শরীরে প্রবাহিত হওয়াই বিধাতার বিড়বন।। লান্দ্রণাদেনের পক্ষে আন্ত্র ধারণ করা মহাপাতক। (অন্ত্র ফেলিয়া শুন্তিত ভাবে কণ্ডারমান।)

ব্ৰহ্ম। বিরাট কোথার?

গোবি। রাজ-ভবনে দেবি নি। মহারাজ চলুন, চলুন।(হস্ত ধরিরা আকর্ষণ)

লাক্ষ। না গুরুদেব, আপনারা যান। স্লেচ্ছেরা আফুক, আমাকে বধ করুক, আমি আর মহুষ্যকে মুখ দেখাব না।

[বারে আঘাত।]

গোবি। (সভয়ে) ঐ বুঝি যার ভেলে ফেললে, মহারাজ চলুন। যাবেন না, ঐ—যার—ভাললে। (বেগে প্রস্থান)

[बारत व्यावाछ।]

ব্ৰহ্ম। তোমার পারে ধরি চল। (চরণ ধারণ) এমন করে মৃত্যুকে ডেক না। চল, নইলে ধর্মকর্মরহিত লেচ্ছেরা এসে আমার অপমান করবে— তা কি দেশতে পারবে? লাকা। তবে চললেম।

ব্রহ্ম। হরিপ্রিয়ে, জরতারা, গনেশজননী, তাদের কেমন করে ফেলে যাই ? মাধব, তাদের ডাক, একত্রে যাই।

[উভয়ে নিজুান্ত।

বক্তিয়ার খিলিজি, মহেন্দ্র ও গোপালের প্রবেশ।

বক্তি। রাজা কোথার? আমি তাকে মারব না, করেদ করব না, কোন প্রকারে কষ্ট দেব না।

মহে। এই তো রাজ-অন্তঃপুর, এখানে দেখছি না তো ?

গোপা। (নেপথোর দিকে দৃষ্টি করিয়া) ঐ রাজ-ভবনের বাহিরে গেলেন। বক্তি। চলে গেছে, যাক—বৃদ্ধ রাজা রাজ্য ফেলে প্রাণ ভয়ে পালাল,

শুনে হাসিও পায়, হঃখও হয়।

মহে। তৃজুর, না পালিয়ে করবেন কি ? এই দাসের কৌশলক্রমে এক জন দৈনিকও বৃদ্ধ করতে সম্মত হয় নাই।

ৰক্তি। ধনা তোমার অপূর্ক বিশাস ঘাতকতা! আমাকে থাজনা থানার চাবি দেও। (অন্য দিকে দৃষ্টি)

গোপা। (আন্তে) বল না লাক্ষণ্যদেন সঙ্গে করে নিয়ে গেছেন।

বক্তি। (মুখ ফিরাইয়া) এ বুঝি নৃতন বিখাদ-বাতকতার অঙ্কর। প্রামাকে প্রভারণা করবার চেষ্টা করছিদ ? দৌলত উলা।

[নেপথ্য] ত্কুম জনাব?

विक । এ वनभारत्रमको शोक ।

এক জন সৈনিকের প্রবেশ ও গোপালকে আক্রমণ। গোপা। (করযোড় করিয়া) আমি বলেছি—বলেছি—হজুর—

বক্তি। চুপ রও নেমকহারাম। (অসিমূল হারা আঘাত)

গোপালকে লইয়া সৈনিকের প্রস্থান।

মহে। জনাব, আমরা আপনাকে রাজ্য দিলেম, আমাদের প্রতি এত নিগ্রছ কেন ? আপনার অঙ্গীকার কি বিস্মৃত হয়েছেন ?

বক্তি। অঙ্গীকার কি ?

मटर । आमारक ताका कतरवन । आशनि दिश्विक्षत्री महारविद्धा, अवनाई

অঙ্গীকার পালন করবেন, সে বিষয়ে আমার সন্দেহ নাই, কিন্তু গোপাল আপ-নার জন্য এত করেছে, তার প্রতি কেন এত নির্চুর ব্যবহার করণেন ?

বক্তি। কারণ বিখাস্থাতক্ষারা উপকার পেলেও তাকে বিখাস করতে নাই। যে একবার বিখাস্থাতক হয় সে শতবার বিখাস্থাতক হতে পারে। তুমি বিখাস্থাতকতার গোপালের ওক্তাদ।

মহে। আপনি অবশ্য উপহাস করছেন।

বক্তি। এ যদি উপহাস হল আরও একটু উপহাস করি। কৈ হাার ? [নেপথো] ছকুম, জনাব ?

বক্তি। এ সম্বতানকো পাক্ত।

धक्कन रेमिरकर थारान उ मरहम्मरक भ्रष्ठ करन ।

মহে। একি জনাব?

বক্তি। যে গাছ স্বহন্তে পুতেছ তারই ফল এই।

মহে। একেবারে সর্বনাশ! জনাব, আপনার নিকট আমি কি অপরাধ করেছি?

বক্তি। অপরাধ করতে পার, আর স্থযোগ পেলে করতে, এই তারই পুর-স্কার। এসকো লে যাও।

মহে। (যাইতে যাইতে) জনাব, আমি আপনকার দাস, অমুগত দাস।
আমার প্রতি নির্দর হবেন না।

বক্তি। বিশাস্থাতক, খোসামোদ অতি স্থমিষ্ট বিষ, আমি তা দেখ-লেই চিনতে পারি। যাও।

মহে। সর্কনাশ, নৈরাশ, মনন্তাপ, হাহাকার, এই আমার চরম গতি হল ?
[মহেন্দ্রকে লইয়া সৈনিকের প্রকাম।

ব্যক্তি। দৌলত উরা। দশ জন বৈদনিক আমার নিকটে পাঠিয়ে দেও— (স্বপ্ত) এখনই ধাজানার দার ভাঙ্গতে হচ্ছে।

(अकान।

তৃতীয় গভাঙ্ক।

মহেন্দ্রের বাটী, অন্তঃপুর। সোদামিনী ও ভতেতার প্রবেশ।

ভূত্য। (কর যোড় করিয়া) মা ঠাকুরাণি, আজ্ঞা করুন, স্বারবানেরা কি করবে ?

সৌদা। হয়েছে কি ?

ভূত্য। মাঠাকুরাণি, বিশ পঞ্চাশ জন মুসলমান সেনা অস্ত্র শস্ত্র নিয়ে ছয়োরে এসে উপস্থিত।

(मोना। जात्रा हांग्र कि?

ভূত্য। তারা বাড়ী লুটপাট করবে, শেষে ভেঙ্গে সমভূম করবে।

সৌল। তোমরা বলেছ এ মন্ত্রী মহাশরের বাড়ী?

ভূতা। মন্ত্রীমহাশরের বাড়ী বলেই আগে আক্রমণ করতে এসেছে।

সৌদা। কি! (স্বগত) যে রাজ্য দিলে তার বাড়ী আক্রমণ ! (প্রকাশে) তারা করছে কি?

ভূতা। বাড়ীর ভিতরে আসতে চেষ্টা করছে।

সৌলা। এত বড় সাধ্য ? যাদের শরীরে মাথা আছে তাদের এত বড় আস্পর্কা ? ধারবানেরা করছে কি ? এত কাল নেমক থেয়ে কি তারা নেমক-ছারামি করবে ?

ভূতা। তারা অন্ত্র শস্ত্র নিয়ে প্রস্তুত।

সৌদা। যাও তাদের বল গিয়ে "যো দেউড়িকা ইধার আওয়েগা ওসকো শির লেও।"

ভূতা। যে আজা।

[প্রস্থান।

সৌদা। (স্বগত) এ কি বিশাস হয় ? বিশাস নাই বা হয় কেমন করে ? মুসলমানেরা ত মাছব—মাছবের এইরূপ আচরণ। কি করতে কি হল। মেছদের ধর্ম কর্ম নাই। রাজ্য পেলে—শেবে এই—আমরা প্রভারিত হরেছি, ভয়ানক প্রতারিত হয়েছি। [নেপথে অস্তের শব্দ ও কোলাহল] এই তার
প্রমাণ। কি করে ফেলেছেন। এককালীন দে বাই। অথর্ম সয় না, তথনই
আমার মন কেমন করে উঠেছিল। কি কাজই করেছেন? এককালীন বৃঝি
ভূবেছি—কি ভয়ানক য়ৢড়ই করছে। (কিছু ক্ষণ নিভন্ধ থাকিয়া) হঠাৎ বে
য়ৢড় থেমে গেল—বাড়ীর মধ্যে বৃঝি প্রবেশ করেছে। এ কি সর্কানাশ হল?
(স্ততিত ভাবে দঙারমান)

[त्नभरथा] मा ठीकूडानि, भानान, এলো, এলো।

সीमा। (शहरत এक मिरक शांविक इटेग्रा) अ मात्र य वाहरतत मिरक বন্ধ রয়েছে। (অন্য দিকে ধাবিত হইরা) এ দোর দিরে যাই কেমন করে ? **এই দিক দিয়ে তারা আসছে। সর্বনাশ হল। এ দোর বন্ধ করি। (वंश्वि:बाর** বন্ধ করা, পুনর্কার পুর্বেকার ছারের নিকট গিরা) ও শ্যামের মা, ও রাধামণি, শীঘ্র দোর খোল, দোর খুলে আমায় বাঁচা। ওরে তোরা সময় পেরে আমার বেড়া আগুণের মধ্যে ফেলে পালালি না কি ? পরে নেমকছারাম বেটারে. কে আছিদ, আমায় বাঁচা। ওরে দোর ধোল, শীল্প ধোল। গেলেম আমি, গেলেম আমি, গেলেম রে। ওরে বিপদের সময় কেউ কথা ওনে না রে। (গ্রহের मधाल्यल जानियां) कि रल, कि रल, कि रल। ए भा कालि, तका कर। এখন আর কে রাথে মা ? মা, মা, মা। (অভাস্ত ব্যস্তভার সহিত) হে মা কালি, হে মা কালি, হে মা কালি, কালি, কালি, কালি, (বাহির হইতে খারে আঘাত) বিপদ-নাশিনি মা. মা. মা. মেছের হাত হতে রক্ষা কর। মা, মা, মা, কোথায় প রক্ষা কর, রক্ষা কর, রক্ষা কর। (বাহির হইতে ছারে আছাত) রক্ষে কর-রক্ষে, রক্ষে, রক্ষে কর মা। (অজ্ঞান হইয়া পতন। ছারে আঘাত। भामाभिनीत श्रनस्वात रेठिका व्याशि) या. त्रगट्यट्य एका विराह । **क**त्र नाहे. ভয় নাই, ভয় নাই। মা ঐ ধড়া ? (কেশ আলুগায়িত করিয়া অন্ত গ্রহণ ও ভীবণ ভাবে পরিক্রমণ) আজ রণবেশে দেখা দিরেছ। তুমি পরহন্ত তুলে অভয় দিছে, আর ভয় নাই। মা, মনসাবে তোমার রাজা চরণে আৰু রেছ বলি দেব। আয়, আয় মেচ্ছগণ, তোদের শিরচ্ছেদন করি। (যার ভঙ্গ হওয়া) মা, মা, মা, মেচ্ছ বলি গ্রহণ কর। (নেপথ্যের দিকে অগ্রসর হইয়া ছিন্ন মন্তক वाम इत्छ वहेवा भूनः अदवन)

রণ-রঙ্গিণী ভয়-হারিনী, বিপদ-নাশিনী মা। জন্ম কালী, জন্ম কালী, জন্ম কালী মা। [বারস্বার এই বলিয়া নৃত্য]

যোরাদ খিলিজি ছারে প্রবিষ্ট।

মোরা। স্ত্রীলোকের পক্ষে এ যথেষ্ট বীরত্ব। এখন অস্ত্র ফেলে আমার বশীভূত হও, নচেৎ আমি ভোমাকে আক্রমণ করব।

[নেপথ্য] কাকে আক্রমণ, স্ত্রীলোককে? মোরাদ নিশ্চয় ভেনও আমার সেনাবে কেহ কোন স্ত্রীলোকের গাত্র স্পর্শ করবে—সে আমার সন্তান-তুল্য স্বেহের পাত্র হলেও আমি সহস্তে তার মন্তক ছেদন করব।

মোরা। এ, বিশ্বাস্থাতক মন্ত্রীর স্ত্রী।

[নেপথ্য] সম্বভানের স্ত্রী হক না কেন? আমার ছকুম, তারও গাত্র স্পর্শ করবে না।

সোদা। জয় কালী, জয় কালী, জয় কালী মা।
করালরপেনী, দৈত্যনাশিনী, ভক্ত-তারিণী মা।
(মোরাদ থিলিজিকে আক্রমণ করিতে চেষ্টা ও মোরাদ থিলিজির প্রস্থান)
জয় কালী, জয় কালী, জয় কালী মা।
ভয়-বারিণী, বিপদ-হারিণী, বিম-বিনাশিনী মা। (নৃত্য)
বক্তিয়ার থিলিজির প্রাবেশ।

বক্তি। ধন্য বীরাঙ্গনা, তুমি সৈন্যসঙ্গে যুদ্ধক্ষেত্রে সহস্র সহস্র বীর পুরুষকে পরান্ত করতে পার। যে তোমার স্বামী সে কি এত বড় বিশ্বাস্থাতক হতে পারে?

সৌদা। (পরিক্রমণ) জর কালী, জর কালী ভীমকপিনী মা। হরি হর ব্রহ্মা ভীত তব ভয়ে মা।

বক্তি। জামার কথা শুনতে পাছে না। যে জাতির স্ত্রীলোকের এত বীরত্ব তারা বিনা বুদ্ধে রাজ্য ছেড়ে দিলে। এদের রাজার বা সেনাপতির এর কণামাত্র সাহস থাকলে, কে বঙ্গরাজ্যে শক্তভাবে প্রবেশ করতে পারত ?

সৌলা। মা, আজ তোমার প্রসাদে তোমার শত্রু যবনদিগকে নির্দ্দুল করব। कत्र कानि, अब कानि, अत्र कानि वा । त्रवत्रक्रिनी, क्रजक्रिनी, क्रक्रिवनीमिनी या । (नृष्ठा)

বক্তি। মোরাদ, এই স্ত্রীলোককে গেরেফডার করে নিরে **বাও, কিছ** ইহার শরীরে অস্ত্রাঘাত করও না, কি**ছা ই**হার কোন প্রকারে অপমান করও না।

[প্ৰস্থান।

অন্য দিকের দ্বার উদ্ধাটন করিয়া তথায় আনক্ষময় ও হরিপ্রসাদেয় প্রবেশ।

হরি। মা, এই দার খুলে দিয়েছি, শীঘ্র আহ্ন।
সৌদা। মা, আজ রেচ্ছরতে তোমার চরণ হ্থানী ধুইরে দেব।
আন। এককালীন জানশুনা!

হরি। মা, তোমার হরিপ্রাসাদ তোমাকে ন্লেচ্ছহন্ত হতে রকা করবার জন্য এনেছে, শীঘ্র আন্ত্রন। এখনও পালাবার উপার আছে। মা, মা, মা।!

त्त्रीता। मा, मा, मा!

শক্তি-রূপা দিগম্বরী, অহুর-দলিনী মা। জর কালি, জয় কালি, জয় কালি মা। (নৃত্যু)

হরি। আনন্দময়, চল আমরা ঐ বাবে বাই—ক্লেচ্ছদিপকে বরে প্রবেশ করতে দেব না। [বাহিরের বাবে একজন মুসলমানের প্রবেশ] ঐ ছ্রাচার আসছে। (প্রবেশোন্ত)

আন। ঘরে প্রবেশ করও না। দেখছ না ইনি উন্মন্ত হরেছেন? হরি। যার প্রাণ যাবে, এঁকে রক্ষা করতে হবে। (মুসলমানের প্রতি) ধবরনার ঘরে প্রবেশ করিস নে।

আন। প্রাণ্ড ফাবে, রক্ষাও করতে পারবে না।

(रोगा : जब कानि, कानि, कानि, कानि, जब कानि मा।

(নেপথ্যের দিকে অগ্রসর হইয়া অন্য একটা সুসলমানের মৃত হতে লইয়া পুন:প্রবেশ)

তোমার প্রভাবে ট্রাম্ব ক্লিড্বন মা। জন কালি, জন কালি, জন কালি মা। (নৃত্য) হরি। ধন্য, ধন্য, ধন্য। মহীকুমারীর অপমানের কথা আমি ভূলে গেলেম।
ধন্য, ধন্য, ধন্য !

সেলা। জব কালি! (হরিপ্রসাদ ও আনন্দমরকে আক্রমণের চেষ্টা ও সকলের নিক্মণ)

চতুর্থ অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক। গয়ারামের-কুটীরের সন্মুধ।

নিধিরাম উপবিষ্ট।

নিধি। (তামাক কাটিতে কাটিতে)

গীত ৷

ওরে পাষাণী কেকই কেন পাঠালি বনে জগতের অমূল্য নিধি ঞ্জিরাম-ধনে ?

জাহা! বিটীর মনে এট্টুও দরা হল না! বিটী পাহাড়ে মেরে মান্ত্র, কলি-কালেও এমন ধারা মেরে মান্ত্র মেলে না। বিটীর মূই পাই, তো একবার ভাষাক কাটা করি। বিটীর ভাগ্যি যে নিধিরাম ত্যাথন অযোধ্যেয় ছিল না।

গীত ৷

কোমল অঙ্গে বাকল পরি, অবোধ্যে আঁধার করি, চলিলেন রাম বনবাসে, দেখিলি কেমনে? ওরে পাবাণী কেকই!

রাজার ছাওরাল, কট কারে বলে তা একবার অপনেও জানি নি, সে কি না বাকল পরে বনে চলন। মুই ঝদি সেবানে থাকতাম তাড়াতাড়ি ঘরের তে মোর পুজোর সমার কন্তাপেড়ে কাপড় থানা নিগে পরারে দেতাম, বাবা ঝা বলবার তাই বলতেন।

গীত।

অবোধ্যে নিবাসী যারা, কেঁদে কেঁদে হল সারা, কেবলই ধরে না হুথ, ভোর পাণ মনে। ওরে পাবাণী কেকই।

বিটারি পাতাম তো ঝাস্ক মুখোজরি করতাম। রাম বনে গেল আর বিটা আহলাদে আটখানা হয়ে পলেন। থাকত নিধিরাম সেখানে তো বিটার চূলির মুটো ধরে সাধটা মিটুরে চড়ক-পাক দিত। তাও বলি, রামডা বড় নাকারা, মাগের ভেড়া বাপের কথার বনে চলে গেল, অমন বাবার বাপের বে দেখাতি হয়। মাগ ঝারে নাক-ফোঁড়া বলদ করে লে বেড়ার সে আবার রাজা—রাজা হবে মোলের লল্পপেসনের মত, অন্যায়ডি কারে বলে, জানে না। অযোধ্যের লোক গুলো সব হাবা গলারাম, হা করে চেরে দেখলেন— এত বড় অন্যায়ডে কেমন করে দেখলি? অন্যায় করতিও নেই, অন্যায় চুপ করে দেখতিও নেই। পেট ভরে থাব, খাড়া হয়ে চলব, সত্যি কথা কর, জানায় করব না, অন্যায় চুপ করে দেখব না। এতে ঝা হবার তাই হবে।

গীত।

ওরে পাষাণী কেকই কেন পাঠালি বনে, জগতের অমূল্য নিধি শ্রীরাম-ধনে ? বেগে গোবিন্দ ভট্টাচার্য্যের প্রবেশ। ঠাকুর, দুগুবং। এত দড়িয়ে কনে যাচ্ছ ? দাঁড়াণ্ড, দাঁড়াণ্ড।

গোবি। যদি বাঁচবের ইচ্ছা থাকে, শীল এ স্থান হতে প্রস্থান কর।

নিধি। হন্যে শেলে তাড়া করেছে নাকি ঠাকুর ? ভর কি মুই লাটি আন্তিছি।

त्शावि। नात्त्र, ७ मिटक था ७व-माहन इटक् ।

নিধি। কি বললে ঠাকুর, কেমড়েছে? সুই বছ্ডি অবুধ ঝানি, কিছু ভয় করবা না।

ু গোৰি। ওরে মূর্ব, মুসলমানেরা এসে নববীপ ছারখার করলে।
নিধি। নববীপি কি-পুরবে ছাওয়াল নেই ? বেটান্দের গোরেক্সন

বেজুরে দূর করে দিতি পারলে না? নিধিরামেরে সোখাদটা দেলে না কেন? ঠাকুর, শুননি মুই কিন্তিবাদের সঙ্গে কি দালাডা করেলাম? মোদের জ্পম হৈল এক জন, তাদের জ্পম হৈল দেড় জন।

ে গোবি। রাজবাটীর দারবানদিগকে মেরেছে, রাজাকে মেরেছে, রাণীকে স্কেরেছে, যাকে পাচ্ছে তারই প্রাণ নই করছে।

নিধি। উলা রে উলা, তা আর না হল। মহারাজেরে মারে চাঁদের তলে এমন কেউ ঘর করে না গো ঠাকুর। এমন দিস্য যে রামা বাগ্দি সে ঝার মহারাজের কাছে ঝাতি বাতাসে কেলা-পাতের মত কাঁপে—তানারে মারে মুই দেখলিও পেতার করিনে।

গোবি। প্রত্যন্ন করিস আর না করিস তাতে ক্ষতি নাই। বলতে পারিস আমি নগর হতে কতদূর এসেছি?

নিধি। মোরা রইচি তো লগরের বাড়ে বললিই হয়, রামা বাগদি যদি এথেস্তে ডাক ছাড়ে, লগরের দিগদের পাড়ায় তা শোনা যায়।

গোবি। তবে ত আমি অনেক দুর আসিনি। (যাইতে উদ্যত)

निधि। ও पिकि करन यां अ ठीकूत १ अ पिकि रय दान।

গোবি। বেশ ত, বনের মধ্যে ফুকুই গে।

निधि। ठीकुत्र, त्वांत्न वर् वृत्नात्नादात्र ज्य।

গোবি। বটে ! ওদিকে যাওয়া হবে না। এখন কোথায় যাই ?

নিধি। মোগার এ কুঁড়ে ঘরে ওঠ না ?

গোৰি। নগরের এত নিকটে ছুর্গম ছুর্গের মধ্যেও থাকতে সাহস হয় না। আমাকে পথ দেখিয়ে দেও, বাবা। তোমার কল্যাণ হবে। বাবা, তুমিও পালাও। কেন অকারণে মারা যাবে ৪

নিধি। ঠাকুর, মরি সেও ভাল, তবু ভিটে ছাড়তি পারব না। চল মুই তোমারে গঙ্গার ধারে রেখে আদি। লায় চড়ে সচ্ছন্দে চলে যাতি পারবা, জল সাঁতার দে কেউ আর ধরতি আসবে না।

গোবি। নৌকার চড়া অসমসাহসিকের কার্য্য। আমি তা পারব না।

নিধি। ঠাকুর তুমি পুরবে ছাওরাল না চল মোদের ডিঙ্গি আছে, ভাইতি করে ব্যানে বল ভোমারে সেধেনে রেখে আদি। মুই এমন করে বোটে বাব যে মা পকাও জানতি পারবেন না। ডিকি কোটে হয়াকবেও না, দোলবেও না।

গোবি। আমার নিরে গিরে কি গঙ্গার মাঝখানে ছুবাবি ই আমি দৌকার কোনক্রমে চড়ব না। (সভরে) ঐ বৃধি এল। বাবা, শীক্র পথ দেখিরে হে।

নিধি। ও কিছুনা। মোদের মঙ্গলা গাই শুক্নো পাতার উপর 🐠 বেড়াছে।

গোবি। ওরে না। কোন পথ দিয়ে যাব, বাবা ? ঐ আবার কি শক ৈ নিধি। ও চাবাবা বাজে।

रगावि । नारत् ना । वावा, आमि-- भर्षा (मिश्रद (म)

নিধি। ঐ তেতুল গাছ দেখতি পাচ্ছ, উরির পাশে আল আছে। আল বেয়ে সিদে চলে যাবা।

গোবি। (ষাইতে বাইতে) বাবা, ভূমিও এস। এখানে থেক না। (বেগে প্রস্থান)

নিধি। ও ঠাকুর, ও ঠাকুর, তোমার পাঁজি পুঁথি কেলে গেলে বে। কিরে এসে লেযাও।

[নেপথ্য]। আমার পা একখান কেলে এলেও আমি কিরতে পারি না ।
নিধি। (সগত) লার চড়তে চার না। পুরবে ছেলের যদি হেলত
না থাকে, তারে মরদ বলি কি করে । মরি তো পালাব না, পুরবে ছাওলালের
এই কথা। বলে রাজারে মেরেছে, রাণী ঠাকুরুণরি মেরেছে। মোগার
ম্নিবির কথাটা জিজ্ঞানা করলি হতো—তবে ভোড়কো মানবির কথার
পেত্তর কতি নেই। বাঁহাতক ভোড়কো তাঁহাতক মিধ্যাবাদী, এডা জানবাই
জানবা।

[নেপথ্যে]। ঘরের মধ্যিতে পিড়িও পা খোবার জল আন্। নিধি। কেডা আসতেছেন ? ঠাকুররি ফিরুরে আনলে নাকি ? নেপথ্যে]। নারে, তারে বড়। মোদের কাস্ত দেবতা।

िनिवित्रास्त्रत श्राम् । '

गहाताम ଓ मिनामिनीत्र श्राद्यम ।

शंबा। (शंनाय तक्र निवा) मा, जाशनांत्र शाद्यत बुटलांत सारम्ब वांड़ी

পৰিত্যির হল। পিরপিমিতি ঝেন মা গঙ্গা নেবে আলেন। • কিন্তু ঝে জন্যি আলেন তাতে মোর মনডা যে কেমন হয়েছে তা কতি পারিনে। রাজরাণী কিনা চাবার ভাঙ্গা কুড়ের তলে মাতা দেলেন!

সৌদা। (সক্রোধে) আমার ঠাটা করছিস? রাজরাণী আমি কিসে ফলেম? আমি কি রাজরাণী হতে ইচ্ছা করি ?

গন্ধ। মাঠাকুকণ মুই তোমার ছাওয়াল। কোতাটা ঝদি কথ্য হরে থাকে ত মাপ করবা।

জল ও পিডি লইয়া নিধিরামের প্রবেশ।

গরা। মা, পিড়িতি বস, পা ধোও।

সৌদা। (সাক্ষেপে) রাজমন্ত্রীর স্ত্রীর আজ এত হর্দশা? ছোট লোকের ঘরে এসে আশ্রম নিতে হল [

গরা। আপনকার কাছে আমরা ছোট নোকের অধ্যম, তার আর কোতা ? ত্যাবে কি মা এবাড়ী মোগার না আপনাগারের।

भीता। आहा ! काथाइ बाम बाका श्रवन ना वनवानी श्रवन!

নিধি। দিদি ঠাকুকণ, মুই তাই ভাবতেলাম। রামডা বড় নাকারা।
বুৰো কাজ করিনি।

त्नीमा। (मटकार्य) कि विन एकां मृत्थ वड़ कथा ?

গন্ধ। ওর কোতা ধরবেন না। নিদে, কোতা কতি না জানলি চুপ করে থাকতি হয়।

निधि। पिपि ठीकुक्रण, मूटे हुल कदलांम।

সৌদা। গ্রারাম !

গরা। একে।

সৌদা। (কাতরে) মন্ত্রীমহাশরের কথা কিছু জানিস?

গ্রা। একে না।

সৌদা। (কাতরে) মুসলমানের। তাঁহাকে কি জীবিত রেখেছে ?— (সজোধে) কি আছতজ্ঞ! (সাকেপে) ও—হ, কি করতে কি হল!

श्रता । या ठाकूकन, यद्वीयनारे करतरान कि ? स्त्रीता । (अनायनक ভाবে) या। ! भन्ना। व्यापनि वरतन कि कछि कि इल। मुत्ती मनाहे करतरनन कि? स्मोना। कतरवन कि, किहूरे.ना।(नीर्चनियान)

গন্ন। মুই মনে করেলাম মুন্তীমূলাই তাগার সঙ্গে নোড় ই কন্তি শের-লেন বৃঝি।

সৌদা। (স্বপত) সে ছিল ভাল। (প্রকাশে কাডরে) তিনি কোখাল আছেন, কি করছেন জানিস?

গয়া। এজেনা।

সৌদা। (ব্যস্ততার সহিত) কেমন করে তাঁর অত্সন্ধান পাব? তিনি কি পাপীষ্ঠ মেচ্ছদের হাতে পড়েছেন? গন্নারাম, কি করব? এতক্ষণ কি হল?

গন্ন। ভন্ন কি মা? তিনি হচ্ছেন রাজার মুখ্রী, তানার সঙ্গে কত দরাণী পাক থাকে।

সৌদা। তা থাকলে কি হবে? (কাতরে) গয়ারাম, তুই একবার শীষ্ণ যা, জেনে আয়, একণই যা। দেরি করিসনে। দেধতে পেলে এখানে ডেকে আনিস, আর বলিস আমার কি হুর্দশা হয়েছে।

গন্ধ। মা, আপনি বাস্ত দেবতা। আপনার কোতা মুই কেলতি পারিনে। তেবে কি মুই বুড় হাবড়া হতি গেলাম, মুই এখন কি লগরের মধ্যি ঝাতি পারব। মোরে পালি মোছনমানেরা এক চাপড়ে স্টুইতি কাত করবে।

সৌদা। তবে নিধিরাম যাও।

নিধি। যে এক্সে। মুই আর মোর লাটা এক সঙ্গে থাকলি মোর কাছে যম ঘেঁসতি ডরায়। মোর লাটার কোতা বলব কি ? এক দিন এক ছক্ষর শোর মোদের খ্যাতে ধান থাতি আইলো, মুই এক লাটাতি তারে পাছড়ে দেয়লাম। তার পর মোগার খ্যাতে আর কখনও শোর আসে না।

গরা। মাঠাকুরুণ, একটা কোতা বলব? নিদে মোর এক চকু, আর ছাওয়াল নেই। কেমন করেই বা না বলি, মুনিব না দেবতা। (মন্তক কণুরুন)

সৌদা। (সক্রোধে) আর বলতে হবে না।

গরা। মুই বলতেলাম—নিদে—ছেলে মাছব।

সৌদা। (সজোধে) সংসারের রীতি এই। আমার বিপদ হরেছে, নিতাস্ত আত্মীয় জনও এখন কথা তনবে না, তোরাত প্রজা বই না। কেন ভূই আমার তোর বাড়ী ডেকে এনেছিলি? মুদলমানের হাতে মরা এ অপমান অপেকা ভাল ছিল। আমাকে ধিক, যে আমি তোর বাড়ী এসেছিলাম। তোর বাড়ী অপেকা গকা নিকট ছিল। এখানে আসার চাইতে পঙ্গান্ন র্যাপ দিলে ভাল করতাম। আপনিই যাই, মন্ত্রী মহাশ্যের অন্তুসন্ধান করিগে। নিজেই আমীর অন্তুসন্ধান করিগে। নিজেই

নিধি। মোদের আর ঝা বলতি চাও বল, মোরা নেমোকহারাম না। বালালী চাষারা নেমোকহারামি জানে না। মুই চল্লাম। মুলীমশাই ঝ্যানে থাকেন পুঁজে বার করব।

বোলা। (শক্রোধে) তোর যেরে কাজ নাই। (যাইতে উদ্যত)

গরা। মা, তুমি বেওনা। (করযোড় করিয়া সমূথে দণ্ডারমান ছইরা)
নিলে বাচ্ছে। মা, তুমি রাগ করে বেও না। দোহাই আপনগার। রাগ
করে বেও না। নিলে যা। কিন্তু দেকো, বাবা, মোছনমানদের সঙ্গে মারামারি
করও না। তুমি অক্রের নড়ী। মা বসো, ঐ পিড়ির ওপর বস। পা ধোও।

[নিধিরামের প্রস্থান।

মা, আমাদের শত দোৰ মাপ করও। এ বাড়ী তোমার, আর মুই তোমার স্কান।

নেপথো গীত।

ওরে পারাণী কেকই কেন পাঠালি বনে জগতের অমূল্য নিধি প্রীরাম-ধনে?

নীদা (সক্রোধে) গরারাম, নিধেকে ডাক, ওর পিরে কাজ নেই। (স্বপত) আমি পাৰাণী? (প্রকাশে) গরারাম, বলছি ডাক। আমার জন্যে অন্যের বিপদে পড়ে কাজ নাই। ,লোকে বেন না বলে বে আসি আমার জন্যে পরিবের ছেলেকে বিপদে কেলেছি।

গরা। মা, মুনিবির ভাল ও আপনার তাল। মুনিবির জন্যি বদি মোর ছাওরাল বিপদে পড়ে তো ধর্ম রক্ষে করবেন। উচিত কর্লিই ধর্ম রাখেন জার বিনি অন্যার করেন ধর্ম তারে নই করেন।

त्त्रीता । ७-इ, हा क्लान ! जनगत-जा ।

গরা। মা, মোরা চাবা ভূবো, আর কিছু বৃধি স্থার না বৃধি, এডা জানি অন্যায় করিই ধর্ম তারে নই করেন।

সৌদা। (স্থগত) আমার মনেও তাই বলেছিল, এখনও তাই বলছে।
ও—হ! (প্রকাশে) হা! জন্যার—অধ্র্য়ে—হা। কেন—?

গন। মা. কেন বলে চুপ করলে বে ?

(मीमा। कि?

গয়। আপনি বলে কেন, আর চুপ কলে। কি "কেম"?

मोना। किছूरे नम।

গয়। তাবে ভাল। মূই মনে করেলাম মোর বৃথি কিছু অফটী হরেছে।
মা, বলো। পা ধোও। মূই আদি। (যাইতে যাইতে) ও—ও নিদিরামের গববধারিণী, হ্যারায়। ও—ও নিদিরামের গববধারিণী, হ্যারায়, দেখে
যা। ওরে কাণে কালা হইছিল না কি? মাঠাকুফণীর পা ধোয়ায়ে দে বা।
এখনও আদে না?

ि श्रीकान ।

সৌলা। (উপবেশন করিরা সাক্ষেপে) শেষে চাষার কুটারে আশ্রম্থ নিলেম। প্রাণভয়ে উর্জ্বাসে লক্ষা সরম ভূলে হাজার হাজার লোকের মধ্য দিরে দৌড়ে এলেম। সম্পদ গেল, মান গেল, লক্ষা গেল—সব ভূলতে পারি যদি তাঁকে ফিরে পাই। তথনই আমার মন কেমন করেছিল। নিবেধও করেছিলাম কিন্তু ভাল করে নিবেধ করিনি। কি অন্যায় করেছি? ভাল প্রতিফল হল, না হতে বাকি আছে?

गंत्रात्रात्मत्र श्रृनः श्रद्यम् ।

গনা। খুঁজে পেলেম না। মা! পা ধোও।
সৌদা। মন্ত্ৰী মহাশনকে খুঁজে পেলি বান ।
গনা। মৃই তো বাই নি। নিধে গেছে।
সৌদা। (গনানামের প্রতি) নিধিরাম ফিরে এসেছে ?
গনা। বাতি না বাতি কেমন করে ফিরে আসবে ?
সৌদা। গনানাম, নগরের কারও সঙ্গে তোর দেখা হয়েছে ?
গনা। এজে না।

সৌলা। (গাত্রোখান করিয়া) গরারাম, তুই কাউকে জিজ্ঞাদা করিদ নি, মন্ত্রী মহাশর কোথায় আছেন?

গর। এক্তেন।

সোদা। কাকেই বা জিজাসা করি ? কেউই আসে না, কেউই তাঁর সংবাদ নিম্নে আসে না। বাতাস কথা কইতে জানত, তা হলে বাতাসকে জিজাসা করতেম। (যাইতে উদ্যত)

গয়া। মা. কোথায় যাও?

रमोना। निधिताम जामरह कि ना रेनथर उपाछि ।

গয়া। নিদে ফিরে আলিই আপনার কাছে আগুয়ে আসবে।

সৌদা। আমি এগিয়ে দেখি।

প্রস্থান।

গন্ধ। (স্বগত) আহা! মা বড় ব্যস্ত হয়েছেন। ব্যস্ত হ্বারি কথা। নিদে গেল, ভালয় ভালয় ফিরে আলি হয়।

[সোদামিনীর পশ্চাৎ প্রস্থান।

দিতীয় গর্ভাঙ্ক।

नवबीश, रहिल्यगारमह वांगी।

तकाककरम्बद नताम्र वर्ष डेशविक, वर्ष भागिछ।

হরিপ্রসাদ ও বিরাটসেনের প্রবেশ।

হরি। (নারায়ণকে দেখিয়া কার এত বড় সাখ্য যে হরিপ্রসাদের বাড়ীতে প্রবেশ করে তোমাকে এমন করে মেরে যার ? বল কে সে। সে যেই হক না কেন, বা যেখানে খাকুক না কেন, আমি ভার উচিত প্রতিক্দেদের।

নারা। আমাকে একেবারে বেরে ফেলা ছিল ভাল। হা, আমার কপাল! (লিরে করাঘাত) হরি। কেন? এ অপেকা ভরানক আরও কিছু বটেছে না কি?
নারা। আর বলব কি? আমি এত কাল বেঁচে আছি কি এই কেথবার
জন্মি? (রোলন)

হরি। নারাণ, বলে কেল হরেছে কি। কি ভরানক বটনা বটেছে ? কেঁদে অভির হলে বে? বতই ভরানক হক না কেন, বলে কাঁদ।

বিরা। নারাণ, হ্রাচার মুসলমানেরা এ বাড়ীতে কি প্রবেশ করেছিল ? নারা। সর্বনেশেরা এসেছিল মহাশর। ও—হ কি হল? (উজৈঃ বরে রোদন)

হরি। আর আমাকে সম্পেচে দশ্ধ করও না। বাঙীর সকলে জীবিত আছে ত?

রোদন করিতে করিতে অভয়ার প্রবেশ।

অভ। ৰাবা হরিপ্রসাদ, এসেছ? আমার যে সর্বনাশ হরেছে ৰাবা, সর্বনাশ হরেছে। (শিরে করাবাত)

हित। या, तरल रक्षन्त। श्रदन धाननारमत नरक हाहाकात कित।
मूननमारनता कि ताज़ी नृष्ठेनाहे करतहह?

অভ। ব্কের অমৃণ্য নিধি হারারেছি। আমার সোণার বউ মা—(রোদন) হরি। (অতি কটে রোদন সহরণ করিরা) হ্রান্থারা তাকে মেরে, ফেলেছে ? মা—বলে ফেলুন।

অভ। আমার বুক শুন্য করে নিরে গেছে।

হরি। (উটেচ: খরে) ও—হ মরেছি। (নীরব হইরা হঠাৎ উপবেশন)
বিরা। (হরিপ্রসাদকে ধরিরা) হা পরমেবর ! তোমার বল্লাঘাতে কঠিন
পর্বাত চূর্ণ হর। তুমি নরস্বারশ্না হুরাচার স্লেছ্দিগের হত হতে লল্পীখরপিনীকে রক্ষা করতে পারবে না, পাশাঘাদিগকে এই স্থানে ভদ্ম করতে
পারবে না ?

হরি। হা, মহীকুমারি, মহীকুমারি, মহীকুমারি ! আমি গেছি, একবারে গেছি। (সজোরে ভূতলে করাবাত) স্বর্গ, মর্ত্ত্য, পাতাল সব উলটে পালটে গেল। সমুদর ত্রিভূবন উচ্ছর বাক। (হঠাৎ গাজোখান করিরা) চললেম— ছরাচার ক্লেছেদিগকে নিপাত করব। বৃদ্ধ, বালক বাকে পাব, টুকরো টুকরো करत कींग्रेव। नथं पिरत जांस्तर क्षमत्र टिंग्स हिष्णु कांक मकूनित्क (थरज राव। यार्ट, स्नाक्ट्रतरक नवदीश छाताव। (शयानामाज)

অভ। (হরিপ্রসাদের হস্ত ধারণ করিয়া) বাবা, যাস নে, বাঘের দলের মধ্যে যাস নে। মহীকুমারীর কপালে যা আছে তাই হবে।

হরি। মহীকুমারি, মহীকুমারি, মহীকুমারি! (উপবেশন) ও—হ! (অতাস্ত ক্রন্সন)

বিরা। (হরিপ্রসাদের হস্ত ধরিয়া) হরিপ্রসাদ কি বালকের মত কাঁদবে? হরি। বিরাট, তুমি জাননা আমার কি হয়েছে।

বিরা। বথার্থ। কিন্তু হরিপ্রসাদ পুরুষের ন্যায় ছঃথ বহন করতে সক্ষম, এক্লপ ভাবা বিরাটের পক্ষে অন্যায় নয়।

হরি। হাঁ হরিপ্রসাদ পুরুষ, পুরুষের ন্যায় কার্য্য করবে। (হঠাৎ গাত্রো-খান করিয়া ও নিকোষিত তরবারি মন্তকের উপর ঘুরাইয়া) এই তরবার যবন-দের বক্ষে প্রবেশ করবে, যতক্ষণ না বঙ্গরাজ্য যবনশূন্য হবে অথবা এ হন্ত তরবার ধরতে অক্ষম হবে। যাই মেচ্ছরতে লান করিগে

অভ। (সমুধে গিয়া) যেও না। ছঃসাহসের কর্ম্ম করও না। আমার শরীর ঝলসে রয়েছে, একেবারে দক্ষ করও না।

হরি। মা, তোমার কথা কথনও অবহেলা করিনি, এবার তোমার কথা
 রাখতে পারলাম না।

ছরিপ্রসাদের সম্মুখে অভয়ার শয়ন।

অভ। যেতে পার যাও, এই শরীরের উপর দিয়ে যাও।

হরি। ও—হ. (উপবেশন) মহীকুমারি, মহীকুমারি, মহীকুমারি। নাই—গেছে? রেচ্ছেরা তোমাকে স্পর্শ করেছে?—(গাত্রোথান) ওরে অধর্মজ্ঞীবন মেচ্ছেরা, স্ত্রীলোকের কাছে তোদের বিক্রম, স্ত্রীলোককে আক্রমণ করার তোদের বীরত্ব, আমি যাই তোদের নিপাত করব, নিপাত করব।

জভ। বাবা. বদি একান্তই বাবে জামাকে খুন করে বাও। বেও না বেও না, বেও না। হঃধিনীকে হঃধার্ণবে ভাসিও না।

বিরা। হরিপ্রসাদ, মারের কথা কেল না।

इति। তবে, वितारे, आमि वानक्तित्र नात्र काँमि। वितारे, वितारे--

গেছি, গেছি। হরিপ্রসাদ জার নাই (বিরাটের গলা ধরিরা রোদন— অভয়ার গাতোখান) ও লালগ্যসেন, ভোমার কাপুক্ষছের ফল আমার ভোগ করতে হল।

বিরা। ভাই, সে কথা আর কাকে বলি ? একটা নির্কোধ আদ্ধণ আমা-দের সর্বনাশ করলে।

হরি। আমি তাকে পাই আজ ব্রহ্মহত্যা করি। বিরাট, জার কারও সর্কনাশ হর নি, সর্কনাশ হরেছে আমার। থাকতে পারি নে। মহীকুমারি, মহীকুমারি, আমার হৃদর, আমার হৃদরের হৃদর, হৃদরের অমৃত। কোথার? কোথার? কোথার? কোথার? কোথার? কোথার? বৃক্ক ফেটে যায়, পুড়ে বার, ছার থার হরে বার, থাকতে পারি নে, যাই।

(বেগে প্রস্থান।

অভ। বাবা, যাস নে রে।

িপশ্চাৎ গমন ও প্রস্থান।

বিরা। দাঁড়াও, হরিপ্রসাদ, দাঁড়াও, মাতৃহত্যা করে ষেও না, **মাতৃহত্যা** করে যেও না।

প্রিয়ান।

নারা। (উঠিতে চেষ্টা) আমাকে একেবারে শুইরে গেছে। ও—ও জামাই মশর, বাটীর বাহিরে বেও না, বাটীর বাহিরে বেও না। হার, হার, উঠে গিরে ধরে রাথতে পারলাম না। বেও না, বেও না। হারে বিধাতা, কি কাগুই করনি ? হা —দিদি ঠাকুরুণ, কোপার গেলে গো?

[বসিয়া বসিয়া গমন ও নিক্ষণ ।

তৃতীয় গর্ভাক্ত । নবন্ধীপ, রাজ্যভবন ।

নবদ্বাপ, রাজভবন। মহীকুমারী বাভায়নের পার্মে দণ্ডায়মান।

মহী। রাতদিন এই জানালা দিরে পথের দিকে চেয়ে রয়েছি, তাঁকে দেখতে পেলেম না, কোন পথিকের মুখে তাঁর কথাটাও তনতে পেলেম না। তিনি কি মনে করেছেন আমি লেছের হাতে পড়েছি আর তাঁর মহীকুমারী নাই? তাইতে কি বেখানে অভাগিনী আছে সে দিকেও একবার আসেন না। না, তিনি কখনই এরপ ভাবতে পারেন না। দুরে কে আসছে? (निस्न) ना। इत्रक তিনি আমার হর্দশার কথা খনে একাকী মুসলমান-দিগকে আক্রমণ করেছিলেন—তাহলে — (রোদন) হৈ মা কালি, সতীর क्षप्रदार थन-((ताहन) दका कद्रश । या कालि, या कालि, या कालि। (कुछरन बात्रबाद मखकाबाछ) तका कत्रध, तका कत्रध । तुक हिरत तक मिरत তোমার চরণ পূজা করব মা। (নীরব হইরা রোদন) কে আসছে? দেখেই वा कि इत्व ? जिनि कथनरे नन। त्मथव ना (वाजायन मिया नितीकन) ना। তিনি বা মহীকুমারীকে হারিয়ে স্বদেশ পরিত্যাগ করেছেন ? না, তা হতে পারে না। অভাগিনী যে স্থানে, তিনি সে স্থান পরিত্যাগ করবেন না। হয় তো হতাশ হয়ে জ্ঞান হারিয়ে কোন দিকে ছুটে ফুটে গিয়েছেন। হয় তো অধীর হরে রৌজে মাঠে মাঠে হাহাকার করে বেড়াচ্ছেন, অথবা পথের গুলো নয়ন-জলে ভাসাচ্চেন। হয় তো মানব-সমাজ পরিত্যাগ করে বনের মধ্যে প্রবেশ করেছেন—না জানি তাঁর কত ছর্দশাই হয়েছে? পাষণ্ডেরা কেন আমাদিগকে পথের ভিথারী করে একত্রে থাকতে দিলে না? মেচ্ছেরা খুনী ভাকাত অপেকা নিষ্ঠুর! সংসার দক্ষ হয়ে মরুভূমি হয়ে পড়েছে—আমি मक्कम खनीत मर्था-- निर्हे त इत्राठात मक्कम खनीत मर्था এकान्छ महाबहीन हरव রয়েছি, কীণ তৃণের উপর দিয়ে মহাসাগরের ঢেউ চলেছে—তুমি কোথার রইলে? চেঁচিয়ে ডাকলেও ভনতে পাও না, হাহাকার করলেও ভনতে পাও না। কিন্তু তোমার চরণ হৃদরে ধরে রেখেছি, কেউ তা কেডে নিতে পারবে না, কোন যন্ত্রণা কেড়ে নিতে পারবে না, মৃত্যু কেড়ে নিতে পারবে না। এতেই ছর্বল দ্রীলোকের অক্ষর বল। কে বাচ্ছে?—মিছে দেখা, দেখব না। (বাতারন ছইতে মুথ ফিরান) আশা মনে আসতে দেব না। (বাতায়ন দিয়া দৃষ্টি) चारगरे (क्तिक्निम जिनि नन।

একজন পরিচারিকা সঙ্গে মোরাদ খিলিজির প্রবেশ।
মোরা। (দূরে দুঙারমান হইরা হুগত) কি অপূর্ক সৌন্দর্য। যে ইহা

দেখে তার সকল ইন্সিয় অবল হয়ে গুরু নর্শনেক্সিয়ই কার্ব্য করে পাথর হয়ে পলেম। (নিস্তব্ধ হইয়া মণ্ডারমান) কাঁমছে, দেখে হুমুর গলে পেল। (প্রকাশে) গত রাত্রে নিজা হয়েছিল ?

পরি। কি জিজাসা করছেন, উত্তর দেও।

মোরা। কাল রাত্রে মিলা হরেছিল?

गरी। चा--श (तामन)।

মোর। ভোমার মত কেহ আমাকে সৌন্দর্ব্যে মোহিত করতে পারে নাই, কাহারও প্রতি আমার এত প্রগাঢ় প্রেম জন্মার নাই। তৃমি কাঁলছ, দেখে আমার মন বড় অন্থির হরে পড়েছে।

মহী। আমি একেবারে নিঃসহায় হলেম। (রোদন)

মোরা। যারা তোমাকে স্থী দেখলে স্থী হয় তালের নিকট স্থনাহারে অনিলায় আপনাকে কেন অস্থী কর ? কেঁদ না, অমৃতমরি!

মহী। বিধাতা । আমাকে এমন করে শত্তমগুলীর মধ্যে এনে কেললে ? এখন তোমা ভিন্ন আর কাকে ডাকি ? (রোদন)

মোরা। এই গহনাগুলি মহীকুমারীকে দেও। (কতকণ্ডলি অসভার পরিচারিকার হত্তে অর্পণ)

পরি। এস পরিরে দি, আরও কত অলস্কার তোমার ভাগো আছে। মোরা। এই হার কনাউজের রাজকনাার, তোমার গলার যোগ্য।

পরি। এস। (পরাইতে চেষ্টা)

भरी। आभि हारे नां। (मृत्त क्लिन्। दंग्डना)

মোরা। এ হার তোমার অপূর্ব সৌন্দর্যোর যোগা নর। এ **অপেকা** সহস্ত ৩৭ ভাল রড় হার তোমার জনা তৈরার করাব।

मही। हा, क्लान। (तामन)

মোরা। কাঁদছ কেন? দিলীতে বসুনার তীরে অপূর্ব্ধ উদ্যান ও অট্টা-লিকা আছে সেইখানে তুমি থাকবে, শত শত উচ্চবংশীর স্থীলোকে ভোমার সেবা করবে।

मरी। आभि छा हारे ना।

মোরা। যদি বযুনার তীর পছক না কর, কাশ্রীরে নানাবিধ কুলফব-

শোভিত পর্বতের উপরে তোমার জন্য অট্টালিকা নির্দাণ করে দেব, তুমি সেধানে পরীর ন্যায় আমোদ আজ্ঞাদে বাস করবে।

মহী। বন্ধবাসিনী সতী সে স্থাথ পদার্পণ করে।

মোরা। (জামুপাতিয়া উপবেশন করিয়া) আমার প্রতি সদয় হও, আমি চিরদিন তোমার দাস হয়ে থাকৰ, যা বলবে তাই করব, যা চাইবে তাই দেব। মুসলমানে স্ত্রীলোকের পরিতোষের জন্য সব করতে পারে।

মহী। (সরোদনে) হরাচার ফ্লেছ্রা অনায়াসে স্তীলোকের সর্বনাশ করতে পারে।

মোরা। ধেরূপ ইচ্ছাহয় গালি দেও কিন্তু আমি তোমার দাস, বিনা মূল্যে ক্রীত দাস।

মহী। পরমেশ্বর রক্ষা কর। (রোদন)

মোরা। কথা না কও, একবার তাকাও, একবার না তাকাও আমার প্রতি সদম হয়ে চথের জল নিবারণ কর। কাঁদছ ? অমন করে কাঁদছ কেন? কি করলে তোমার কারা নিবারণ হয় বঁল।

মহী। যদি তোমার হৃদরে মনুষ্যত্বের চিহ্নমাত্রও থাকে আমার স্বামীর নিকটে আমাকে পাঠিফে দেও।

মোরা। (কিঞ্চিৎ বিরক্তি প্রকাশ করিয়া) তোমার কাপুরুষ স্বামীর প্রতি এখনও তোমার মমতা যায় নাই? যে কাপুরুষ স্বাপন স্ত্রীকে রক্ষা করতে পারলে না সে কি স্ত্রীলোকের প্রণয়ের যোগ্য?

মহী। (সজোধে) কি বলিস পশু, তাঁর সাক্ষাতে একথা বললে তোঁর জীবিত থাকতে হত না।

মোরা। তোমার স্থামী একথা শুনবার জন্য জীবিত থাকলে বলতেম।
মহী। কি! নাই! (অজ্ঞান হইরা পরিচারিকার ক্রোড়ে পতন। (মহীকুমারীর নিকটে মোরাদ খিলিজির গমন)

পরি। এঁকে স্পর্ক করবেন না। সভীর গায়ে পরপুক্ষের হাত দিতে নাই।

> [এক দিক দিরা বক্তিয়ার খিলিজির প্রবেশ, অপর দিক দিরা মোরাদ খিলিজির প্রস্থান।

विका व चवड़ा (कब ?

পরি। সাহেব এঁকে বলেছিলেন 'তোমার স্বোরামী মরে পেছে, ' তাই তনেই অজ্ঞান হয়ে পড়েছেন।

বক্তি। ধন্য, বাদালী সতি । 'মোরাদ অতি নির্কোধ. সে অন্যার কাজ করেছে। এমন কোমল-ছদর বলিকার নিক্ট একপ নির্দির কথা বলতে আছে? ঐ ঘরে নিরে গিরে বথোচিত স্থশ্রা কর। (অগত) মোরাদ জানে না কি কপে নির্দাল-ছদর স্ত্রীলোকের মন আকর্ষণ করতে হর। আপাততঃ মোরাদের অজ্ঞাতসারে মহীকুমারীকে স্থানান্তরে পাঠাতে হচ্ছে। মোরাদ কি নির্কোধ। স্থকুমারী বালিকার মনে কি এমন কই দিতে হয়? বন্য পশুকেও বলপূর্বাক পোষমানান যার না, এ তে। মানুষ।

্থার এক জন পরিচারিকার প্রবেশ, পরে অচেতন মহীকুমারীকে লইরা সকলে নিজুগন্ত।

চতুর্থ গর্ভাঙ্ক।

नवदील, ब्राज्यलय ।

যোরাদ খিলিজির প্রবেশ।

মোরা। আমার অজ্ঞাতদারে মহীকুমারীকে শান্তিপুর পাঠাজ্ঞেন। এই পথ দিরে যাবে—না গেছে?—বাই নি। আমি উর্দ্ধবাদে দিধে পথ দিরে এসেছি, তারা খুরে আসছে,আগে বেতে পারি নি।

व्यानसम्बद्धत्र व्यवहारम् श्रीतम् ।

বেধানে মহীকুমারী লেখানে আমি বাব।

षान। इतिथानात्मत्र षानां कि এकেवात्त क्तांन ?

বোরা। ত্রীলোকটীর লোহার হৃদর; স্বামী স্বামী করে গেল, বদিও এ জীবনে স্বার স্বামীকে দেখতে হবে না।

আন। হরিপ্রসাদ, এখনও তোমার হুখের আশা অতল সাগরে ভূবি নি 🖰

মোরা। এগিরে দেখি। মহীকুমারি, তোমার প্রেমে আমি উন্মান হয়েছি।
প্রিস্থান।

জান। অন্তরে পশু, বাহিরে মহুবা।

প্রিয়ান।

हरे क्रम यूजनपारमत श्रीतम ।

প্রথ। (নাগরা বাজাইয়া) যে যেথানে আছে চলে এস, চলে এসে শুনে যাও।

বিতী। স্থলতান সাহাবৃদিনের প্রতিনিধি বক্তিরার থিলিজি বালালার শাসনকর্তা হয়েছেন। যে কেউ লাক্ষণ্যসেন বা বিরাটসেনকে রাজা বলে মানবে, সে বিজোহীর মধ্যে গণ্য হবে ও উচিত শান্তি পাবে।

প্রথ। (নাগরা বাজাইরা) বে যেখানে থাক চলে এস। স্থলতান সাহাবন্ধিনের প্রতিনিধি বজিলয়ার থিলিজির হতুম শুনে যাও।

দ্বিতী। জ্বান চাও, মান চাও, আপন সম্পত্তি ভোগ করতে চাও, তো লাহ্মণ্যসেন কি বিরটিসেন কি অন্য কাউকে রাজা বলে মানবে না—তোমা-দের বাদসা স্থলতান সাহাবুদ্দিন, তোমাদের শাসনকর্তা বক্তিয়ার থিলিজি।

প্রথ। বিরাটসেনটা কে?

षिठी। जान ना ? लाक्स गारमत्त्र छा हेरला। त्र हात्रामकान त्लाक।

প্রথ। বটে, সে করেছে কি যে তুমি তাকে বড় হারামজাদ বলছ?

দিতী। বিরাটদেন যুদ্ধ করবার জন্য সেপাইরের যোগাড় করে বেড়াচ্ছে। তাকে পাকড়াবার জন্য বক্তিয়ার থিলিজি বাঙ্গালার সর্ব্বতে লোক পাঠিয়েছেন।

প্রথ। তাকেই পাকড়াবার জন্য লোক গৈছে বটে? পাকড়া পড়লে ভার কি সাজা হবে ?

দিতী। ফাঁসী হবে।

প্রথ। যদি সেপাইরের জোগাড় করতে পারে, তা ছলে তো লড়াই ছবে। লড়াইরে লড়াইরে গেলেম।

ছিতী। বালালীদের লড়াইরে কাম নাই—যারা পালাতে মজবুত তারা কি লড়াই করতে পারে ? তবে কি, বিরাটদেনের মরবের পাণা উঠেছে। বালাও, বালাও। প্রথ। (নাগরা বাজাইরা) চলে এস, বাদের পা আছে চলে এস, কাপ আছে শোন।

বিতী। বার কাণ আছে শুন, যার স্থান আছে স্থানীর হও। ভাল চাও তো বক্তিরার থিলিজিকে শাসনকর্তা বলে মান। আর কিছু বাৎ নেই, মুসলমান সেনাপতির রাইরভ হরে স্থাবে থাক, তিনি ভোষালের স্থান সান সম্পত্তি আইন মতে রক্ষা করবেন। স্থাতান সাহাব্দীনকো ফতে, বন্ধিরার থিলিজিকো ফতে। চলে এস, চলে এস। (নাগরা বাদন)

[উভরে নিক্রান্ত।

विताहित्मन, जानम्ममत्र ७ इतिथानात्मत थात्म।

আন। তারা এই দিকে আসছে।

বিরা। মহীকুমারীকে উদ্ধার করবার জন্য নিকোষিত তরবার হতে আমরা এই স্থানে স্থকিরে থাকি ? দেখবামাত্র তীরের গতিতে শ্লেচ্ছদিগকে আক্রমণ করে ব্যাত্রমুখ হতে সতীত-ক্রপিনীকে উদ্ধার করব।

হরি। বে আমাকে বাধা দেবে তাকে তৎক্ষণাৎ যমালরে পাঠাব। ছ্রাচার, মানব-কলঙ্ক, পরশান্তি-অপাহারী, পাপায়া মেঞ্দিগকে স্থাবাগ পেলেই বিনাশ করবে। বিরাট, আমি এগিরে বাই—মহীকুমারি, এখনই তোমাকে মেছহন্ত হতে উদ্ধার করব।

আন। হরিপ্রসাদ, বিপদে মন অধীর হলে বন্ধুর পরামর্শ শুনা উচিত। আমরা এখন যা বলি তাই কর।

বিরা। হরিপ্রসাদ, যদি ছির না হও, আশাকে মন হতে দূর কর। এই ভানে ভির হরে বস।

সকলে লুকায়িতের ন্যায় উপবিষ্ট।

আন। কোন শব্দ নর। ঠিক বেন এখানে কোন জীবই নাই।
বিরা। তরবার ঠিক ধরে থাকবে। এখান হতে এক লাফ—শক্র নিপাত
—শব্দন উদ্ধার।

হরি। বিরাট, ওই (নেপথো শিবিকা-বাহকের শব্দ)। আন। হরিপ্রসাদ, এখনও নর। হরি। ওই, ওই। আৰ। আর একটু থাক।

विता। इतिथानाम, जानसम्बद्ध, धत, गांत।

[मात्र मात्र भटक मकटल निकृत्तः।

[त्नशर्था जीत्वात्कर ठीएकार ।]

মহীকুমারীকে দইরা হরিপ্রসাদ ও আনন্দমরের পুনঃপ্রবেশ।

[নেপথ্যে গৌলমাল।]

আন। হরিপ্রসাদ, চল, চল। পেছনের দিকে চেও না । হরি। বিরাট, শীঘ্র এস।

[নেপথ্যে] তোমরা প্রস্থান কর, আমার জন্য ভেব না।

বিরাট ও মোরাদ খিলিজি যুদ্ধ করিতে করিতে প্রবিষ্ট।

মোরা। সরতান, তোকে মাথা থেকে পা পর্যাস্ত চিরে ছখণ্ড করব। জানিস, আমি মোরাদ থিলিজি ?

বিরা। তুই যেই হ না কেন, বিরাট তোকে ভয় করে না।

উভয়ে যুদ্ধ ও মোরাদ খিলিজির আহত হইয়া পতন।

মোরা। সরতান কাফের-বাচ্ছা আমাকে মেরে ফেলেছে।

বিরা। তুই আহত হয়েছিস, তোকে মারব না, যদিও তোর মুখ নরক উল্লার করে।

চারিজন অন্ত্রধারীর প্রাবেশ ও তাছাদের সঙ্গে বিরাটের যুদ্ধ। বিরাধ (উটেভাবরে) উর্জবাবে দৌড়ে পালাও, আমার জন্য তেব না। [যুদ্ধ করিতে করিতে সকলের নিজুমণ।

বিরাটকে গৃত করিয়া অন্তব্যরীদিশের পুন: প্রবেশ।
বিরা। (উচ্চৈ:খন্নে) আমার জন্য এক মৃত্র্ত বিশ্ব করও না। উর্জবাসে
প্রভান কর।

মোরা। কি থোপস্বত—বাও, আমাকে তাহত করে কাল নাই— কাফেরকেও ছেড়ে দেও—বাও মহীকুমারীকে নিবে এস—আদি অমন রূপ দেখতে দেখতে প্রাণত্যাগ করি। আদি মহীকুমারীকে হৃদরে বরে মরব—না হৃদরে ধরলে বেঁচে উঠব। বাও, বাও, মহীকুমারীকে এনে আমাকে বাঁচাও। বিরা। কি বলিস, হুরাচার ? মরবার সময়ও কুবৃদ্ধি ছাড়িস নে ?

প্র, অ। চুপ রও কাফের, নচেৎ পদাঘাতে তোর মুধ ভেকে দেব।

বিরা। নির্মানা বালিকাকে পাপান্মাদিগের হস্ত হতে উদ্ধার করলেম, বঙ্গমাতাকে এইরূপ উদ্ধার করতে পারি।

প্র. আ। চল্, কান্দের। তোর মাংস কুকুরের থাবার গোল্ছবে।
[বিরাটসেনকে লইয়া ছুইজন আন্তরারীয় প্রস্থান।

মোরা। তোরা করছিস কি ? কাক্ষেরকে ছেড়ে দে। বা, মহীকুমারীকে
নিয়ে আর।

ড়, অ। হজুর, কোধার বড় চোট লেগেছে?

মোরা । যা, মহীকুমারীকে নিরে আছার । আমি বরি আর বাঁচি তাতে কতি নাই । নীত্র আন ।

ড়, অ। হস্কুর, তারা পালিরে গেছে, এখন পাওরা যাবে না।

মোরা। পালিরে যেতে দিলি কেন ?

ড়, অ। সোলমাবে পালিরে গেছে।

মোরা। ছোরালও মরেছে।

তৃ, অ। হন্তুর, কোধার বড় চোট লেখেছে ?

মোরা। বুকের ভিতর। সেই আরাতে আমি প্রাণত্যাপ করব।

इ. जा। देक बुदक एका मार्श नि।

মোরা। ভোর চোধ নাই। না, দে আবাত কেউ দেশতে পার না। যা. মহীকুষারীকে নিরে আর—মহীকুষারীকে এনে আমার বুকের আবাত আরাম কর।

ভ্, অ ৷ হজুর, পালকীতে উঠুন-

মোরা। না, আমি উঠব না। মহীকুমারীকে আনতে হাবি বে? আমিই যাই। (উঠিতে উদ্যত ও অজ্ঞান হইয়া পতন)

তৃ, আ। জান আছে, তোল, পালকীতে করে নে বাই।
[মোরাল খিলিজিকে বরা বরি করিয়া লইয়া অন্তবারীছয়ের প্রস্থান।

যবদিকা পড়ব।

পঞ্চম অঙ্ক।

প্রথম গর্ভাঙ্ক।

নবদ্বীপা, রাজ-ভবনের সন্মুখ। কন্দীর অবস্থার বিরাটসেনকে সঙ্গে লইয়া বক্তিরার ধিলিজির প্রবেশ।

বিরা। (বর্গত) স্বপ্নেও কে ভেবেছিল যে এই স্থানে আমার এই দশা হবে ? স্বাধীন অবস্থায় এই স্থান আমার ক্রীড়া-ভূমি ছিল, এক্ষণে ইহা আমার বধ্য ভূমি হল। এই সেই বট গাছ, ইহার তলায় বসে কত আনন্দ উপভোগ করেছি ? মহারাজ এই স্বেত পাথরের উপর বসতেন, আমরা অস্তালনা করতেম। কোথায় এখন সেই দেবতুল্য মহাত্মা ? কোথায় হরিপ্রসাদ, আনন্দময় ? যাবার সময় এঁদের নিকট বিদায় নিভেও পারলেম না (উর্দ্ধে দৃষ্টি করিয়া) ঐ সেই কাট বিড়াল হুটী পূর্বের মত নেজ ফুলিয়ে চীৎকার করে দৌড়া দৌড়ি করছে। এরা জানে না বঙ্গের, লাক্ষণ্যসেনের, বিরাটসেনের কি হুর্দশা হয়েছে। তিন দিন পূর্বের এই কোকিল-শাবকগুলি উড়তে গেলে পড়ে বেত, আজ উড়তে পারছে। এই তিন দিনে বঙ্গভূমির কি ভয়ানক পরিক্রিন হল! তাঁর মন্তিক মজ্জা পর্যান্ত দশ্ম হল হথময় হল।

বক্তি। করেদি, ভাবছ কি ? শরীর ত্যাগ করতে কি ভন্ন ইচ্ছে ?

বিরা। আমার ভর হক আর না হক, ভোমার ভরের কারণ দূর হচ্ছে বলে তোমার আনন্দ হচ্ছে তো ৈ মৃত্যু যে ভয়ন্ধর বেশে আফুক না কেন, ভাতে আমার ভয় নাই। যারা ভোমার মত হ্রাচার তারাই মরতে ভর করে।

विकि। है। थे (मथइ कि?

विद्रा। काँनि काउँ।

বিক্ষি। এখনই ফাঁসিকাটে তোমার শরীর ঝুলবে।

বিরা। তথান্ত। যে পাষও অন্যের রাজ্য বলে বা কৌশলে অপহরণ করতে পারে, সে অনারাদে অন্যের প্রাণও নিতে পারে। বক্তি। তুমি মোরাদ খিলিজিকে আছত করেছ?

বিরা। পতিপ্রাণা কুলকামিনীকে শক্রছস্ত হতে উদ্ধারের সমন্ন যে প্রক্তিবন্ধক হয় তার প্রাণ নেওয়া উচিত।

विक । जूमि विद्याशी इवात (याना वरहे।

বিরা। এ মিধ্যা কথা। স্মামি বিজ্ঞাহী নই, বিজ্ঞোহী হবার বোগাও নই।

বক্তি। তুমি তোমার স্বদেশীয়দিগকে আমাদিগের সঙ্গে যুদ্ধ করতে লওয়াও নি ?

বিরা। হাঁ, আমি আমাদের শত্রদিগকে দেশ হতে বহিষ্ত করবার জন্য স্বদেশারগণকে উত্তেজিত করতে চেষ্টা করেছি।

বক্তি। আমি সেই জনাই তোমাকে বিদ্রোহী বলছি।

বিরা। তুমি কে যে তোমার বিরুদ্ধে অন্ত্র ধারণ করলে বিদোহ হবে?

বক্তি। আমি বাঙ্গালার শাসনকর্তা।

বিরা না, তুমি অন্যের স্বাধীনতাপহারক অর্থাৎ দফ্রাঞ্চে।

বক্তি। (ঈবং হাস্য করিয়া) তোমার সাহস প্রশংসনীর। বার সাহস আছে তার মন্থ্যার আছে, বার সাহস নাই তার মন্থ্যান্ত নাই।

বিরা। তুমি যে আমার প্রশংসা করলে সে জনা তুমি আমার কৃতজ্ঞতা- ' ভাজন।

বক্তি। তুমি বীরপুরুষ। তুমি আমার কেন, জগতের প্রশংসার বোক্য ।
তুমি আমার নিকট কি প্রার্থনা কর ? যা চাইবে তাই পাবে।

বিরা। আমি দক্ষাশ্রেষ্ঠের নিকট কিছুই চাই না।

বক্তি। কেন?

বিরা। কারণ আমি বা চাইব তুমি তা দিতে পারবে না।

বক্তি। তাকি আমার ক্ষমতাতীত ?

विज्ञा। ना। किन्द मिल्ड भाजाद ना, त्माद ना।

বক্তি। তুমি কি চাও?

বিরা। আমার আর্থনা এই, দেবতুল্য মহারাজ লাক্সগ্যসেনকে বাঙ্গালার সিংহাস্নু প্রত্যর্পণ করে তুমি বজন সঙ্গে বছেশে প্রত্যাগমন কর। ৰক্তি। বৃষ্টিধারা যেমন পুনর্ব্ধার মেঘে ফিরে বেতে পারে না, ভেমনই ভোমার প্রার্থনা পূর্ণ হওয়া অসম্ভব।

বিরা। আমি জানি মুসলমান সেনাপতির সেরূপ মহন্ত হতে পারে না। বক্তি। আচ্ছা, তুমি আমার নিকট জীবন প্রার্থনা কর না?

বিরা। যথন জননীর হস্তপদ শৃত্ধলে বাঁধা হল, তথন আর সন্তানের বেঁচে কি প্রয়োজন ?

বক্তি। তোমার বাক্য আমার অঞ্চ আকর্ষণ করছে। আমি তোমাকে জীবন দিছি, স্বাধীনতাও দিছি, যদি তুমি আমার অধীনে কোন উচ্চ পদ গ্রহণ করতে স্বীকার কর।

বিরা। আমি তোমার অধীনে সর্বোচ্চ পদও প্রার্থনা করি না।

विक । आभात अधीन हत्त्र वाकामात्र जिःहाज्ञत्न आत्राह्न कत्र ।

ৰিরা। যে আমার মায়ের অম্ল্য নিধি চুরি করতে পারে, আমি তাহার অধীনে রাজত স্বীকার করি না।

বক্তি। বুঝতে পেরেছি, তুমি পরাধীন দেশে বাস করতে চাও না।
চল আয়ার সঙ্গে, আমি তোমাকে চির-স্বাধীন রাজ্যে নে যাছিছ। তুমি সেথানে
স্বাধীন লোকের মধ্যে স্বাধীন হয়ে জীবন যাপন করও।

বিরা। আপন মাকে ছরবন্থার কেলে কি পরের মাকে মা বলব? আমি বঙ্গমাতার সস্তান, এ আমার পরম গৌরব। ওছে মুসলমান সেনাপতি, ৰক্ষ্মির তুলা দেশ আর পৃথিবীর মধ্যে নাই। বিদেশের স্থাথের জ্বন্য বঙ্গ-ভূমিকে ভূলতে পারি না।

বক্তি। তোমার বাক্য বাক্য নর, মধু-বর্ষণ। আমি তোমাকে স্বাধীনতা দিচ্ছি, তুমি স্থদেশে পাক কিন্তু স্থদেশীরগণকে বিদোহী করতে চেষ্টা করও না।

বিরা। বিরাটসেনকে স্বাধীনতা দিলে সে স্বদেশীরগণকে স্বাধীন হতে
নিশ্চরই উত্তেজিত করবে, অতএব আমাকে তোমার স্বাধীনতা দিরে কাজ
নাই। বল আমি তোমার ভর নিবারণের জন্য স্বেচ্ছাপূর্বক কাঁসিকাঠে
উঠছি।

বক্তি। বিরাট, তোমাকে স্বাধীনতা দিলাম। বাও ভূমি দৈন্য সংগ্রহ করণে। তোমার মত বীরের সঙ্গে যুদ্ধ করার স্থা আছে। সাহ্সী, শক্ত ভান, কাপুক্ৰ বিত্ৰও কিছু নয়। কিন্তু বিরাট, বালানীয়া কাপুক্ৰ, ভারা তোমার কথার অন্ত ধারণ করবে না।

বিরা। মুস্লমান সেনাপতি, সম্বাের কি এত দ্ব অকসতি হতে পারে বে সে খাধীনতা লাভের আশার প্রাণ দিতে পার্বে না ? বাঙ্গালীরা কি মুস্বাড্হীন হরেছে ?

বক্তি। যা করতে পার কর গিরে। শত্রু হরে আমার হাতে পঞ্ছেদে, এখন মিত্রভাবে যাও।

বিরা। আমার খণেশের শক্ত কথনই আমার মিত্র হতে পারে না। আমি শক্ত ভাবে চললেম।

[श्राम ।

বক্তি। সেরাম, তুমি আমাকে শদ্র জ্ঞান করলেও আমি তোলাকে মিত্র জ্ঞান করব। পৃথিবীতে এরেপ আর লোক শন্ত এইণ করেন। বন্ধ-ভূমিতে ই হার করা হওরা জনদায় হরেছে।

[निक्मान।

ৰিতীয় গৰ্ভাঙ্ক। প্ৰান্তৱন্দ বুক্তন।

বিরাট, আনন্দ ও হরিপ্রসাদ উপস্থিত।

আন। পুনর্জার তিন জন একত্তে এক দিন অতিবাহিত করলেম। নিরানন্দক্পে একবার ভূবে পুনর্জার উপরে উঠে সহজে নিখাস ছেত্রে বঁচেলেম। আবার প্রথনই ভূবতে হবে। তোমার প্রভাবে ডোমার মহছের আতা প্রকাশ পাছে কিন্ত তাতে আমাদের হুদর অরকারাজ্যে হজে।

হরি। যে মহুব্য তার এমনই প্রস্তাব। বিরাট, শীম সৈন্য সংগ্রহ কর গে। মেছদিগের গোহত্যা, ব্রহত্যা, স্ত্রীহত্যা পাপে এই কদিনেই বঙ্গদেশ ভারা-কাস্ত হরে পড়েছে। শীত্র গুরাধানিদিধকৈ দুর করবার উপায় কর।

বিরা। সতাই, হরিপ্রসাদ, এ কদানক আর দেখা বার না। বে ইহার প্রতীকার না করতে চেঠা করে দে কাপ্রেশ্ব, কুলাদার। হরি। আমি এমন লোকের মুখ দর্শন করবার পুর্বের আমার তরোবার যেন তার হৃদয়ে প্রবেশ করে।

বিরা। কথায় সময় হরণের প্রেরেজন নাই। আমাতে তোমরা বিদায় দেও।

আন। তোমার আশা পূর্ণ হক, বঙ্গমাতার মুখোজজল হক, এই আমার অস্তরের নিগৃঢ় ইচ্ছা, কিন্তু সুআশার সর্বনা স্কল্প হয় না—

হরি। আনন্দময়, তুমি প্রথমেই এ কু ডাক ডেক না।

আন। হরিপ্রসাদ, মনের আশকা ব্যক্ত করা কুডাক ডাকা নয়। বিরাট, ভূমি কি এটা ভেবেছিলে?

হরি। যে ভাবে তাকে ভাবনায় খায়, কাজে তার পা সরে না।

আন। আমার কথাটা শোন। বিরাট, যাদের উচিত শক্রকে বিনাশ করা অথবা শক্র হত্তে বিনাশ হওয়া তারাও কি তোমার কথা শুনেছে?

বিরা। তা হলে আজ বঙ্গে হাহাকার ধ্বনি উঠবে কেন १

হরি। আনন্দমর, তুমি সৈনাগণের কথা কচ্ছ ? তারা একটা ভেড়ার দল।

আন। ঠিক কথা। বিবেচনা করে দেথ যুদ্ধ যাদের ব্যবসা, কর্ত্তব্য কর্ম ও আমোদ, তারা যথন যুদ্ধ করলে না, যুদ্ধ করবার ইচ্ছাও যথন তাদের হল না, তথন বুঝতে পারছ হতভাগ্য বাঙ্গালীরা বিব্লাটের কথা কি ভাবে গ্রহণ করবে।

বিরা। তাদের স্ত্রী পুত্র পরিবার আছে তো, মেছে-অত্যাচার হতে তাদের রক্ষা করবে না ?

আন। আমার দে ভরদা নাই। যদি তাদের দৈব রক্ষা করেন, তবেই তারা রক্ষা পাবে, নচেৎ——

হরি। বঙ্গবাসীদের যদি এই দশা হয়ে থাকে, হে বঙ্গভূমি, ভূমি সসস্তান রসাভলে যাও।

আন। (দীর্ঘ নিশাস ত্যাগ করিরা) লেছেরা যথন শুদ্ধ আকৃতি দেখিয়ে জন্ম লাভ করলে, তথন রসাতল যেতে আর বাকী কি?

विता। निताम रव ना, जानक्षत्र (भव ना एएए शुक्रव निताम रूप्य ना।

আন। বিরাট, ক্ষাস্ত হও, খনেশাসুরাগরহিত বাঙ্গানীদের কপালে বা আছে তাই হক।

বিরা। আনন্দ, অমন কথা বলও না, তারা স্বদেশীর। তাদের ছংখে প্রাণ কেঁদে উঠে। যা সংকর করেছি করব। একবার দেখব বঙ্গে জীবন আছে কি না, পুরুষত্ব আছে কি না? আমি ঘরে ঘরে পিরে হাতে ধরে পারে ধরে সকলকে যুদ্ধে আহ্বান করব, একবার দেখব বঙ্গভূমি হতে এমন জনন উঠে কি না যাতে মেন্ডরাজত্ব শীঘ্র শেষ হয়। তোমরা আমাকে বিদার দেও।

হরি। আমি তোমার সঙ্গে যাব।

বিরা। না হরিপ্রসাদ, তোমার রুদ্ধ মাতা আছেন, স্থী আছেন। এ ভরানক সমরে তোমার গৃহ ত্যাগ করা উচিত নর, তোমার গৃহই স্থদেশ। আনন্দমর, তুমিও গৃহে থাক, বৃদ্ধ পিতার রক্ষণাবেক্ষণ কর। আমার পিতা মাতা নাই, বঙ্গভূমি আমার জননী। তোমরা পুলের কার্যা কর, আমিও পুত্রের কার্যা করি।

হরি। না বিরাট, আমি তোমার সঙ্গে যাব।

বিরা। হরিপ্রসাদ, আমার সঙ্গে গিরে আপনাকে বিপদপ্রস্ত করও না।
আমি সাগর হতে হিমাচল পর্যান্ত পর্যাটন করব। মাটে, ঘাটে, রৌজে, বৃষ্টিতে,
অনাহারে, অনিদার কত কট সহ্য করতে হবে। তাকে আবার স্লেচ্ছগণ
দেশ ব্যাপে কেলেছে, পদে পদে প্রাণ-সংশর। অতএব, হরিপ্রসাদ, আনন্দমর,
তোমরা আমার সঙ্গী হতে ইচ্ছা করও না। বিধাতা যদি প্রসন্ন হন আর
দৈন্য সংগ্রহ করতে পারি আমরা তিন জনেই সৈন্যাধ্যক্ষ হব। এস হরিপ্রসাদ, আনন্দমর, তোমাদের আলিঙ্গন করি। (পরম্পরে আলিঙ্গন)
বন্ধুক্ কি নিধি তা বিচ্ছেদারতে আর বিচ্ছেদাতে জানা যার। পরমেশ্বর যদি
দিন দেন, পুনর্বারে মিলন হবে।

ছরি। বিরাট, চললে? আমার প্রণায় তোমার সঙ্গে সঙ্গে চলল।

আন। গৌরব বেমন তোমার সঙ্গী হয়েছেন, সৌভাগাও ভেমনি ভোমার সঙ্গী হউন।

বিরা। গৌরব, সৌভাগ্য বঙ্গমাতাকে ত্যাগ করেছে, পুনর্কার এসে জননীর চরণ সেবা করুক। ৰ্বি। আর একবার আণিক্ষন করি। আরও একবার, আরও একবার। [সকলে বিক্টান্ত।

ভূতীয় গৰ্ভাঙ্ক।

কারাগার।

মহেন্দ্র ও গোপাল বিষশ্বভাবে উপবিষ্ট।

ৰহে। পোপাল, প্ৰাত্তের স্বপ্ন থেটেছে, রাজা হয়েছি। মূর্ধেরা কুলংঝারা-ধনী হয়ে ছরাশাকে প্রবল করে ও শেষে তাহাদের ইহকাল প্রকাল উভয়ই মই হয়। জামি অতি মূর্ধ, স্বপ্ন ধারা প্রতারিত হলেম। জলনা-নির্দ্ধিত কৃহকে পড়ে দর্ববি হারালেম!

গোপা। যথন সাল্বনা অসম্ভব হয়ে পড়ে, তথন আক্রেপই আক্রেপের উত্তর।

মহে। স্পামরা একতে ছুরাকাঞ্কান্থবর্তী হবেছিলান, এখন একত্তে হ্র-বস্থার পতিত হরেছি।

পোপা। একরে বড় হর মনে করেছিলাম, এখন একতে ভ্রলেষ।

মহে। উচ্চপদস্থ ছিলাম, কুকরনায় উচ্চতর করেছিল, চ্ছর্ম্মে রসাতলের নিমতন প্রদেশে নিক্ষেপ করনে।

পোপা। দেই স্থানে উভৱে একত্রে হার্কার করি, ক্রন্তন করি।

ষহে। লা গোপাল, আপনার জন্য জামার চলের জল পড়ে লা। অপমান, অধংপড়ন, মন্ত্রণা জারি সব দহা করতে পারি, কিন্তু জাল্মীয়গণকে বে
অকুল পাথারে ভাসালেম তা মনে হলে উন্মাদ হতে হয়। গোপাল, মান্ত্র্ব
তত আর্থপির নম্ব যত লোকে বলে। ও—হ! রাজ্বলী করব আশা দিরেছিলেম, এখন কি দশা হ্রেছে কে বলতে পারে ? একবার তা জামতেও
পারলেম না। গোপাল, সেই অভাগিনীর কথা মনে হলে চথের জল নিবারণ
করতে পারি নে, আমিই অভাগিনী করলেম।

গোপা। আপনকার চথের জল পড়ছে, আমার দে শান্তিও নাই

ভারা কি জীবিত আছে ? কেউ দেখবার নাই, চুটী জীলোক যাত্র, কনাটী বিষয়। (মীরব)

মহে! মহীকুমারীকে মনবেদনা দিরেছিলেম, তারই বুঝি কল কলল? মহীকুমারি, তোমার অপমান করে তোমার অগ্নীর জননীর মনঃপীড়া দিরেছি, এ বুঝি তারই প্রতিকল?নারাণ, ডুই কি কলাই বলেছিলি, "দিদি ঠাকুরানীর সঙ্গে সঙ্গে এ বাড়ীর লন্ধী হাড়ল''। হা রাজমহিনি, তোমার অন্থপ্রহের অক্টিত কাজ করেছি, এ তারই ফল। মহারাজ আমার মহীম দেবার সমর বলেছিলেন "আমি বেন বলবাসীদের সুখ বৃদ্ধি করে মহারাজকে সুখী করতে পারি "। বলবাসীদিগকে সুখী করলেম, মহারাজকে সুখী করলেম, নিজেও সুখী হলেম! ইহ জ্যোই পাণীর মরক জোগ হয়।

গোপা। স্থান-শক্তি আয়াদের প্রম শক্ত। যথন যুদ্ধে আছত ছই, তথন নৃতন আয়াত দিতে প্রের্ড হর।

মহে। আমি দ্বরণ শক্তিকে দোব দিই না। আপন দোবেই আপনারা মরি। গোপাল, যুদ্ধে প্রাণ গেলে পৌরক্ক রেখে খেতে পারতেম। ছরা-কাঞ্কার সব নউছল। প্রথমে ছ্রাকাঙ্কা,পরে ছ্র্ম,শেবে ছ্রবছা, ছ্র্ডাবনা, ছ্রাম। বিব বৃক্তের ছুল, ফল, পাতা, ছাল, ছালা, বাতাস সবই বিহাকে।

বক্তিয়ার খিলিজির প্রবেশ।

বক্তি। বোড়া বিশাস-বাতক, এখন ছজনে একত্রে কি বড়বন্ত করা হছে ? তোমাদের সন্ম বৃদ্ধির পক্ষে এই কারাপারের পরাধিরা অভ্যন্ত সূল, ভালতে পারবে না।

মতে। কুবৃদ্ধির বশীভূত হয়ে বিখাস-ঘাতক হয়েছি কিছ স্থাপনি দিপ্-বিজয়ী বীয়পুক্ষ হয়ে আগাদের প্রতি কি উচিত ব্যবহার করেছেন ?

বঞ্জি। তোমাকে সিংহাসন দিলেম না সেই কৰা ?

महा जाता, है।

বক্তি। আমি কেমন করে তোমাকে বিশাস করি ?

ৰতে। জানি ৰাজ্যাদেনের নিকট বিশাস্থাতকতা করেছি বলে কি আপনকারও নিকট বিশাস্থাতক হব ?

বক্তি। বে ব্যক্তি বলাতীর, সংখাবলদী, পরমোপকারক প্রভুর নিকট

নেমকছারামী করেছে সে ভিন্নজাতীয়, ভিন্নধর্মাবলথী বিদেশীয়ের নিকট কেমন করে বিশাসী হতে পারে ? তুমি সহত্র সপথ করবেও তোমাকে বিশাস করতে পারি নে।

মহে। আমি রাজ্য দিরেছি, তথাপিও আমাকে বিশ্বাস করতে পারেন না? বক্তি। সেই জনাই তোমাকে আরও অবিশাস করি।

মহে। আমি স্বীকার করি যে লোভে পড়ে বিশ্বাস বাতক হয়েছি কিন্তু । বদি সে লোভ চরিতার্থ হয় তবে আর অবিশ্বাসী হব কেন ?

ৰক্তি। লোজী অবিখাদী হয়, আর অবিখাদীর নৃতন লোভ হতে কজকণ ? তোমরা বাবজ্জীবন করেদ থাক তা হলে তোমাদের বিশ্বাদ্যাতকতা প্রকাশ হবে না, বরঞ লোকে তোমাদের জন্য চথের জল কেলবে। আছে।, কাপুরুষ রাজার বিশ্বদ-ঘাতক মন্তি, বিশ্বদ-ঘাতক বলে সকলের নিকট ছণিত হয়ে সিংহাদন লাভ আর লোকের নিকট বিশ্বাদ-ঘাতক না হয়ে চিরকাল ক্ষেদ থাকা, এ ছইয়ের কোনটা ভাল ?

মহে। কোনটাই ভাল নক্ষ। কিন্ত ছটাই আমাদের ভাগো ঘটেছে?
বজিন। পূর্ব্বে এ বিবেচনা হয় নি কেন ? করে ভাবা অপেকা ভেবে
করা বৃদ্ধিমানের কার্যা। যাক, ও কথায় আর প্রয়োজন নাই। মৃদ্ধি, আমি
তোমাকে সিংহাসন দিতে পারি, যদি তৃমি বিশ্বাস-ঘাতকতা পাপের প্রায়ন্টিত্ত
করতে পার?

মহে। উচিত প্রায়শ্চিত্তের আর অবশিষ্ট কি ?

বক্তি। আমি তোমার প্রার্থনা পূর্ণ করতে পারি, যদি তুমি আমাদিগের সভাধর্ম অবলয়ন কর।

মহে। আমার রাজ্যলাভে প্রয়োজন নাই। স্বধর্ম ত্যাগ করতে পারি নে। চিরকাল কারাক্রন্ধ রাথ, আর প্রাণদণ্ড কর, আমি স্বধর্ম ত্যাগ করব না। আমার অর্থনিক শরীর পাপে ডুবেছে, মেছে ধর্ম অবলম্বন করে মহাপাতকে সম্পূর্ণ নিময় হতে পারি নে।

বজি। তোমার ইংকাল ওপরকালের হিতের জন্য এ কথা বলেছিলেম। অস্বীকার হয়েছ ভালই, মৃত্যু পর্যান্ত কারাগারে বাস কর।

मरह। ७ ह! मूत्रवमान धर्षावनश्रीत এই क्रथ आठत्रवहे वरहे।

বক্তি। (গোপালের প্রতি) সরতানের সঙ্গী সরতান, ভূমি মুসলমান হতে খীক্ত আছি ?

গোপা। এক্ষণই—যদি আপনি আমাকে রাজত্ব দেন, তা নাইবা হল যদি একটী উচ্চ পদ দেন।

মহে। ধিক গোপাল, ভূই এত বড় নরাধম, স্বার্থের জন্য স্বধর্মও ত্যাগ করতে পারিস। তোকে এত দিনে চিনলেম।

গোপা। তুমিই তো আমার সর্বনাশ করেছ ?

মহে। আমিই তোর সর্বানাশ করেছি ? আমি যত বার ছরাশাকে আতি-ক্রম করতে চেষ্টা করেছি, তুই তত বারই তাকে প্নকতেজিত করে দিয়ে-ছিল।

বক্তি। ছন্দংশ্রের সময়ের মিত্রতা বিপদকালে বিসন্ধাদের কারণ হন্ন, পর-মেখবের এই নিয়ম। এখন কান্ত হও।

গোপা। আজ্ঞা, কান্ত হলেম, আপনি যা বলবেন মামি তাই করব।

মহে। আমি আর তোর মুধ দর্শন করব না। (ক্রোধের সহিত কারা-গারের অন্য দিকে গমন)

গোপা। জনাব, আপনি যা অত্মতি করেন এ দাস তা করতে প্রস্তুত। আমি মুসলমান হচ্ছি, তার পর যদি বলেন যে যাও বঙ্গদেশের যত দেব-মন্দির, দেবদেবীর প্রতিমৃত্তি আছে চূর্ণ কর গিরে, আমি তার জন্য প্রস্তুত।

বজি। বন্ধহতা করতে প্রস্তুত

গোপ।। আজা, হা।

বক্তি। গোহত্যা করতে প্রস্তুত ?

গোপা। আজা, হা।

মহে। নর-পিশাচ, ক্ষান্ত হ, আর গুনতে পারি নে।

বক্তি। যে লোভে পড়ে স্বধর্ম ত্যাগ করে স্বধর্মবিশ্বেরী হতে পারে সে বিশ্বাস-ঘাতক অপেকাও অধম। আমি এমন ব্যক্তিকে পিজ্মদ্পারও রাধিনে।

গোপা। (স্বগত) যার মন বোগাতে বাই সেইই ফিরে বদে! পরের মন যে বোগাতে যায় তার ইহকালও নাই, পরকালও নাই।

বক্তি। আপাততঃ তোমাদের কারও কারাগার হতে নিছতি নাই।

भटक्। क्षिक, अशिर्मिक नदावम!

[প্রস্থান।

গোপা। তুমিও কম অধার্মিক কি? অধর্ম যে করতে পারে তার নিকট হিন্দুধর্মই বা কি, মুসলমান ধর্মই বা কি?

[अन्य निक निहा निक् मन।

চতুৰ্থ গৰ্ভাম্ব।

পান্ধশালা। লাক্ষণ্যসেন শায়িত, পার্ষে গোনিন্দ ভটাচার্য। লাক্ষণ্যসেনের চরণ অঙ্কে ধারণ করিয়া ত্রন্ধয়ী উপবিউ।

বান্ধ। (কাতর হরে) শুক্রান্ধে আপনাকে বলবেন কি? বলতে পারছেন না কেন? বলবেন আমার চরম কাল উপস্থিত? এ শুভ সংবাদ দিতে সংকৃতিত হচ্ছেন কেন? আর আমার তা জানতে হবে না। ইক্সিরগণের নিকট জপং লোপ হঙ্গে আসাছে। তবুও জামাকে একবার উঠিকে বসান।

গোরি। (লাক্ষণাদেনকে অর্থ উপবিষ্ট করাইরা) এই ঔষধটা ধান।

লাক্ষ। ঔষধ আর থাব না। যার বঁচেকার আশা বা ইচ্ছা খাকে, সেই ঔষধ থায়। আমার ছ্ইয়ের কিছুই নাই। গুরুদেব, ঔষধ থেতে অফুরোধ করবেন না।

त्रका। कथा करें एक कहे राष्ट्र, कथा करें 9 ना।

লান্দ্র। আমার মনে বে কল্পা তা সৃত্যুবন্তণা অপেকা অধিক। আমার শরীরের কট বাড়ুক আর কন্ত্র, ভাতে আনে বার না।

बक्षा अक्षेत्र क्षा (स्व १

লাকা। কি গলাজন?

ব্ৰন্ধ। (দীৰ্ষ নিশাস ত্যাগ করিয়া) আহা ! আহরা কি এখন নবহীপের রাজ অটালিকায় আছি কে ইচ্ছা করলে গঙ্গালক পাব ? লাকা। তবে ও জল ধাৰ না, জিহবা পুড়ে গেলেও ধাব না—পরীরের জার বদ্ধ কেন ? এ জলে ত পার্রত্তিক মঙ্গল হবে, না।

বন। খাও, একটু খাও।

নাল। তবে, গুরুদেব, এই জল পাদম্পর্শ করন। (পাদম্পূট জল পান। করিরা) আহা, এই জলে আমার শরীর মন পবিত্র ছল। জল একটু মাধার ছিটিরে দেও। গুরুদেব, সকল রাজার প্রাণ ত্যাগ করেন, সকল মাত্রবার মতে—আমার মত মনতাপের সহিত কি কেউ ইহ লোক পরিত্যাগ করে?

গোবি। পাপীর মনকট হন্ন, আপনার কেন হবে ? আপনি ন্যান্তপরারণ প্রকাবৎস্ব ছিলেন।

নান্ন। ন্যায়পরারণ হলেই বা কি আর প্রজাবৎসন হলেই বা কি? রাজার পকে কাপুক্র হওয়া অপেকা আর গুরুতর পাপ নাই। আমি সহজে মেছের্গুণকে রাজ্য সঁপে নিলাম, প্রজানিগকে হুঃখার্গবে ভাসালেম। বঙ্গভূমির রক্ত, মাংস, মজ্জা থাকতে মেছেরা তাঁকে ছাড়বে না।

গোবি ৷ বিধাতার নির্বন্ধ-আপনার দোষ কি ?

লান্ত্র। মানবে এইরূপে আপনাদের দোব বিধাতার উপর আরোপ করে। আমি অতি কাপ্রুব। আমার কথা উল্লেখ করে শক্তগণ ছাসবে, স্থাপকগণ আক্রেপ করবে। ভারতবর্ষে অনেক রাজা আছেন—আমার নাার কাপ্রুব কে ? আমি বঙ্গভূমিকে, হিন্দুজাতিকে কলম্বিত করলেন।

গোবি। আপনি ইহকালের নখর মান অপমানের বিষয় ভাবেন কেন ? শত নান্দ্র। গুরুদেব, বার মনে অপান্তি তার পরকালে মন বাবে কেন ? শত সহস্র বংসর পরেও বঙ্গবাসীরা আমার নাম ওনলে আমাকে গাল দেবে আর বলবে 'পৃথিবীর ইতিহাসে লান্ধগ্যসেনের মত কাপুক্র আর একটাও নাই।' স্লেছপীড়নে জরজর হবে আর আমাকে গাল দেবে। শুরুদেব, কত চ্কর্মের ফলে বে কাপুক্র নাম রেখে এ পৃথিবী হতে চললেম বলতে পারি না।

বন্ধ। হরি, তোমা বিনে দীনহীনের আর কি উপায় আছে ?

লাক্ষ। মহিবি, কি অমুতই বর্ষণ করলে !

ব্ৰহ্ম। দীনের কাণ্ডারী আহিরির চরণ থ্যান কর, তা হলে সকল শোক তংগ চলে যাবে। হরি, তোমা ভিন্ন আর কাউকে জানি না। লান্দ্র। (কিঞ্চিৎ নিজাবেশের পরে) আমার নিতে এসেছ ? বৈকুঠিধাম হতে পুশারথে করে আমার নিতে এসেছ ? আমি কাপুরুষ, আমি সেথানে যাবার উপযুক্ত নই, তোমরা যাও। (নিস্তন্ধ) আমি কাপুরুষ বলে সকলে আমাকে ছেড়ে গেছে ?

ব্রহ্ম। এই যে আমি চরণতলে বসে আছি। আমি জন্ম জন্মান্তরে তোমা ছাড়া হব না।

লান্ধ। (চকু উন্ধীলন করিয়া) মহিষি, প্রাণের বিরাটও কাপুরুষ বলে আমাকে ছেড়ে গেছে। বিরাট, অমুচিত কাজ হয় নি।

- অহ্ন। বিরাট, এ সময় ভূমি কোথায় ? (নিস্তব্ধ হইয়া রোদন)

শান্ন। গুরুদেব, আমরা শ্রীক্ষেত্র হতে কত দূরে ?

গোবি। এক দিনের পথ।

লাক্ষ। এত নিকট এসেও দর্শন হল না? এ হতভাগ্যের প্রতি প্রভুও বিমুখ!

গোবি। মহারাজ-

লাক্ষ। আপনিও আমায় মহারাজ বলে উপহাস করছেন ? কাপুরুষের প্রতি ত্রিজ্ঞগৎ বিমুধ।

গোবি। মহারাজ-

লাক্স। গুরুদেব, মার্ক্জনা করুন। আপনি আর আমাকে অমন করে বস্তুণা দেবেন না।

গোবি। এখন পরমেশ্বকে শ্বরণ করুন-

লান্দ্র। পরমেশ্বর কি আমায় মার্জনা করবেন ?

ব্রহ্ম। হরি, তুমি ত দরার সিদ্ধু। তোমার শরণ নিলে শত জায়ের পাপ মোচন হর।

লাক্স। হরি, দরাময়—কুপাসিক্স—দীনের গতি—

[নেপথা।] হাবঙ্গ, হাবঙ্গ, হাবঙ্গ---

লান্ধ। হা বন্ধ--- লান্ধণানেন ভোমার বৃকে ছুরী দিয়েছে। কে স্থাসছ---লান্ধণানেনকে তিরম্বার করতে ? এস, এখনও লান্ধণানেন জীবিত আছে। গোবি। বিরাট ?

বিরাটসেনের প্রবেশ।

बन्न। बावा এग्रह १ (तामन)

লান্ধ। বি—রা—ট, কাপুরুবের মৃত্যু-বছণা দেখতে এনেছ? বাবা, কাপুরুব লান্ধণ্যনেন চির্ত্বারী কলঙ্ক রেখে চল্ল।

বিরা। হা, ছ্রাচার যবনগণ ! দেখ তোরা লোভপরবশ হ**রে ধর্ম-**স্বরূপ বঙ্গাধিপতির কি ছর্মনা করেছিন ! আজি পাছশালার বঙ্গেমারের এই ছরবস্থা।

লাকা। বাবা, এদ একবার আলিক্সন করি। (আলিক্সন) বীরপুক্রের আলিক্সনে কাপুক্রের সর্বাক্স শীতল হল। আমি তোমার রাজ্য দিয়ে পর-লোক গমন করব মনে করেছিলাম, এখন দিয়ে চললেম, ন রাজ্য, ন সম্পাদ— শুদ্ধ মর্ম্মতেলী হৃংখ ও মনঃপীড়া। বাবা, আমি যাই। শরীর অবদর হল। বিরাট, কাপুক্র লাক্ষণাদেনের শত দোব মার্জ্ঞনা কর। ইউদেব, আমার শত দোব মার্জ্জনা কর। কিন্তু বঙ্গ, তুমি আমার অপরাধ মার্জ্জনা করেত পার না। বঙ্গ বিনাশ করে চললেম। হরি, নিস্তার করে। বিরাট, বাবা যাই। হরি, হরি, হরি, হরি

গোবি। বিরাট, নাভিশাস হয়েছে। দেখ বাহিরে কে আছে, বিলয় নাই।

লান্ন। বন্ধ---(মৃত্যু)

(লাক্ষণ্যসেনের চরণে ত্রক্ষয়ীর মন্তক স্থাপন।)

বিরা। কাকা, গেলে ? ও—হ! (রোদন করিতেং) তোমার মত প্রজাবংসল রাজা কি বঙ্গ দেখেছে ? তুমি কি না হুর্নাম নিবে সংসার হতে চলে গেলে! কাপুরুষদিগের কুপরামর্শের এই কল। তাদের ইহুকালও নাই, পরকালও নাই।

গোবি। (বিরক্তির সহিত) এইক্ষণ পরনিন্দার সময় নর।

বিরা। শুরুদেব, আপনি জানেন না কি ছাব আমার হৃদর পেষণ করছে। তা হলে অমন কথা বলতেন না। কাকা, তোমার কোন দোব নাই। তোমার জন্য স্বর্গের হার এতকণ উন্মুক্ত হল। কাকা—কাকা—কাকা—আক্ষেপ রইল, তোমার পীড়ার অবস্থার ক্লেশ্য করতে পারলাম না। পিতা হারিয়েছি, বথন পিতৃত্বেহ বুঝতে পারি নি। তোমার হারিয়ে পিতৃশোক পেলেম।

গোবি। বিরাট, ভূমি বীরপুরুষ, শোকে অধীর হইও না। বিরা। না, গুরুদেব—তবু স্বভাব আপন গতিতে চলে।

গোবি। অথ্যে কর্ত্তব্য সমাধা কর, পরে শোক করও। আমারও হৃদয় শোকে ভারাক্রান্ত হয়েছে। এমন ধার্ম্মিক ও প্রজাবৎসল নরপতি ভারতবর্ষে অরই জন্ম গ্রহণ করেছেন। (জনান্তিকে) বিরাট, রাজমহিষী এথানে রয়ে-ছেন, এঁকে উঠান অতি কঠিন কাজ। তৃমি ধরে ঐ ঘরে নিয়ে যাও। পতিশোক পুত্রশোকের অধিক।

ব্রহ্ম। গুরুদেব, প্রমেশ্বর আমাকে প্তিশোক দেবেন না। এ চরণ যথন আমার বক্ষে রয়েছে তথন আমার শোক হুঃথ কিছুই নাই। আমাকে ও ঘরে নিয়ে যেতে বলছেন কেন ? আমি এ চরণ ছাড়ব না, যতক্ষণ না দেহ ভশ্মশাৎ হবে।

গোবি। বিরাট, রাজমহিবী অমুমৃতা হবেন সংকল্প করছেন। কলিতে সহমরণ প্রথা এক প্রকার উঠে গেছে। জীবিত অবস্থায় চিতায় দগ্ধ হওয়া সহজ্প নয়। ব্রহ্মচর্য্য অবলম্বন করে স্বামীর পারলৌকিক মঙ্গলোদ্দেশে সংক্রিয়ামুষ্ঠান করা কর্ত্ব্য।

ব্রন্ধ। গুরুদেব, আমি কি জীবিত আছি? আমার আয়া প্রভুর সঙ্গে চলে গেছে, শরীর মাত্র পড়ে আছে। শরীর দগ্ধ হবার কট অফুভব করবে কে? কটের কথা বলছেন ? এই দেখুন। (সন্মুখন্থ প্রদীপে অসুলী দগ্ধ করা) ব্রন্ধচর্যোর কথা বলছেন কি? প্রভুই আমার ব্রন্ধচর্যা, প্রভুই আমার স্বর্গ। আমি প্রভুর সদে গিরেছি, আমার শরীর দাহ করন।

গোবি। ধন্য সাধিব ! কলিকালে আপনাদের গুণেই পৃথিবী রয়েছে। আপনার যে অভিপ্রার তাই হক। ছরিপদ ভরসা—হরি তুমিই সত্য। ওছে, তোমারা সকলে এস, সংকারের আরোজন কর। বিলম্ব করও না।

ক্রম। গুরুদেব, আমার সক্ষে বে অর্থ আছে, আপনি সমুদার নিন। বিরুটি, এ অল্কারগুলি মন্ত্রীর কন্যা মহীকুমারীকে দিও। না জানি মন্ত্রীকরের কি মুর্কুদাই হরেছে। (শরীর হইতে অল্কার যোচন)

চারি জন লোকের প্রবেশ ও খটা লইয়া প্রস্থান।

গোৰি। অসার মারামর সংসার। হরি। তুমিই সার। লাক্ষণ্যসেন লোকাস্তরিত হলেন, আমিও তীর্থবাসী হই গে।

নিজার।

পঞ্চম গর্ভাক্ত।

গঙ্গাতীর।

তিন জন মুসলমান সৈনিকের প্রবেশ।

প্র, মৈ। আমরা গিয়েছিলাম সাত জন একত্রে, ফিরে এলেম তিন জন। এই এক বিরাটসেনের জন্য চারি জন মারা গেল।

দ্বি, সৈ। তব্ও কাফেরটার নিশানা হল না।

ভূ, সৈ। কোথায় রংপুর, কোথায় কুচবেহার, রাজ্যি ধুঁভে এলেম, তবুও বদমায়েশকে খুজে পেলেম না। ও কিছু জাহ জানে, তাই কোথায় স্কিয়ে জাচে।

দ্বি, সৈ। পদার উত্তর পারে সে নাই।

প্র', দৈ। দে কি আর বাঙ্গালা মূলুকে আছে ? তা হলে দরিয়াকোড়া কালে পডতই পডত।

ভূ, সৈ। এত ভকলিব মিছে হল, এখন বক্তিয়ার খিলিজিকে কি বলি? খুজে পাই নি ৰললে আগুন হয়ে যাবে।

প্র, সৈ। আগুন হরে বান আর পানি হরে বান, আমাদের এক বাজ ছাড়া দোসরা বাত নাই। আমাদের কাম করেছি, তাতে কোন গাফিলি করিনি।

षि, रेप्त । निम्हियां त्थामां नित्य मिर्द्याहन छाँदै इरव । मह बांख ट्या रम भारेका होन ।

ভূ, দৈ। রাত অনেক হরেছে, চল ঐ গাছ তলার পিরে একটু খুমাই। দ্বিরার থারে, ভাল জারগাটা। षि, देम । ' ठल, शांठीय वड़ नतन हत्यटह्।

[मकरल निक् शि

विद्रार्धेत्मदनद्र अदर्भ।

বিরা। (স্বগত) আক্ষেপ রাখি কোথায় ? সমস্ত বাঙ্গলার দশটী লোক পেলেম না যারা আমার কথার অস্ততঃ একবার গা ঝাড়া দিয়ে উঠল। এরা যেন কোন কালে স্বাধীন ছিল না-স্বাধীনতা গেছে যেন পায়ের নথ মাথার চুল ফেলে দেওয়া হয়েছে। কোটী বাঙ্গালীর মধ্যে দুশ জন স্থদেশ উদ্ধারের জন্য প্রাণ দিতে প্রস্তুত নয়। প্রাণে এত মমতা ? ছদিনের নিশ্বাস প্রশ্বাস কি এত বড় হল, আর স্বাধীনতা কিছুই নয়! বাঙ্গালীরা কি জীবিত प्यारह ? ना, তाদের গতি বিধি আছে, আহার বিহার আছে, জীবন নাই। আক্রেপে শরীর পুড়ে যায়। আমার উপহাস করে উড়িরে দিলে। গম্ভীর স্বরে বললে ' মিছে মারামারী করে কেন ধনে প্রাণে মারা যাব' ? আমাকে নিরস্ত ছতে পরামর্শ দিলে । আক্ষেপে বুক ফেটে যার। কাপুরুষের পরামর্শে মহারাজ রাজ্য ছেড়ে দিয়ে ভগ্ন হৃদয়ে প্রাণত্যাগ করলেন। কাপুরুষ বাঙ্গালীরা মেচ্ছের দাসত্ব স্বীকার করলে—একবার তোদের মনে হল না যে নিষ্ঠুর স্লেচ্ছেরা তোদের সম্ভান সম্ভতিগণকে পুরুষ পুরুষামুক্রমে চরণ তলে দলন করবে। ধিক বঙ্গ-বাসীগণ! তোরা মাতৃভূমির হু:থে উদাসীন হলি ? মাতৃভূমিকে একেবারে ভূলে কুসস্তান, আর্যাক্সাতিকলক। কেন অভাগিনী বন্ধমাতা তোদের জন্ম দিয়েছেন, কেন তোদের ক্রোড়ে ধারণ করে রেখেছেন, কেন তোদের শরীর পুষ্টির জন্য শস্য উৎপাদন করছেন ? যে দেশে জল নাই, বায়ু নাই, শস্য ফল নাই, তাহাই তোদের বাস যোগ্য। বন্ধমাতা। তুমি অতুল সৌন্দর্য্য ও ঐশ্বর্ধানালী হয়েছ কি এই কাপুক্ৰদিগের জনা ? তোমার শত শত নির্মাল-সলিল নদ নদী প্রবাহিত হচ্ছে কি এই কাপুরুষদিগের জন্য ? তোমার স্থপ্রসন্ত ক্ষেত্রসকল বিবিধ-শস্য-স্থশোভিত হয়েছে কি এই কাপুরুষদিগের জন্য ? তোমার কোটা সস্তান, তবুও তুমি নি:সহায়। তুমি স্থাধের আবাস-ভূমি, তবু তোমার ছাথের সীমা নাই। আক্ষেপের কথা কাকে বলি ? বঙ্গভূমি, আমি ভোমার অঞ্জী সম্ভান, কিছুই করতে পারবেম না, ভোমার বক্ষের উপর ছরাচারেরা দম্ভের

সহিত বিচরণ করছে, কিছুই করতে পারলেম না। তোমার হন্ত পদ শৃত্যলৈ বাঁধলে স্বচক্ষে দেখলেম, কিছুই করতে পারলেম না। কতক গুলীন কাপুরুব সন্থান নিরে পরাধীন হলে, চিরস্থাী চিরস্বাধীন থেকে শেবে দীনছঃখিনী হরে করবোড়ে পরের মুথের দিকে তাকিয়ে থাকতে হল, কিছুই করতে পারলেম না। তোমার অক্ততী সন্তান বিরাটদেন তোমার উদ্ধারের জন্য ছারে ছারে বেড়ালে, তব্ও কিছু করতে পারলে না। তাই আজ এখানে একাকী হাহাকার করছে। আর জীবনে কি প্রয়োজন ? স্বদেশ উদ্ধার হল না, আর জীবনে কি প্রয়োজন ?

মুসলমান সৈনিকত্রয়ের পুন:প্রবেশ।

প্র, সৈ। কে তুই ?

বিরা। আমি বিরাটদেন।

প্র. সৈ। কাফেরকে পেরেছি।

ছি, সৈ। খিরে দাঁড়াও, যেন পালার না।

তৃ, দৈ। গেরেফতার কর। [ধরিতে চেষ্টা]

কিরা। ওরে কুন্ত শত্রুগণ, চলে যা, আমাকে ধরতে চেটা করিল নে। তোদের মেরে কি হবে ৭ বঙ্গভূমি ত স্বাধীন হবেন না।

প্র, দৈ। কাফের, ভোর মুথে এত বড় কথা ?

विज्ञा । निट्कींश, हरण या, व्यामि व्यकांत्रण नेक विनान कत्रव ना ।

প্র, সৈ। তোকে কোন মতে ছাড়ব না, বড় তকলিবের পর ভোকে পেরেছি। (ধরিতে চেষ্টা)

বিরা। (অসি নিছোবিত করিরা) তকাত রও।

প্র, সৈ। সরতান, যখন তোকে পেরেছি তখন কোন মতেই ছাড়ব না।
ও দিকে যাও, খবরদার বেন পালার না।

ৰিরা। আমাকে স্পর্শ করলেই মৃত্যু।

व्य, रेत । भूत्रमभानरक जब स्मर्शाल रत्न खारन ना ।

বিরা। অনিজ্ঞার যুদ্ধ করতে হল। কুলু শক্ততে বড় বিরক্তা করতো। এখন আত্মরকা কর।

চতুৰ্থ অশ্ব।

[যুদ্ধারম্ভ ও প্রথম দৈনিকের মৃত্যু।]

কেন ইচ্ছাপুর্বক মারা গেলি ?

ত, সৈ। মার, কাফের বাচ্চা সমতানকে মার।

ं कि, देन। मार, मात्र, मात्र, मात्र।

[যুদ্ধ ও অবশেষে বিরাটসেনের আছত হইয়া ভূতলে পতন।]

বিরা। বিরাটদেন আহত হয়েছে, কিন্তু মরে নাই। (তরবারি উস্তোলন করিয়া আত্মরকা)

বক্তিরার খিলিজির প্রবেশ।

👚 ৰক্তি। আমার তাঁবুর নিকট কিদের গোলমাল ?

षि, সৈ। সমস্ত বাঙ্গালা ঘুরে ঘুরে শেষে বিরাটসেনকে এখানে পেরেছি।

বক্তি। এই মহান্মা বিরাটসেন? কে এঁকে আহত করেছে ?

षि. देश । (थामावन्स, नकत ।

বক্তি। করেছিদ কি?

ি বি, সৈ। এ নাজির উদ্দিনকে মেরে ফেলেছে। সেই জন্য আমি একে জ্বম করেছি। কোন মতেই পাকড়া করতে পারি নি।

বক্তি। উনুক, কে তোকে এ কান্ধ করতে আজা দিলে ?

বিরা। ৰক্তিয়ার খিলিজি, একে আর তিরস্কার করও না।

ৰক্তি। তুই জানিস নে যে বিরাটসেন এখন আমার পরম বন্ধু ?

ছি, সৈ। আমরা গিয়েছিলেম পদার পার, কেমন করে জানব ?

বক্তি। আমি তো চতুর্জিকে এ সংবাদ পার্টিয়েছিলাম, তোরা জানতে পারিস নি ?

वि, रेप । ना जानाव । आमारमञ्जू कञ्च मां भक्त ।

বক্তি। মহাত্মা বিরাট, তুমি আহত হরেছ?

विता। इतिहि, उज्जना इःचिउ इरेड ना।

ৰক্ষি। আঘাত তো সাংঘাতিক নয়?

বিরা। সাংঘাতিক, কিন্তু তার ক্ষতি নাই।

বক্তি। তোরা যা আমার তাঁবুতে। দেখানে বে ছ জন করেদি আছো। তাদের নিয়ে আয়। বাঙ্গালা স্বাধীন করবার চেষ্টা করেছিলে ?

[रेमिनकद्दार श्रीकान।

विता। शां। (नीर्धनियाम)

বজি। বাঙ্গালীরা যুদ্ধ করবে?

্বিরা। ও কথা জিজাদা করও না, উত্তর দিতে লজ্জা হয়।

বক্তি। মহাত্মা, তোমার কি আর বাঁচবার ভরদা নাই?

বিরা। না। সে আহলাদের বিষর। বঙ্গের অধীনতা অধিক দিন দেখতে হল না।

বক্তি। বঙ্গপরাজয় করে তোমার মনে বড় কট দিয়েছি, সে দোষ মার্জ্জনা কর।

বিরা। আমি নিজে তোমার বারা উপক্তত, তজ্জন্য আমি তোমার নিকট নিতাস্ত বাধিত। কিন্ত তুমি যে বঙ্গ জয় করেছ, সে দোষ অমার্জ্জনীয়, সেই জন্য এখনও তুমি আমার পরম শক্ত।

বক্তি। আমি অঙ্গীকার করছি আমি বাঙ্গালীদের উপর পীয়ন করব না, তাহলেও কি আমার দোব মার্জনা করবে না।

বিরা। তুমি আমার ধনাবাদের যোগ্য। পররাজ্যাপহারীদিগের মধ্যে তোমাকে মহত্তম বলতে পারি। কিন্তু তোমার দোব মার্জ্জনা করতে পারি না।

বক্তি। তুমি আমাকে এখন মিত্রুল্য জ্ঞান করছ তো?

বিরা। ভূমি মহতের দৃষ্টাক্ত জল। কিন্তু আমার মাতৃভূমি যে **জর করেছে** যে কথনই আমার মিত হতে পারে না।

' বক্তি। ধন্য তোমার স্বদেশাসুরাগ। তোমার কথা শুনে ইজ্ঞা হচ্ছে আমি বাঙ্গালী হয়ে বঙ্গদেশকে স্বাধীন করি।

নিক্ষোষিত তরবারি হত্তে হরিপ্রসাদ ও আনন্দময়ের প্রবেশ।

ছরি। কে বিরাটকে মেরেছে? বিরাট কই, বিরাটের শক্ত কই? এই? হ্রাচার, তুমি জান না বিরাট কে? বিরাটের অদ্ধাঙ্গ হরিপ্রসাদ এখনও জীবিত দাছে। বক্তি। আমি জানি বিরাট কে। বিরাট মন্ত্রা জাতির শিরোভ্রণ! এও বলি বিরাটের অর্জাঙ্গ হরিপ্রসাদকে আমি ভর করি না।

হরি। আমি তোকে এখনই যমালয়ে পাঠাব। (মারিতে উদ্যত)

বিরা। হরিপ্রসাদ, থাম, থাম, কর কি ? তরবার কোষিত কর। বক্তি-য়ার আমাকে আহত করেন নাই, বরং এতক্ষণ জীবিত রেথেছেন।

হরি। স্লেচ্ছ পেলেই মারবে, মহৎই হক আর নীচই হক।

বিরা। ক্ষান্ত হও। মৃত্যুকালীন আমার এই অফুরোধ রক্ষা কর।

হরি । ক্ষান্ত হলেম। বিরাট, রক্ত দরদর করে পড়ছে—এ কোন ছরা-চারের কার্য্য ?

বিরা। ছরিপ্রসাদ, বঙ্গভূমিকে স্বাধীন করতে পারলেম না—আনন্দময়, বাঙ্গালীতে কোন পদার্থই পেলেম না। কেউ একবার বললেও না 'মুক্ষ করব'।

বন্দীর অবস্থায় মহেন্দ্র ও গোপালের প্রবেশ।

বিরা! এ কারা ? মন্ত্রীমহাশয়, আপনারও এ ছর্দশা ?

বক্তি। কুলাঙ্গারকে কয়েদ হবার কারণ জিজ্ঞাসা কর।

হরি। হরিপ্রসাদের পূজনীয় ব্যক্তিকে যে এইক্লপ কটু কথা বলে আমি শ্বহস্তে তাহার মন্তক ছেদন করি। (মারিতে উদ্যত)

বক্তি। (আত্মরক্ষা করিয়া) উদ্ধত বালক, তোমার পূজনীয় ব্যক্তির উত্তর শুন। মন্ত্রি, উত্তর দেও।

মহে। বক্তিয়ার থিলিজি, আমায় মেরে ফেল।

বক্তি। মহাত্মা বিরাট, এই এক বিশ্বাস-ঘাতক, এই আর এক বিশ্বাস-ঘাতক। উভয়েই বডযন্ত্র করে বাঙ্গালার স্বাধীনতা নষ্ট করেছে।

বিরা। কি বললে বক্তিয়ার খিলিজি । তুমি অতি মহৎ নচেৎ তোমাকে মিখ্যাবাদী মনে করতেম।

বক্তি। মন্ত্রী মহেক্স ও তার অন্তচর গোপাল বিশ্বাস্থাতকতা করে—

মহে। বক্তিরার থিলিজি, আর না। যুবরাজ, আমি বিশ্বাস্থাতক, ঘোর
বিশ্বাস্থাতক। রাজ্যলোভে আমি মুসলমানদিগের হাতে বঙ্গরাজ্য সমর্পণ
করেচি।

বিরা। ও—হ, বিশাস্থাতকের হাতে বঙ্গরাজ্যের পতন হল, বঙ্গের স্থাবসান হল।

হরি। (মহেক্রের হস্ত ধরিয়া) বিশাস্বাতক, আমি তোর প্রাণ সংহার করব। তুই আমার পিতা হলেও এই ভয়ানক অপরাধের জন্য তোর মস্তক ছেন্ন করতেম।

বিরা। হরিপ্রসাদ, গুরুজন বধের পাতকে কলন্ধিত হইও না।

হরি। রেখে দেও তোমার শুরুজন। বিশ্বাস-বাতক, ছুরাচারকে জীবিত রাখব না। তুই স্লেচ্ছ অপেকা অধম।

বক্তি। হরিপ্রসাদ, নিরস্ত হও।

আন। হরিপ্রসাদ, কর কি ?

মহে। হরিপ্রসাদ, আমাকে বধ কর, গুরুজন বধের পাপ হবে না।

ভূমি পৃথিবীর ভার মুক্ত কর।

হরি। যে আপন কন্যাকে অপমান করে, আপনার বাটী হতে বহিছত করতে পারে সে স্বদেশের সর্ব্ধনাশ করবে আশ্চর্য্য কি !

বিরা। হরিপ্রসাদ, ক্ষান্ত হও। আমার মরণ সমরের অকুরোধ রক্ষা কর। হরি। ক্ষান্ত হলেম। বিশাস-ঘাতকের ছারার আমাদের সর্কনাশ হল। বিশ্বাস-ঘাতক, তোরই জনা ঘরে ঘরে হাহাকার ধ্বনি উঠছে।

বিরা। বক্তিয়ার থিলিঞ্জি, এদের ছেড়ে দেও।

হরি। কেন ? এরা কারাগারে পচে, খদে, গলে মরবে।

বিরা। বক্তিয়ার থিলিঞ্জি, এদের ছেড়ে দেও।

বক্তি। আমার ইচ্ছা ছিল এদের সর্ব্বত্রে নে যেতেম, আর সকলকে বলতেম, এই অন্তুত জল্প বাঙ্গালার জলেছে। এদের নাম বিখাদ-ঘাতক। কিন্তু তোমার কথা ফেলতে পারি নে। এদের ছেড়ে দেও। এখন বেখানে খুদি দেখানে যাও।

হরি। দূর হ—পাপীঠ বিশাস্থাতকগণ! গলার দড়ী দিরে মরগে। [গোপালের আত্তে আত্তে প্রস্থান।

মহে। আনন্দমর, আমার দ্রী কোথার ?

আন। তোমার পাপের বিষময় ফলের কথা শুনবে ? তিনি উন্মাদ হয়ে। প্রাণত্যাগ করেছেন।

মহে। এক জনের বিখাদ ঘাতকতার এত ফল হল। কি আগুনই জাল-লেম। চারিদিক দক্ষ হল। ও—হ! (উপবেশন ও শিরে করাঘাত) পরমে-শ্বর, তুমি এ দোবীকে মার্জ্জনা করও না। দণ্ড দেও। যুবরাজ, মহারাজ কোথায় ?

বিরা। পরলোকে। তুমি তাঁকে এ সংসারে থাকতে দিলে না।

মহে। রে পাপাত্মা মহেন্দ্র, তোরই এই কীর্ত্তি! যুবরাজ, আমি তোমা-কেও মারতেম। যুবরাজ, যুবরাজ—(লম্বমান হইয়া বিরাটের চরণে পতন)

বিরা। ওঠ, আমি তোমাকে মার্জনা করলাম। তুমি এমন করে আর কাতরো না, আমাকে আর অস্থির করও না। আমি যাই। (মহেল্রের এফ পাখে নীরব হইয়া উপবেশন) ভাই হরিপ্রসাদ, ভাই আনন্দময়, বজিয়ার ধিলিজি, আমি যাই বিদায় দেও।

সকলে। (নীরব হইয়া রোদন)

বিরা। বক্তিয়ার, আমার অদ্ধান্ত হরিপ্রসাদ ও আনন্দময় রইলেন, ইঁহা দিপকে মিত্রতুল্য জ্ঞান করও।

विक्ति। अनाश इरव ना।

বিরা। জননী জন্মভূমি, বিদায় হলেন। যদি পুনর্কার ক্রম হয় যেন তোমারই সন্তান হই, কিন্তু তথন যেন তোমার অধীনতা পাশ মোচন হয়। মা, বিদায় হলেম। (মৃত্যু)

মহে। জীবনে আর কাজ নাই। মাগঙ্গা পাতকীকে নেও। (বেগে গমন ও গঙ্গায় কক্ষ প্রদান।)

😁 হরি। হা বিরাট, বিরাট, বিরাট! (মৃতশরীর গাঢ় আলিঙ্গন)

[যবনিকা পতন।



